মুজিব বর্ষে প্রতিশ্রুতি
সুইড বাড়াবে সেবার গতি

# বার্ষিক প্রতিবেদন

## জুলাই ২০২০ – মে ২০২১










সুইড বাংলাদেশ

**সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ**
৪ ও ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন: ০১৩০৮৬২৫৮৭৫, ৪৯৩৫০০২৬, ২২২২২৫৯২, ৪৮৩১৪০০৯, ৪৮৩১৯৪৩৮
ই-মেইল: swidbd@gmail.com, ওয়েব: swidbd.wordpress.com

# অমূল্য ক্ষিরোদ বাসিনী ট্রাস্ট



**স্থাপিতঃ ২০১৯ ইং**

শিক্ষা সহায়তা ও সেবামূলক প্রতিষ্ঠান

ডাঃ অজন্তা রানী সাহা
প্রতিষ্ঠাতা চেয়ারম্যান

বাবু অজিত কুমার সাহা
সভাপতি

**অমূল্য ক্ষিরোদ বাসিনী ট্রাস্ট**
সরারচর, বাজিতপুর, কিশোরগঞ্জ

# প্রজ্ঞা গণগ্রন্থাগার

**অনুভব (মন্ডলের বাড়ী), ছাটহরনারায়ণ, বড়বাড়ী, লালমনিরহাট**



শুভ উদ্বোধনী অনুষ্ঠান



স্বাস্থ্য ক্যাম্প উদ্বোধন



প্রজ্ঞা গণগ্রন্থাগার প্রাঙ্গণে স্কাউট সমাবেশ অনুষ্ঠান (৬/১০/২০১৯ ইং)

মুজিব বর্ষে প্রতিশ্রুতি
সুইড বাড়াবে সেবার গতি

# বার্ষিক প্রতিবেদন
## জুলাই ২০২০ – মে ২০২১









সুইড বাংলাদেশ

**সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ**
৪ ও ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা ১০০০, বাংলাদেশ
ফোন: ০১৩০৮৬২৫৮৭৫, ৪৯৩৫০০২৬, ২২২২২২৫৯২, ৪৮৩১৪০০৯, ৪৮৩১৯৪৩৮
ই-মেইল: swidbd@gmail.com, ওয়েব: swidbd.wordpress.com

প্রচ্ছদ পরিচিতি (১-৬) টি ছবির

**প্রচ্ছদ (সামনে) ঃ**

১. ১০ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত ৪১তম বার্ষিক সাধারণ সভা ২০২০-এ মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি ও সুইড নেতৃবৃন্দ।

২. ৩ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদের সভাকক্ষে অনুষ্ঠিত সুইড উপদেষ্টা কমিটির সভায় সভাপতিত্ব করেন সুইড উপদেষ্টা কমিটির সভাপতি ও বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি।

৩. টুঙ্গিপাড়ায় জাতির জনক শেখ মুজিবুর রহমান এর সমাধিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন সুইড বাংলাদেশের নেতৃবৃন্দ।

**প্রচ্ছদ (পিছনে) ঃ**

১. বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি ১০ জুলাই ২০২০ সুইড ভবনের ৭ম তলায় অবস্থিত "সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা"র নাম ফলক উন্মোচন করেন।

২. বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি ১০ জুলাই ২০২০ সুইড ভবনের ৭ম তলায় অবস্থিত "সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ" এর নাম ফলক উন্মোচন করেন।

৩. ৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সুইড ভবনের ৪র্থ তলায় "তাজকেরা আহমেদ কনফারেন্স রুম" এর নাম ফলক উন্মোচন ও শুভ উদ্বোধন করেন ডাঃ তাজকেরা খানম, সদস্য, নীডা কমিটি ও জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া, সহ-সভাপতি, সুইড বাংলাদেশ।

# বার্ষিক প্রতিবেদন

(জুলাই ২০২০ – মে ২০২১)


**সম্পাদনা করেছেন ঃ**
ডাঃ অজন্তা রানী সাহা
জনাব যোবায়েদুর রহমান মিলন

**সার্বিক সহযোগিতায় ঃ**
মোঃ মোখলেছুর রহমান বাবু
মাহমুদুল হাসান
মোঃ রফিকুল আলম খন্দকার
ইকবাল হোসেন
মোহাম্মদ লোকমান

**প্রকাশকাল ঃ**
২৯ মে ২০২১, শনিবার

**মুদ্রণ ঃ**
মোঃ খালেকুজ্জামান
এ এম প্রিন্টার্স
১১২, ফকিরাপুল, ঢাকা
মোবাইলঃ ০১৭১২-৭৩৩৫৭৫

# বার্ষিক প্রতিবেদন
## (জুলাই ২০২০ – মে ২০২১)

### সূচিপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| ● | শোক প্রস্তাব ও দোয়া | ০৫ |
| ● | শুভেচ্ছা বক্তব্য | ০৯ |
| ১. | সুইড বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি এবং প্রাতিষ্ঠানিক সদস্য পরিচিতি | ১২ |
| ২. | সাংগঠনিক কার্যক্রম<br>● জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার নোটিশ<br>● জাতীয় কাউন্সিলের ৪১তম বার্ষিক সাধারণ সভার (এজিএম) কার্যবিবরণী<br>● জাতীয় নির্বাহী কমিটির সভা ও উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ<br>● সাব-কমিটিসমূহের সভা<br>● শাখা পরিদর্শন ও নতুন শাখা উদ্বোধন | ১৪ |
| ৩. | মুজিব শতবর্ষ উপলক্ষে আয়োজিত কার্যক্রম | ৩৫ |
| ৪. | জাতীয় আন্তর্জাতিক সেমিনার ও সম্মেলন আয়োজন ও সচেতনতামূলক কার্যক্রম | ৪০ |
| ৫. | ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম | ৪৬ |
| ৬. | স্কাউটিং কার্যক্রম | ৪৮ |
| ৭. | এনআইআইডিএ-র কার্যক্রম<br>● প্রশিক্ষণ<br>● এসেসমেন্ট ও কাউন্সেলিং<br>● সুইড ল্যাবরেটরী মডেল স্কুল কার্যক্রম | ৪৯ |
| ৮. | সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ কার্যক্রম<br>● নতুন শিক্ষক নিয়োগ<br>● আর্ন্তজাতিক নারী দিবস উদযাপন<br>● করোনাকালে বাস্তবে ও ভার্চুয়ালি বি.এস.এড. ১৪ ও ১৫ ব্যাচের ক্লাস পরিচালনা<br>● বি এস এড, শিক্ষা বর্ষ ২০২০ (১৪ তম ব্যাচ) ব্যাচের অরিয়েন্টেশন ও ইনকোর্স | ৫৩ |
| ৯. | টুইড বাংলাদেশের কার্যক্রম | ৫৫ |
| ১০. | ASIAN Conference of AFID সংক্রান্ত তথ্য | ৫৬ |
| ১১. | করোনাকালীন কার্যক্রম<br>● ত্রাণ বিতরণ<br>● শাখা পরিদর্শন, মতবিনিময় সভা, ছাত্রছাত্রীদের উপহার বিতরণ ও শাখা সমূহের বার্ষিক সাধারণ সভা | ৫৯ |
| ১২. | উপসংহার | ৬১ |
| ১৩. | আর্থিক প্রতিবেদন ও অর্থ সচিবের বক্তব্য | ৬২ |
| ১৪. | বার্ষিক কর্ম-পরিকল্পনা-২০২১ | ৬৫ |
| ১৫. | অডিট রিপোর্ট | ৭৩ |
| ১৬. | বাজেট | ৭৮ |
| ১৭. | আজীবন সাফল্য অর্জন সম্মাননা পুরস্কার প্রাপ্ত রাশিদা বেগম এর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত | ৭৯ |
| ১৮. | জাতীয় কার্যনির্বাহী কমিটি ২০১৯-২০২১ | ৮১ |
| ১৯. | এলবাম | ৮৩ |

# শোক প্রস্তাব ও দোয়া

## শ্রদ্ধাঞ্জলি

মহান সৃষ্টিকর্তার ইচ্ছাতেই আমরা পৃথিবীতে জন্মগ্রহণ করি আবার পৃথিবী থেকে বিদায় নেই। ফলে প্রতি বছরই স্বাভাবিক নিয়মে আমরা আমাদের কিছু প্রিয় আপনজন, গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বকে হারাই – এবারও তার কিছু ব্যতিক্রম নয় বরং নভেল করোনা ভাইরাস এর ফলে গোটা পৃথিবীতে যে মহাদুর্যোগ, মহামারী ও অতিমারীর সৃষ্টি হয়েছে তার প্রভাবে আমরা অধিক লোককে হারিয়েছি, হারিয়েছি অনেক দেশ বরেণ্য ব্যক্তিদের। গত বছর থেকেই সারা বিশ্বে এই করোনা মহামারীর প্রকোপ দেখা দেয়। বাংলাদেশেও এই মহামারী তার ভয়াল থাবা বিস্তার করে আমাদের সকল দিক থেকে বিপর্যস্ত করে দিয়েছে। সম্প্রতি এই মহামারির ২য় ঢেউ ভয়াবহভাবে আমাদের দেশকে আক্রমণ করেছে। এর মধ্যে স্বাভাবিক মৃত্যু ছাড়াও আমরা আমাদের উল্লেখযোগ্য সংখ্যক আপনজনকে 'COVID 19' এর কারণে হারিয়েছি। আমাদের অপূরণীয় ক্ষতি হয়ে গেছে, আমরা অধিক শোকে অনেকটা পাথর হয়ে গেছি, আমাদের মুখের ভাষা হারিয়ে যাবার মত অবস্থা হয়েছে। এই অভাব কিভাবে পূরণ হবে তা একমাত্র পরম করুণাময় স্রষ্টাই জানেন। তবুও আমরা অনেকেই এখনো বেঁচে আছি, জীবনের সাথে প্রতিনিয়ত যুদ্ধ করে চলেছি। অনেকেই করোনায় আক্রান্ত হয়ে চিকিৎসাধীন আছি, অনেকে আবার করোনাকে পরাজিত করে বেঁচে গেছি। যারা বেঁচে গেছি বা বেঁচে আছি তাদের প্রতি রইল আন্তরিক অভিনন্দন, যারা অসুস্থ আছি তাদের জন্য আমরা দোয়া করে যাচ্ছি এবং সাহসের সাথে করোনা মোকাবেলা করার জন্য আহ্বান জানাচ্ছি।

সুইড পরিবারের সদস্য, কর্মী, সমর্থক, শুভাকাঙ্ক্ষী ও দেশ বরেণ্য ব্যক্তিসহ যেসব গুণগ্রাহী সুহৃদ হিতৈষীদের আমরা হারিয়েছি তাদের পুণ্য স্মৃতির প্রতি জানাচ্ছি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা। তাদের অভাব কোনদিনই পূরণ হবার নয়। পরম করুণাময় স্রষ্টার কাছে প্রার্থনা করি তিনি যেন তাদের আত্মাকে বেহেস্ত ও স্বর্গলোকের সর্বোত্তম স্থানে শান্তিতে হেফাজত করেন। সেই সাথে তাদের শোকসন্তপ্ত পরিবারবর্গকে জানাচ্ছি আন্তরিক সমবেদনা।

মহান রাব্বুল আলামিন সর্বশক্তিমান দয়ালু ও দাতা করুণাময় সৃষ্টিকর্তার কাছে কায়মনোবাক্যে প্রার্থনা করি, যেন তিনি অচিরেই এই মহামারীসহ যাবতীয় দুর্যোগ থেকে আমাদের পরিত্রাণ দেন।

দুঃখ ভারাক্রান্ত ও শ্রদ্ধাবনত চিত্তে পরলোকগতদের দীর্ঘ নামের তালিকা প্রদান করলাম –

১. সুইড বাংলাদেশ ময়মনসিংহ শাখার প্রতিষ্ঠাতা বিশিষ্ট আইনজীবী এডভোকেট ওয়াজেদুল ইসলাম গত ২৪ জুলাই ২০২০ ইন্তেকাল করেন।

২. সুইড মাদারীপুর শাখার নির্বাহী সচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম ও জাতীয় প্রতিবন্ধী ক্রীড়া সমিতির মহাসচিব ড. সেলিনা আক্তারের মাতা শ্রদ্ধেয়া মেহেরুন্নেছা ২৯/৭/২০২০ বুধবার সকালে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন।

৩. সুইড বাংলাদেশ-'র সহ-সভাপতি এবং "আহমদ আবদুর রহমান ট্রাস্ট" এর চেয়ারম্যান ফরিদ আহমেদ ভুঁইয়ার ভাবী এবং National Institute for Intellectual Disable and Autistic (NIIDA)-র বোর্ড অব ডিরেক্টর্স এর সদস্য ডা: তাজকেরা খানম এর "বড় জা" শ্রদ্ধেয়া ফেরদৌস খানম ৩১ জুলাই ২০২০ শুক্রবার ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

৪. সুইড ময়মনসিংহ শাখার শিক্ষা সহকারী মোঃ কসিমউদ্দিন ২৯/৭/২০২০ বুধবার সকালে ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত আল-মানার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

৫. সুইড বাংলাদেশ খিলগাঁও শাখার সাবেক সভাপতি ও জাতীয় নির্বাহী কমিটির সদস্য, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আবদুল মান্নান মুন্সি ১২ আগস্ট ২০২০ ইন্তেকাল করেন।

৬. সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির মাননীয় অর্থসচিব জনাব যোবায়েদুর রহমান মিলন এর মাতা নুরজাহান বেগম (৮৮) ১৫ আগস্ট ২০২০ ইন্তেকাল করেন।

৭. সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর খালাতো ভাই জনাব আবদুল করিম খোকা গত ২০ আগস্ট ২০২০ বৃহস্পতিবার বিকাল ৫-৫০ মিনিটে টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার অন্তর্গত দামপাড়া গ্রামে নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন।

৮. সুইড বাংলাদেশের সাবেক যুগ্ম-মহাসচিব ও সুইড জাতীয় নির্বাহী কমিটির সদস্য মরহুম মমতাজ বেগম বকুল-এর ভগ্নিপতি জনাব আবদুস সাত্তার ২৭ আগস্ট ২০২০ ইন্তেকাল করেন।

৯. 'সুইড বাংলাদেশ' এর অফিস সহায়ক, স্নায়ু বিকাশ প্রতিবন্ধী কামরুল হাসান (দীপু)-র পিতা মোঃ সাইফুর রহমান কামাল গত ১০ সেপ্টেম্বর ২০২০ বৃহস্পতিবার সৌদি আরবে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।

১০. 'সুইড বাংলাদেশ' এর জাতীয় কাউন্সিলের স্থায়ী সদস্য, জাতীয় নির্বাহী কমিটির সাবেক সদস্য এবং কল্যাণ ও পুনর্বাসন সম্পাদক মোঃ এনামুল হক ফারুক গত ২১ অক্টোবর ২০২০ বুধবার রাত ৭-৩০ মিনিটে নিজ বাসভবনে (১৬৬, নবাবপুর রোড, ঢাকা) ইন্তেকাল করেন।

১১. 'সুইড বাংলাদেশ' জামালপুর শাখার সাবেক সভাপতি ও জাতীয় কাউন্সিলর জনাব এ.এ.কে. মাহমুদুল হাসান দারা'র স্ত্রী নাছরিন জাহান (৭৪) হৃদরোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ২৫/১০/২০২০ তারিখ বিকেল ৫:১৪ মিনিটে ইন্তেকাল করেছেন।

১২. 'সুইড বাংলাদেশ' এর জাতীয় নির্বাহী কমিটির সদস্য এবং 'ফেইথ ফাউণ্ডেশন' এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব আবুল কাসেম সানির মেজো ভাই জনাব আবুবকর সিদ্দিক ফনি গত ১৫ নভেম্বর ২০২০ রবিবার ইন্তেকাল করেন।

১৩. বাংলাদেশ জাতীয় সংসদের সাবেক ডেপুটি স্পিকার, ঐতিহাসিক "রাষ্ট্র বনাম শেখ মুজিব ও অন্যান্য (আগরতলা)" মামলার অন্যতম আসামী, সুইড বাংলাদেশ নরিয়া, শরিয়তপুর শাখার প্রধান উপদেষ্টা, বীর মুক্তিযোদ্ধা কর্নেল (অবঃ) শওকত আলী সম্মিলিত সামরিক হাসপাতালে ১৬ নভেম্বর ২০২০ সোমবার সকাল সাড়ে ৯টায় ইন্তেকাল করেন।

১৪. 'সুইড বাংলাদেশ' এর উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ মোখলেছুর রহমান বাবু'র মাতা মোসাঃ সেলিমা আক্তার (৮০) ২৪ নভেম্বর ২০২০ মঙ্গলবার সকালে ইন্তেকাল করেন।

১৫. সুইড বাংলাদেশ বগুড়া শাখার সভাপতি জনাব এবিএম জহুরুল হক বুলবুল এর ছোট বোন – সুইড বগুড়া শাখার আজীবন সদস্য, পৃষ্ঠপোষক ও নির্বাহী কমিটির সদস্য মাহফুজ আরা মিভা ২৬ নভেম্বর ২০২০ বৃহস্পতিবার ইন্তেকাল করেন।

১৬. সুইড বাংলাদেশ রমনা শাখার আজীবন সদস্য, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শব্দ সৈনিক, একুশে পদকপ্রাপ্ত বরেণ্য নাট্য ব্যক্তিত্ব, অভিনেতা আলী জাকের ২৭ নভেম্বর ২০২০ ইন্তেকাল করেন।

১৭. 'সুইড বাংলাদেশ' নেত্রকোনা শাখার সভাপতি ও সুইড জাতীয় নির্বাহী কমিটির সদস্য মিসেস কামরুন্নেছা আশরাফ দিনা'র সন্তান সমতুল্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি-'র এপিএস জন সাহা ৮ ডিসেম্বর ২০২০ মঙ্গলবার মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে পরলোকগমন করেন।

১৮. 'সুইড বাংলাদেশ' এর জাতীয় নির্বাহী কমিটির প্রচার ও প্রকাশনা সচিব জনাব সাধন বোস এর খালাতো ভাই বাবু প্রশান্ত বিশ্বাস (৭১) ১৯ ডিসেম্বর ২০২০ শনিবার সকাল ৭ টায় মস্তিষ্কে রক্তক্ষরণজনিত কারণে পরলোকগমন করেন।

১৯. 'সুইড বাংলাদেশ'-এর কেয়ারটেকার জনাব মোঃ লোকমান এর পিতা জনাব মোঃ লাল মিয়া ১৯ ডিসেম্বর ২০২০ শনিবার সকালে মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত কারণে ইন্তেকাল করেন।

২০. 'সুইড বাংলাদেশ' জাতীয় নির্বাহী কমিটির সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর দৌহিত্র (ভাতিজীর সন্তান) এবং সুইড বাংলাদেশ আউশনারা শাখার প্রতিষ্ঠাতা ও উদ্যোক্তা এবং সভাপতি জনাব আলী আকবর মন্ডলের

ভাগ্নে প্রকৌশলী মোহাম্মদ রোটন (২৬) ২৪ ডিসেম্বর ২০২০ বৃহস্পতিবার বিকেলে মস্তিষ্কে রক্তক্ষরণ জনিত কারণে ইন্তেকাল করেন।

২১. মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার মামা ভারত সরকারের কর্মকর্তা গোপাল সাহা (৯৮) ২৫ ডিসেম্বর ২০২০ বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন।

২২. সুইড বাংলাদেশের অবসরপ্রাপ্ত শিক্ষিকা হোসনে আরা হোসেন হুসনা (৭২) ৬ জানুয়ারি ২০২১ বুধবার ইন্তেকাল করেন।

২৩. সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের সাবেক শিক্ষার্থী আরমান রসুল সেলিম ৮ জানুয়ারি ২০২১ শুক্রবার ইন্তেকাল করেন।

২৪. মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার জেঠতুত ভাই সতীশ সাহা অসুস্থতা জনিত কারণে ১০ জানুয়ারি ২০২১ মৃত্যুবরণ করেন।

২৫. সুইড বাংলাদেশর স্নায়ুবিকাশ প্রতিবন্ধী, নিবাসী ও প্রাক্তন শিক্ষার্থী হায়দার আলী ১১ জানুয়ারি ২০২১ সোমবার ইন্তেকাল করেন।

২৬. সুইড বাংলাদেশ উপদেষ্টা পরিষদের সভাপতি, সুইড বাংলাদেশ জাতীয় কাউন্সিল সদস্য এবং বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার আলহাজ এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া এমপির বড় জামাতা (এ্যাডভোকেট রিটা রাব্বীর স্বামী) বিশিষ্ট ব্যবসায়ী জনাব হাসান ইকবাল শামীম (৬১) ১৫ জানুয়ারি ২০২১ শুক্রবার ইন্তেকাল করেন।

২৭. সুইড বাংলাদেশ মধুপুর শাখার প্রতিষ্ঠাকালীন সদস্য, সুইড মধুপুর বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদা নাসরিন ডলির পিতা, সুইড মধুপুর শাখার নির্বাহী সচিব জনাব আখতার হোসেন খান এর ভগ্নিপতি এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক জনাব আমজাদ হোসেন ভূঁইয়া ১৮ জানুয়ারি ২০২১ সোমবার ইন্তেকাল করেন।

২৮. সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের জাতীয় নির্বাহী কমিটির সাবেক কল্যাণ ও পুনর্বাসন সম্পাদক (১৯৯৫-৯৭), সদস্য (১৯৯৭-৯৯), জাতীয় কাউন্সিলের স্থায়ী সদস্য, সুইড ধানমণ্ডি শাখার প্রতিষ্ঠাতা সভাপতি এবং ঢাকা মহানগরী জোনের সভাপতি জনাব আমিনুর রসুল ২৫ জানুয়ারি ২০২১ সোমবার রাত ১১ টায় ইন্তেকাল করেন।

২৯. বাংলাদেশের স্বনামধন্য এবং প্রখ্যাত চিত্রশিল্পী, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে চারুকলায় স্নাতকোত্তর ডিগ্রিধারী জনাব সৈয়দ লুৎফুল হক গতকাল ২৬ জানুয়ারি ২০২১ রোজ মঙ্গলবার ইন্তেকাল করেন। তিনি সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের উপদেষ্টামণ্ডলীর সদস্য ছিলেন এবং ২৩তম কনফারেন্স অফ AFID-এর সাংগঠনিক কমিটির সদস্য হিসেবে যথেষ্ট অবদান রেখেছেন।

৩০. সুইড বাংলাদেশ রংপুর শাখার নির্বাহী সচিব ও সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সাবেক যুগ্ম-মহাসচিব জনাব সুশান্ত ভৌমিক সুবল এর শাশুড়ি শ্রীমতি অমীয় প্রভা দাশ (৯০) ৩০ জানুয়ারি ২০২১ শনিবার পরলোক গমন করেন।

৩১. সুইড বাংলাদেশ পাবনা শাখা বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক জনাব আসলাম হোসেন (৪৪) ১০ ফেব্রুয়ারি ২০২১ বুধবার ইন্তেকাল করেন।

৩২. ১৩ ফেব্রুয়ারী ২০২১ শনিবার সুইড বাংলাদেশ এর পরিচালক জনাব মোঃ নূরুল ইসলাম এর নাতনী ফাইজা (৫) ইন্তেকাল করেন।

৩৩. 'সুইড বাংলাদেশ' রাজশাহী শাখার সভাপতি জনাব মোঃ মোশাররফ হোসেন এর বড় বোন জোবেদা খাতুন (৭৭) ২৪ ফেব্রুয়ারি ২০২১ বুধবার বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেন।

৩৪. সুইড বাংলাদেশ যশোর শাখার প্রতিষ্ঠাকালীন সভাপতি, বর্তমান নির্বাহী সচিব এবং সুইড বাংলাদেশ কেন্দ্রীয় কমিটির উপদেষ্টামণ্ডলীর সদস্য, বিশিষ্ট শিক্ষাবিদ ও শিক্ষক প্রফেসর গোলাম মোস্তফা ২৪ মার্চ ২০২১ বিকাল ৪ টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে ইন্তেকাল করেন।

৩৫. সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির ১ম সহ-সভাপতি, হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, টুইড বাংলাদেশের সাবেক চেয়ারম্যান জনাব মাহমুদুল হক তাহের এর জ্যেষ্ঠ পুত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ব বিভাগের অধ্যাপক, টুইড বাংলাদেশের সাবেক ট্রেজারার, সুইড বাংলাদেশ রমনা শাখার নির্বাহী কমিটির সদ্য নির্বাচিত সদস্য, হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশনের পক্ষে সুইড জাতীয় কাউন্সিলের মনোনিত প্রতিনিধি জনাব রাশীদ মাহমুদ ৩১ মার্চ ২০২১ বুধবার সাতক্ষীরা জেলার শ্যামনগরে ইন্তেকাল করেন।

৩৬. সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের শিক্ষা সহকারী মিসেস মর্জিনা বেগমের স্বামী মোঃ সাদেক ১০ এপ্রিল ২০২১ ইন্তেকাল করেন।

৩৭. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক আইন মন্ত্রী, বাংলাদেশ সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের সদ্য নির্বাচিত সভাপতি, পর পর পাঁচবার নির্বাচিত জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-বুড়িচং-ব্রাহ্মণপাড়া নির্বাচনী এলাকার নন্দিত জননেতা, প্রতিবন্ধী জনগোষ্ঠীর সুহৃদ ও স্বজন এডভোকেট আবদুল মতিন খসরু ১৪ এপ্রিল ২০২১, পহেলা বৈশাখ বিকাল ৪.৪৫ মিনিটে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। তিনি পার্লামেন্টারিয়ান ককাস অন ডিসএবিলিটিস এর কনভেনার ছিলেন এবং সুইড বাংলাদেশের প্রথম উপদেষ্টা কমিটির সদস্য ছিলেন।

৩৮. বাংলাদেশের প্রখ্যাত মঞ্চ ও টেলিভিশন অভিনেতা, একুশে পদকপ্রাপ্ত বরেণ্য অভিনয়শিল্পী ও নাট্যশিক্ষক, বাংলাদেশ শিল্পকলা একাডেমীর সাবেক ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব এস এম মহসিন (৭৩) ১৮ এপ্রিল ২০২১ সকাল ৯:৩০ টায় রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন তিনি সুইড বাংলাদেশের পরম সুহৃদ ছিলেন মানবহিতৈষী এই মহান নাট্য ব্যক্তিত্ব সুইড এর সাংস্কৃতিক কর্মকাণ্ডের শিক্ষক ও বিচারক হিসেবে অবদান রেখেছেন।

৩৯. সুইড বাংলাদেশ এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার মেজ দাদা বাবু রঞ্জিত সাহা (৭১) ১৫/৫/২০২১ শনিবার দুপুর ১:১০ মিনিটে ডায়াবেটিস ও হৃদরোগজনিত কারণে পরলোক গমন করেন।

৪০. সুইড বাংলাদেশ  জাতীয় নির্বাহী কমিটির সদস্য জনাব রাশিদা জেসমিন রোজীর ছোট ফুফা বিশিষ্ট অর্থনীতিবিদ ড. আবদুল জলিল (৯১) গত ১৫ মে ২০২১ শনিবার আমেরিকায় বার্ধ্যক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন।

৪১. সুইড বাংলাদেশ মুরাদনগর শাখা কল্যাণ ও পুনর্বাসন সচিব বাবু পরিমল চন্দ্র রায় (৫৭) ১৯ মে ২০২১ বুধবার সকালে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে রাজধানীর গ্যাস্ট্রোলিভার হাসপাতালে মৃত্যুবরণ করেছেন।

৪২. সরিষাবাড়ী মিশন স্কুলের প্রতিষ্ঠাতা পরিচালক এবং সুইড বাংলাদেশে অন্যতম প্রধান হিতৈষী ও সহৃদ জনাব শিমোন বিশ্বাস এর একমাত্র পুত্র সন্তান জনাব স্যাইমল বিশ্বাস আকস্মিকভাবে ১৯ মে ২০২১ বুধবার মৃত্যুবরণ করেন।

# শুভেচ্ছা বক্তব্য

শ্রদ্ধেয় সভাপতি,
উপস্থিত ও ভার্চুয়াল যোগাযোগ মাধ্যমে সংযুক্ত সম্মানিত জাতীয় কাউন্সিলরবৃন্দ,
আদাব, নমস্কার ও আন্তরিক শুভেচ্ছা।
সবার জন্য সুখ, শান্তি, সমৃদ্ধি, সর্বোপরি সুস্থতা কামনা করে আমার বক্তব্য শুরু করছি।

**প্রাণ প্রিয় সহকর্মী বন্ধুগণ,**

আজ বঙ্গাব্দ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৮, খৃষ্টাব্দ ২৯ মে ২০২১, হিজরি ১৬ শাওয়াল ১৪৪২ সুইড বাংলাদেশ এর ৪২তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) আপনাদের স্বাগত ও শুভেচ্ছা জানাই।

গত ১৪ মে ২০২১ তারিখে বাংলাদেশে মুসলমানদের সবচেয়ে খুশির দিন ঈদ-উল-ফিতর উদ্‌যাপন করা হয়। এখনো অনেকের ঘরে সেই আনন্দের রেশ রয়ে গেছে। আপনাদের সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা জানাচ্ছি এবং সকলের সুখী, সমৃদ্ধ, শান্তিপূর্ণ, সুস্বাস্থ্যময় ও করোনা মহামারী মুক্ত জীবন কামনা করছি।

২৫ মে ২০২১ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২২তম জন্মবার্ষিকী ছিল। এই মানবতাবাদী, অসাম্প্রদায়িক কবি বাংলা সাহিত্য-সংস্কৃতিতে অবিস্মরণীয় অবদান রেখে গেছেন। সমাজের অবহেলিত, নিষ্পেষিত, শ্রমজীবী মানুষদের নিয়ে তিনি কবিতা, গান, সাহিত্য রচনা করেছেন –“সারাদিন পিটি কার দালানের ছাদ গো, পেট ভরে ভাত পাইনা ধরে আসে হাত গো”, “দেখিনু সেদিন রেলে, কুলি ব’লে এক বাবু সা’ব তারে ঠেলে দিলে নীচে ফেলে! চোখ ফেটে এল জল, এমনি ক’রে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল?”। তাঁর রচিত কবিতা/গান – “চল চল চল ঊর্ধ্ব গগনে বাজে মাদল....” আমাদের উন্মাদনা জাগায়। এই কবির পুণ্য স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই।

গত মার্চ ২০২০ থেকে আজ অব্দি করোনা নামক দুর্যোগ ও অতিমারীতে সারা বিশ্ব টালমাটাল ও বিপর্যস্ত। কিন্তু কোন কিছুই থেমে থাকেনি, তাই পরিবর্তিত পরিস্থিতিতে বিশেষ প্রক্রিয়ায় আজকের এই বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে। সমগ্র বিশ্ব করোনা আক্রান্তের ভয় ও অক্সিজেন বিহীন ভয়াল মৃত্যুর আতঙ্কে উদগ্রীব। পাশাপাশি চিকিৎসা বিজ্ঞান তাদের দক্ষতা ও গবেষণার মাধ্যমে ইতিমধ্যে করোনা ভ্যাকসিন নিয়ে এসেছে। আমাদের দেশের জনগণ ইতিমধ্যে করোনা ভ্যাকসিন গ্রহণ করতে শুরু করেছে। আশা করছি অনতিবিলম্বে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুষ্ঠু সিদ্ধান্তে ও ব্যবস্থা গ্রহণের ফলে আমাদের দেশের সকল জনগণ এই টিকা কার্যক্রমের আওতায় এসে পড়বে। পরম করুণাময় স্রষ্টার কাছে আকুল প্রার্থনা– আমরা সবাই যেন এই সুন্দর ধরা মাঝে নিরাপদে জীবন যাপন করতে পারি। করোনার দ্বিতীয় ঢেউ অত্যন্ত আক্রমণাত্মক ও বিধ্বংসী। ইতিমধ্যে সারা বিশ্বসহ আমাদের দেশেও সমূহ ক্ষতি সাধিত হয়েছে। এমতাবস্থায় করোনা ভাইরাসের আক্রমণ থেকে মুক্তি পাওয়ার জন্য আসুন আমরা সবাই সুষ্ঠুভাবে স্বাস্থ্যবিধি মেনে চলি।

**প্রিয় সুহৃদ বন্ধুগণ,**

আপনারা করোনা বৈশ্বিক অতিমারী পরিস্থিতিতে রাজধানী ঢাকা ও বাংলাদেশের বিভিন্ন প্রান্ত থেকে আজকে এই সভায় সরাসরি বা ভারচ্যুয়াল যোগাযোগ মাধ্যমে যোগদান করেছেন – এজন্য আমি ব্যক্তিগতভাবে ও জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

আপনারা সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের জাতীয় কাউন্সিলের সম্মানিত সদস্য, আপনারা জানেন বিশ্বের বুকে সম্মানের সাথে প্রতিবন্ধীদের সেবা কাজে লিপ্ত বৃহৎ প্রতিষ্ঠান সুইড বাংলাদেশ। আর বাংলাদেশের তৃণমূল পর্যায়ে নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএ্যাবিলিটিস (এনডিডি) সম্পন্ন শিশু ও ব্যক্তিদের জন্য বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ, সামাজিক মর্যাদা সুপ্রতিষ্ঠিত করা, তাদের নিরাপত্তা বিধান, যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থান, বিনোদন, সম-অধিকার সংরক্ষণ ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নের ব্রত পৌঁছে দিবার অগ্রদূত সুইড বাংলাদেশ। আর এই কর্মসূচি বাস্তবায়নে বিনা পারিশ্রমিকে স্বেচ্ছা

সেবকের ভূমিকায় আপনারা সবাই আমাদের সাথে একাত্ম হয়ে কাজ করছেন। আর তাইতো সুইড বাংলাদেশ আজ 'সেবাব্রতি পুণ্যতীর্থ'। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী জনকল্যাণে ও মানবাধিকার প্রতিষ্ঠায় আপনাদের এই আন্তরিক অংশগ্রহণ সফল হবেই হবে। সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের সকল কর্মসূচি ও ভবিষ্যৎ উন্নয়ন কর্ম পরিকল্পনা চেষ্টা সুদৃঢ় হবে।

পৃথিবীর অন্যতম বৃহৎ পরার্থবাদি, জনকল্যাণমূলক, স্বেচ্ছাসেবী, সেবাব্রতি পুণ্যতীর্থ, বেসরকারী প্রতিষ্ঠান 'সুইড বাংলাদেশ'। স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের সেবা, শিক্ষা, উন্নয়ন, পুনর্বাসনের ব্রতি নিয়ে আমরা এগিয়ে চলেছি। আমাদের পরামর্শে, অনুপ্রেরণায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে প্রতিবন্ধী বিষয়ক নীতিমালা, বিধিমালা প্রণয়ন করেছে। বহু প্রতিবন্ধী বান্ধব, কল্যাণমুখী প্রতিষ্ঠান গড়ে উঠেছে। আপনারা জানেন সর্বজনশ্রদ্ধেয় সভাপতি, প্রতিবন্ধী সেবায় জীবন উৎসর্গকারী, জীবন্ত কিংবদন্তী জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এবং সুইড বাংলাদেশ ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে জাতীয় পুরস্কার অর্জন করেছে।

আজকের বার্ষিক সাধারণ সভাকে আপনাদের উপস্থিতি ও অংশগ্রহণ সফল করেছে। তাই আপনাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ও জাতীয় নির্বাহী কমিটির পক্ষে বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ অদ্যকার সভায় উপস্থাপন করছি।

**প্রিয় সুধীবৃন্দ,**

এই মেয়াদের (২০১৯-২০২১) জাতীয় নির্বাহী কমিটির দায়িত্ব গ্রহণের পর আমি কতটুকু সুন্দর ও সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করতে পেরেছি তা বিচার বিশ্লেষণ করবেন আপনারা। মার্চ ২০২০ থেকে আজ পর্যন্ত সময়টা করোনা মহামারীর করাল গ্রাসে কেটেছে। আর নতুন মহাসচিব হিসেবে আমার কাজে ভুল ত্রুটি থাকলে আপনারা ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন। তবে আমি আমার সর্বান্তকরণে সারাদেশব্যাপী সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের কার্যক্রমকে অনুপ্রেরণা জুগিয়ে সজীব কর্মচঞ্চল রাখতে চেষ্টা করেছি। সব শাখা পরিদর্শন করতে না পারলেও প্রায় অনেক শাখা পরিদর্শন, করোনাকালে ও অনলাইন বা ভারচ্যুয়াল পদ্ধতির মাধ্যমে বিশেষ শিক্ষা প্রশিক্ষণ, অভিভাবকদের উৎসাহিতকরণ কার্যক্রম চালিয়ে যাওয়ার ব্যাপারে উৎসাহ যুগিয়েছি। মুজিব শতবর্ষ উপলক্ষে স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের স্বাস্থ্যসেবা, অনুদান ও উপহার সামগ্রী বিতরণ করেছি। টুঙ্গীপাড়া, ফরিদপুর, কটিয়াদি, কুড়িগ্রাম, ভৈরব, কিশোরগঞ্জ, বাজিতপুর, কুষ্টিয়া, রাজশাহী, জয়পুরহাট, বদলগাছি, আমবাটী, মোহনপুর, লালমনিরহাট, জামালপুর, মধুপুর, আউশনারা, ভালুকা, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, রংপুর ও অন্যান্য শাখা কমিটির সদস্যদের নিয়ে করোনাকালীন মতবিনিময় সভা করেছি। আমি আরো আনন্দের সাথে আপনাদেরকে অবগত করছি যে, এই করোনাকালীন সময়েও সুইড উপদেষ্টা কমিটির ২য় সভা সফলভাবে জাতীয় সংসদের কনফারেন্স রুমে সুইড উপদেষ্টা কমিটির সভাপতি ও বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি-র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সুইড বাংলাদেশের কর্মকাণ্ড সারাদেশ ব্যাপী বিস্তৃত, ইতিমধ্যে আমাদের বর্তমান সভাপতি আমেরিকায় "সুইড ইউ.এস.এ. ইঙ্ক" নামে অলাভজনক সোসাইটি রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। কাজেই সেদিন আর বেশী দূরে নয় যেদিন আমরা বিশ্বব্যাপী "সুইড ইন্টারন্যাশনাল" হয়ে প্রতিবন্ধীদের জন্য কর্মকাণ্ড চালিয়ে যাব।

**প্রিয় ভাই ও বোনেরা,**

চলমান জাতীয় নির্বাহী কমিটির সকলের আন্তরিকতায় ও সহযোগিতায় বিশেষ করে সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ১ম সহ-সভাপতি মাহমুদুল হক তাহের, ২য় সহ-সভাপতি জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া, ৪র্থ সহ-সভাপতি প্রিন্সিপ্যাল শাহ আলম, ১ম যুগ্ম-মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির ও অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলন এর সক্রিয় অংশগ্রহণ করোনাকালীন ত্রাণ বিতরণ ও উন্নয়ন কার্যক্রম এগিয়ে নিতে সহায়তা করেছে। আপনারা ৭ম তলায় উঠে সুইড বাংলাদেশের প্রাণ পুরুষ ও প্রতিবন্ধীদের জীবন্ত কিংবদন্তী জনাব জওয়াহেরুল ইসলাম মামুন ও প্রয়াত বকুল ভাবীর পুণ্য স্মৃতিকে ধরে রাখার জন্য "সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা" ও শীতাতপ নিয়ন্ত্রিত "সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ" দেখে ও নামাজ পড়ে মুগ্ধ হবেন ও আত্মতৃপ্তি পাবেন। ৮ম তলায় নির্মাণাধীন "সুইড শাহানা মুনির গার্ডেন" ও সুইড বাংলাদেশের কাজে নিবেদিত কর্মীর জন্য নির্মিত "রেস্ট হাউজ" আপনাদেরকে আকর্ষণ করবে। শুধু তাই নয় আমাদের ৪ ইস্কাটন গার্ডেনের জমিতে আন্তর্জাতিক মানের বহুতল বিশিষ্ট মাল্টিপারপাস ভবন নির্মাণের ডিপিপি তৈরীর কাজ করছেন

সভাপতির নির্দেশনায় ১ম যুগ্ম-মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির। উক্ত ভবনে সারাদেশের প্রতিবন্ধীদের স্বাস্থ্য সেবার জন্য বিশেষায়িত হাসপাতাল তৈরীর বিষয়টি আমি নিজে প্রস্তাব করেছি ও সম্পৃক্ত করতে অনুরোধ করেছি। ইতিমধ্যে ৪র্থ তলায় আমাদের ২য় সহ-সভাপতি জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া ও NIIDA কমিটির বিশেষজ্ঞ সদস্য ডাঃ তাজকেরা খানমের আর্থিক সহযোগিতায় অত্যাধুনিক মানের "তাজকেরা আহমেদ কনফারেন্স রুম" তৈরী হবে। সুইড বাংলাদেশের জন্য নিবেদিত ও উন্নয়নে অবদানকে স্মরণীয় করে রাখার জন্য "হাজী ছৈয়দ আহম্মদ জরিনা খাতুন গ্রন্থাগার" ও সুইড ভবনের সামনের লবিতে "দিলারা মুস্তাফা অভিভাবক অপেক্ষালয়" ও প্রশাসন কক্ষ ও নিচতলায় অত্যাধুনিক ফিজিওথেরাপী সেন্টার তৈরীর কাজ চলমান আছে। ইতিমধ্যে দোতলায় পশ্চিমপার্শ্বে ক্লিনিক্যাল সার্ভিস সেন্টারের কাজে চিকিৎসক, স্পিচ থেরাপিস্ট ও চাইল্ড সাইকলোজিস্ট নিয়োগ দিয়ে সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। এই মেয়াদকালে নতুন নৃত্য শিক্ষক, তবলা শিক্ষক, চিত্রাঙ্কন শিক্ষক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকর্তা নিয়োগ প্রদান করে নিয়মিত সুইড কালচারাল কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে ও "সুইড কালচালার একাডেমী" পরিচালনার প্রস্তুতি চলছে। সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজে ১ জন প্রিন্সিপাল, ১ জন ভাইস প্রিন্সিপাল, ৪ জন লেকচারার ও ১ জন প্রশাসনিক সহকারী নিয়োগ দেয়া হয়েছে। তারা সকলে মিলে বিএসএড ১৪ ও ১৫তম ব্যাচের ক্লাস ও কলেজের সকল কার্যক্রম অনলাইনে ও বাস্তবে সুষ্ঠুভাবে পরিচালনা করছে।

আজকের সভায় আমরা সুইড বাংলাদেশের জাতীয় নির্বাহী কমিটির সদস্য, সাবেক ক্রীড়া সচিব, সাবেক কল্যাণ ও পুনর্বাসন সচিব জনাব রাশিদা বেগমকে সুদীর্ঘকাল সুইড বাংলাদেশে আন্তরিক ও নিবেদিত প্রাণ সেবা প্রদানের জন্য বিশেষ সম্মাননা প্রদান করবো। আগামীতে আমরা এধরনের সম্মাননা প্রদান অব্যাহত রাখবো। শুধুমাত্র সুইড বাংলাদেশের অভ্যন্তরে নয়, প্রতিবন্ধী সেক্টরের উন্নয়নে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উল্লেখযোগ্য অবদান রাখলে তাদের আমরা সম্মাননা জানাবো।

সম্মানিত জাতীয় কাউন্সিলর ভাই ও বোনেরা,

আজকের জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা শেষে ২০২১-২৩ মেয়াদে নব নির্বাচিত জাতীয় নির্বাহী কমিটি – সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের সাংগঠনিক, আর্থিক, শিক্ষা, প্রশিক্ষণ, সংস্কৃতি, উন্নয়ন, স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের কর্মসংস্থান, মূল স্রোতধারায় সম্পৃক্তকরণসহ পুনর্বাসনের কার্যক্রম বাস্তবায়নের সার্বিক দায়িত্ব গ্রহণ করবেন ও সুষ্ঠুভাবে পালন করবেন। বিদায়ী জাতীয় নির্বাহী কমিটির (২০১৯-২০২১ মেয়াদোত্তীর্ণ) পক্ষ থেকে নতুন কমিটিকে অগ্রীম অভিনন্দন, শুভেচ্ছা ও স্বাগত জানাই।

# ১. সুইড বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি এবং প্রাতিষ্ঠানিক সদস্য পরিচিতি

## সুইড বাংলাদেশের পরিচিতি

সুইড বাংলাদেশ ১৯৭৭ সালের ২৪ শে ডিসেম্বর প্রতিষ্ঠিত বাংলাদেশের প্রতিবন্ধিতার ইতিহাসে সর্বপ্রথম এবং এখন পর্যন্ত সর্ববৃহৎ বুদ্ধি প্রতিবন্ধী কল্যাণ সংস্থা, সমিতি বা সংগঠন। সুইড'র লক্ষ্য ও উদ্দেশ্যই হল সকল এনডিডি সমস্যাগ্রস্থ প্রতিবন্ধী শিক্ষার্থীদের সমাজের মূল স্রোতধারায় আনয়ন করে সম অধিকার নিশ্চিত, শিক্ষা ও প্রশিক্ষণ এবং পুনর্বাসন কার্যক্রমের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। সুইড বাংলাদেশ একটি সেবাব্রতি পুণ্যতীর্থ সংগঠন যেখানে সমাজের বিভিন্ন স্তরের সমাজহিতৈষী ব্যক্তিবর্গ, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান নিবিড় ও নিষ্ঠার সাথে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনের কল্যাণের নিমিত্তে কাজ করে যাচ্ছে। সমগ্র বাংলাদেশে গণসচেতনতা তৈরিতে বিভিন্ন প্রত্যন্ত অঞ্চল, গ্রাম, ইউনিয়ন, জেলা এবং উপজেলা পর্যায়ে ৫৪০ টি শাখা প্রতিষ্ঠার মাধ্যমে সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বর্তমানে সুইড এর আওতায় শাখা পরিচালিত এনডিডি স্কুলে প্রায় ৪০,০০০ শিক্ষার্থী বিশেষ শিক্ষা ও একীভূত শিক্ষা কার্যক্রম গ্রহণ করছে। যার মাধ্যমে এ সকল বিশেষ শিক্ষার্থী নিজের প্রাত্যহিক জীবনের ভাল-মন্দ এবং দৈনন্দিন প্রয়োজনীয় সকল কার্যের সাথে জীবন প্রকৃতির উপযুক্ত বিকাশ ধারায় বহমান এবং আত্মনির্ভরশীল উপার্জনমুখী জীবন সংগ্রামে খাপ খাইয়ে নিতে পারছে। সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, ন্যাশনাল ইন্সটিটিউট ফর দ্যা ইন্টেলেকচুয়ালি ডিস্‌এ্যাবল্ড এবং অটিস্টিক (NIIDA) এবং কল্যাণ ট্রাস্টের আওতায় টুইড হোম ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠা করে সকল এনডিডি প্রতিবন্ধীদের আত্ম-নির্ভর এবং সামাজিক ও পারিবারিক জীবন গঠন ও প্রতিবন্ধিতার ক্ষেত্রে উচ্চতর দক্ষ জনগোষ্ঠী তৈরিতে বিশেষ ভূমিকা রাখছে। সুইড'র স্কাউট, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মসূচীসমূহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এনডিডি প্রতিবন্ধী শিক্ষার্থীদের সক্ষমতা তুলে ধরতে অনন্য ভূমিকা রেখে যাচ্ছে। ইতিমধ্যে এনডিডি প্রতিবন্ধী বিশেষ শিক্ষা কার্যক্রমের আলোকে প্রাক কর্মসংস্থান দক্ষতা উন্নয়ন ও পুনর্বাসন কার্যক্রমের জন্য সুইড ভবনের ৭ম তলায় একটি আধুনিক "সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা" প্রতিষ্ঠা করেছে। সুইড বাংলাদেশ বিভিন্ন প্রকল্প গ্রহণের মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে যাচ্ছে।

## Background of SWID Bangladesh

SWID was formed in 24 December 1977 by some professionals, social workers and parents of the intellectually disabled children, when most of the people of this country had little knowledge about educability or sociability of persons with intellectual disability, and there were no services for the persons with intellectual disability. Such persons were then mentioned as idiots and most often classed /mixed up by many with the lunatics. SWID Started schooling program for the intellectually disabled children at Will's little Flower School and College which is the birth place of SWID and inclusive education for the parsons with neuro-developmental disabilities. Later on in 1982 a Norwegian organization named NFPU came forward with necessary financial and technical support for not only the existing activities of SWID, but also advised us through consultant/ technical representative for new programs and for the expansion of activities with new Branches at different parts of the country. This cooperation lasted for 18 years (from 1982-2000). NFU has donated a land with its building for SWID at 4 Eskaton Garden, Dhaka.

SWID Bangladesh could be able to convince government through its continuous motivational and advocacy activities in taking responsibility of persons with disabilities and providing services for them by the authority of Bangladesh. Government as an essential part of the fulfilling the fundamental right of persons with disabilities. The Government has therefore involved itself with the programs and activities of SWID soon

after SWID had embarked on its pioneering activities for the cause of the intellectually disabled persons. The main building of SWID at 4/A Eskaton Garden up to two storied has been constructed on land and with funds provided by the Government. it was inaugurated by the then Hon'ble Prime Minister Begum Khaleda Zia on 25 January 1992. This building at 4/A, Eskaton Garden, is now the Head Office of SWID, and is now known as National Institute for the intellectually Disabled and Autism (NIIDA). Government of Bangladesh has also extended its partial financial support t SWID as salary grant from 1994 subsequently it has increased gradually an now 100% salary of 50 school staff along with regular staff of Head Office and NIIDA. Hopefully government will come forward soon to pay salary of the teaching staff of recently established schools and festival bonus of all of the staff.

## প্রাতিষ্ঠানিক সদস্য পরিচিতি

সুইড বাংলাদেশ গঠনতন্ত্রের সর্বশেষ সংশোধনের আলোকে নিম্নলিখিত ৪ টি সংগঠনকে ইতিপূর্বে প্রাতিষ্ঠানিক সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে, যাদের পরিচিতি ইতিমধ্যে বিগত বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করা হয়েছে – পূর্বে যে সমস্ত সংগঠনকে প্রতিষ্ঠানিক সদস্য পদ দেয়া হয়েছে, তা নিম্নে উল্লেখ করা হলো।

১) রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশন

২) আহমেদ আবদুর রহমান ট্রাস্ট

৩) চাইল্ড ফাউন্ডেশন

৪) ফেইথ প্রিন্ট ফাউন্ডেশন

এরপর ৫ম প্রাতিষ্ঠানিক সদস্য হিসেবে "হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন" এর নাম অন্তর্ভুক্ত করা হয়।

## "হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন" পরিচিতি

১৯৮৮ সালের ২৮ জানুয়ারি হাজী ছৈয়দ আহম্মদ ইন্তেকাল করেন।

তিনি একজন পরার্থবাদী, সমাজ সচেতন, জনকল্যাণ কর্মী ছিলেন। উদার নৈতিক মানবিক গুলাবলীসম্পন্ন মানবাধিকার সংগঠক হিসেবে নিষ্ঠার সাথে তার জীবদ্দশায় নিরলসভাবে অবিরাম কাজ করেছেন। সাংবাদিকতা করতেন, পত্রিকা সম্পাদনার দায়িত্ব পালন করতেন, মুক্তবুদ্ধির চর্চায় নিয়োজিত থেকে গণতান্ত্রিক মূল্যবোধের চেতনাকে লালন করতেন। এলাকার জনগণের নন্দিত ও বরেণ্য ব্যক্তি ছিলেন জনাব ছৈয়দ আহম্মদ, জনগণের অনুরোধে ও সমর্থনে জনসেবার নিমিত্তে ফেনী জেলা শহরের নিকটস্থ পাঁচগাছিয়া ইউনিয়নের প্রেসিডেন্ট ও চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়ে কাজ করেছেন। তিনি বাংলাদেশের গণতান্ত্রিক অধিকার, স্বায়ত্ত্বশাসনের অধিকার এবং স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে অবদান রেখেছেন। তার ইন্তেকালের পর স্বজন ও সুহৃদগণ তার কর্মকীর্তিকে চলমান রাখতে তার নামে গড়ে তুলেছেন হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন।

হাজী ছৈয়দ আহম্মদ এর অন্যতম সন্তান, সুইড বাংলাদেশের দীর্ঘদিনের সক্রিয় কর্মী মাহমুদুল হক তাহের আরো অন্যান্যদের সাথে উদ্যোগী হয়ে ন্যাশনাল লাইফ ইন্সিওরেন্স কোম্পানী লি: (NLI) প্রতিষ্ঠা করেন। এই প্রতিষ্ঠান ১৯৯৫ সাল থেকে সুইড এর জন্য ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা করেছেন। ১৯৯৫ সাল থেকে প্রায় ২৫ বছর যাবৎ প্রতিবন্ধীদের জন্য এই সহায়তা অব্যাহত আছে। তিনি NLI এর গাড়ি দিয়ে, বিভিন্ন সরঞ্জাম দিয়ে সহায়তা করেছেন। তার মহান পিতা হাজী ছৈয়দ আহম্মদ – তিনি ফেনীর স্বনামধন্য ও বরেণ্য একজন মানবদরদী মানুষ, সমাজসেবক, জনকল্যাণ কর্মী। হাজী ছৈয়দ আহম্মদ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের একজন অন্যতম সংগঠক ছিলেন। তার জ্যেষ্ঠ পুত্র ওবায়দুল হক, দ্বিতীয় পুত্র মাহমুদুল হক তাহের, তারপর এনামুল হক ও কনিষ্ঠ মফিজুল হক। ইতিমধ্যে হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন এর সভাপতি জনাব মাহমুদুল হক তাহের সুইড বাংলাদেশ ফেনী শাখার শিক্ষার্থীদের কল্যাণার্থে ২ (দুই) লক্ষ টাকা দান করেন। সুইড এর প্রতি বছর বার্ষিক মিলাদ – এই ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় সম্পন্ন করা হয়। দেশের বিভিন্ন এলাকায় জন মানুষের সাহায্যে ও জীবনমান উন্নয়নে, শিক্ষা বিস্তারে এই ফাউন্ডেশন কাজ করছে।

# সাংগঠনিক কার্যক্রম

# জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার নোটিশ

**সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিসএবল্ড, বাংলাদেশ**
**(সুইড বাংলাদেশ)**, রেজিষ্ট্রেশন:-সমাজসেবা-ঢ ০৬৯১ ও এনজিও ব্যুরো-১২৫
৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা। ফোন ঃ ৪৮৩১৪০০৯, ২২২২২২৫৯২, ৪৯৩৫০০২৬, ৪৮৩১৯৪৩৮
ই-মেইল ঃ swidbd@gmail.com, web: swidbd.wordpress.com

মুজিব বর্ষে প্রতিশ্রুতি
সুইড বাড়াবে সেবার গতি

## নোটিশ

আগামী ২৯/০৫/২০২১ তারিখ রোজ শনিবার সকাল ৯:৩০ টায় আলমগীর এম এ কবীর মিলনায়তনে (৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা) জাতীয় কাউন্সিলের ৪২ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হবে।

জাতীয় কাউন্সিলের সম্মানিত সদস্যদের উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করছি।

27/04/2021

**(ডাঃ অজন্তা রানী সাহা)**
মহাসচিব,
সুইড বাংলাদেশ।

**আলোচ্য বিষয় ঃ**

**১ম অধিবেশন- উদ্বোধনী অনুষ্ঠান ঃ**

১। শোক প্রস্তাব উত্থাপন, শ্রদ্ধা নিবেদন ও দোয়া প্রার্থনা।
শুভেচ্ছা বিনিময়, আলোচনা ও উদ্বোধন

**২য় অধিবেশন - সাংগঠনিক কার্যক্রম ও প্রতিবেদন উপস্থাপন।**

২। বিগত বার্ষিক সাধারণ সভার (১০/০৭/২০২০) কার্যবিবরণী বিবেচনা ও দৃঢ়করণ: নোটিশের সাথে সংযোজিত এবং ২৯/০৫/২০২১ সভার দিন নিবন্ধন ডেস্কে কপি থাকবে।

৩। বার্ষিক প্রতিবেদন (২০২০-২০২১) বিবেচনা ও অনুমোদন।

৪। আর্থিক প্রতিবেদন অনুমোদন।

৫। বিগত বছরের (২০২০) অডিটকৃত হিসাব বিবরণী বিবেচনা ও অনুমোদন।

৬। চলতি বছরের (২০২১) সংশোধিত বাজেট, প্রস্তাবিত বাজেট-২০২২ ও বার্ষিক কর্ম-পরিকল্পনা-২০২০ অনুমোদন।

৭। গঠনতন্ত্রের সংশোধনী প্রস্তাব বিবেচনা ও অনুমোদন সংক্রান্ত। (নোটিশের সাথে সংযোজিত)

৮। অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।

৯। সভাপতির অনুমোদন সাপেক্ষে অন্য যে কোন বিষয় আলোচনা।

**৩য় অধিবেশন -**

১০। জাতীয় নির্বাহী কমিটির-২০২১-২০২৩ মেয়াদে নির্বাচন ঃ- পরিচালনায় নির্বাচন কমিশন।

সুইড-এজিএম-নোটিশ/২০২১-৯৬২ তারিখ ঃ ২৭/০৪/২০২১

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক সমাজসেবা অধিদফতর।
২। জাতীয় কাউন্সিলের সদস্যবৃন্দ, সুইড বাংলাদেশ।
৩। উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন), সুইড বাংলাদেশ।
৪। নথি।

● **জাতীয় কাউন্সিলের ৪১তম বার্ষিক সাধারণ সভার (এজিএম) কার্যবিবরণী**

১০ জুলাই ২০২০, খ্রিস্টাব্দ ২৬ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ, ১৯ জিলক্বদ ১৪৪১ হিজরী রোজ শুক্রবার সকাল ১১:০০ টায় সুইড আলমগীর এম এ কবির মিলনায়তনে (৪/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা) সুইড বাংলাদেশের জাতীয় কাউন্সিলের ৪১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) অনুষ্ঠিত হয়।

সুইড'র সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর সভাপতিত্বে সভার উদ্বোধনী অনুষ্ঠানে সুইড উপদেষ্টা কমিটির সভাপতি ও বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার আলহাজ্ব মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি ও নিম্নলিখিত জাতীয় কাউন্সিলরগণ মিলনায়তনে এবং ভার্চুয়াল জুমিং সিস্টেম (অনলাইন/ ইন্টারনেট) এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করেনঃ

**অংশগ্রহণকারী সদস্যগণ হলেন (মিলনায়তন) ঃ**

১. প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম - মুরাদনগর শাখা
২. ডাঃ মোঃ শাহনেওয়াজ চৌধুরী - নারায়ণগঞ্জ শাখা
৩. জনাব আফরোজা শাহনেওয়াজ - নারায়ণগঞ্জ শাখা
৪. জনাব আব্দুর রশীদ - নারায়ণগঞ্জ শাখা
৫. জনাব এস এম সাইফুল ইসলাম - নারায়ণগঞ্জ শাখা
৬. জনাব কাজী দলিল উদ্দিন দুলাল - নারায়ণগঞ্জ শাখা
৭. জনাব মোছাঃ মর্জিনা বগেম - বগুড়া শাখা
৮. জনাব মোঃ রায়হান আলী সরকার - বগুড়া শাখা
৯. জনাব জওয়াহেরুল ইসলাম মামুন - জামালপুর শাখা
১০. জনাব মোঃ ইয়াদ আলী ফকির - শেরে-বাংলা নগর শাখা
১১. জনাব যোবায়েদুর রহমান মিলন - খিলগাঁও শাখা
১২. জনাব রফিকুল ইসলাম - খিলগাঁও শাখা
১৩. জনাব সালেহ মোহাম্মদ - গেন্ডারীয়া শাখা
১৪. ড. সেলিনা আক্তার - মাদারীপুর শাখা
১৫. অ্যাড. মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি - ফুলছড়ি শাখা
১৬. জনাব মোঃ জাহেদুল ইসলাম জাহিদ - পুর্ব শান্তিরাম শাখা, গাইবান্ধা
১৭. জনাব মোঃ নাজির হোসেন বাবলা - অষ্টমীর চর শাখা, কুড়িগ্রাম
১৮. জনাব মোঃ আবু রায়হান মিয়া - রহমতপুর শাখা, গাইবান্ধা
১৯. জনাব মোঃ সেকেন্দার আলী - ধরনীবাড়ী শাখা, কুড়িগ্রাম
২০. জনাব সুবল চন্দ্র সরকার - উত্তর হাট বামুনী শাখা, গাইবান্ধা
২১. জনাব বিষ্ণু চন্দ্রদাস - উত্তর হাট বামুনী শাখা, গাইবান্ধা
২২. জনাব নরেশ চন্দ্র দাশ - উত্তর হাট বামুনী শাখা, গাইবান্ধা
২৩. জনাব মোঃ আইজ উদ্দিন - উত্তর হাট বামুনী শাখা, গাইবান্ধা
২৪. জনাব মোঃ আব্দুল খালেক - উত্তর হাট বামুনী শাখা, গাইবান্ধা
২৫. জনাব মোঃ শহিদুর রহমান সুজা - বজরা শাখা, কুড়িগ্রাম
২৬. জনাব মোঃ আনছারুল আলম - তৈলকুন্ডু শাখা, পাবনা
২৭. জনাব আব্দুস সাত্তার মন্ডল - তৈলকুন্ডু শাখা, পাবনা
২৮. জনাব মোহাম্মদ আলী খান - তৈলকুন্ডু শাখা, পাবনা
২৯. জনাব মোঃ মুন্নাফ শেখ - তৈলকুন্ডু শাখা, পাবনা
৩০. মোছাঃ আফরোজা বেগম - বাহাগিলী শাখা, নালফামারী
৩১. জনাব মোঃ শাহজাহান আলী সরকার - পলাশী ইউনিয়ন শাখা, লালমনিরহাট
৩২. জনাব এ কে আজাদ - দক্ষিণ মৌভাষা শাখা, রংপুর

৩৩. শ্রীমতী পতি বালা - বড়ভিটা শাখা, রংপুর
৩৪. মোছাঃ নাছিমা খাতুন - দক্ষিণ নুরুল্যাবাদ শাখা, নওগাঁ
৩৫. জনাব মোঃ আমির হোসেন - নজরুল নগর শাখা, ভোলা
৩৬. জনাব মোঃ আব্দুল মমিন বাবলু - আখাউড়া শাখা, বি. বাড়িয়া
৩৭. জনাব মোঃ সফিকুল ইসলাম - নাগরপুর শাখা, টাংগাইল
৩৮. জনাব আব্দুল খালেক মন্ডল - ভুয়াপুর শাখা
৩৯. জনাব মুহাম্মাদ শাহিন - লালবাগ শাখা
৪০. জনাব মিলন চন্দ্র বর্মণ - লালবাগ শাখা
৪১. জনাব তন্ময় - রামচন্দ্রপুর, গাইবান্ধা শাখা
৪২. জনাব রেজুয়ান আহমেদ - রামচন্দ্রপুর, গাইবান্ধা শাখা
৪৩. জনাব মোঃ শামছুল হক - নাগারপুর, টাংগাইল শাখা
৪৪. মিসেস নুপুর দেবী - সিন্দুনা ইউনিয়ন শাখা
৪৫. জনাব শাহ আলম মিন্টু - পলাশী ইউনিয়ন শাখা
৪৬. জনাব মোঃ মাহবুবুল মুনির - প্রাতিষ্ঠানিক সদস্য
৪৭. জনাব সাহান আসির - প্রাতিষ্ঠানিক সদস্য
৪৮. জনাব মোঃ আবুল কাশেম সানী - প্রাতিষ্ঠানিক সদস্য।

**ভার্চুয়াল জুমিং সিস্টেমে অংশগ্রহণকারী সদস্যগণ হলেন ঃ**

১. জনাব এম এ বাতেন - মিরপুর শাখা
২. মিসেস রাশিদা বেগম - মিরপুর শাখা
৩. মিসেস ইমেলদা হোসেন দীপা - সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখা
৪. মিসেস রাশেদা জেসমিন রোজী - সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখা
৫. জনাব বদরুল মান্নান - সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখা
৬. জনাব সাধন বোস - সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখা
৭. জনাব জামিল আব্দুল্লাহ রুবেল - সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখা
৮. জনাব মোহম্মদ মোসলেম - চট্টগ্রাম শাখা
৯. জনাব এস এম শোয়েব - চট্টগ্রাম শাখা
১০. মির্জা মোঃ মনছুরুল হক - চট্টগ্রাম শাখা
১১. জনাব আহমেদ হোসেন - চট্টগ্রাম শাখা
১২. মিসেস রেবেকা মোসলেম - চট্টগ্রাম শাখা
১৩. জনাব মোঃ মোশাররফ হোসেন - রাজশাহী শাখা
১৪. আলহাজ্ব মোঃ নূরুজ্জামান - রাজশাহী শাখা
১৫. জনাব মোঃ নাজমুল হক - রাজশাহী শাখা
১৬. প্রফেসর মোঃ আনোয়ার হোসেন - রাজশাহী শাখা
১৭. মিসেস কল্পনা রায় ভৌমিক - রাজশাহী শাখা
১৮. জনাব মোঃ জালাল উদ্দিন - লালমনিরহাট শাখা
১৯. জনাব মোঃ খাজের আলী - লালমনিরহাট শাখা
২০. জনাব মানোবেন্দ্র রায় (বিপুল) - লালমনিরহাট শাখা
২১. জনাব মোঃ আজিজুল হক বীর প্রতীক - লালমনিরহাট শাখা
২২. শ্রী সুপেন্দ্রনাথ দত্ত - লালমনিরহাট শাখা
২৩. অধ্যাপক মিঞা লুৎফার রহমান - ফরিদপুর শাখা

২৪. জনাব মোঃ মিজানুর রহমান - ফরিদপুর শাখা
২৫. জনাব মোঃ সিরাজুল ইসলাম হাওলাদার - ফরিদপুর শাখা
২৬. জনাব ফারুক আহমেদ হালিম - ফরিদপুর শাখা
২৭. জনাব জলিল মোল্যা - ফরিদপুর শাখা
২৮. জনাব মোঃ আব্দুল বাতেন সরকার - কুড়িগ্রাম শাখা
২৯. জনাব মোঃ কামরুজ্জামান খন্দকার রানা - কুড়িগ্রাম শাখা
৩০. ডাঃ আ ম শফিউজ্জামান - কুড়িগ্রাম শাখা
৩১. জনাব মোঃ নুরুল ইসলাম - কুড়িগ্রাম শাখা
৩২. জনাব মোঃ শফিকুল আলম - কুড়িগ্রাম শাখা
৩৩. জনাব অজয় কুমার পাল - জামালপুর শাখা
৩৪. জনাব মোছাঃ মেহেরুন নেছা মুক্তা - জামালপুর শাখা
৩৫. জনাব মঞ্জুরুল কাদের - জামালপুর শাখা
৩৬. জনাব এইচ আর জাহিদ আনোয়ার - জামালপুর শাখা
৩৭. এ্যাড. সমীর চন্দ্র কর - ফেনী শাখা
৩৮. জনাব মোঃ জামাল উদ্দিন ছুট্টু - ফেনী শাখা
৩৯. জনাব আবুল কালাম আজাদ সেলিম - ফেনী শাখা
৪০. জনাব ফারুক হোসেন - ফেনী শাখা
৪১. জনাব মোঃ জাকির হোসেন - ফেনী শাখা
৪২. জনাব আজহারুল আজাদ জুয়েল - দিনাজপুর শাখা
৪৩. জনাব মোঃ শামীম কবির - দিনাজপুর শাখা
৪৪. জনাব মোঃ আমিনুর রহমান - দিনাজপুর শাখা
৪৫. প্রনতী মন্ডল - দিনাজপুর শাখা
৪৬. জনাব মোঃ সাহিদুর রহমান - দিনাজপুর শাখা
৪৭. অধ্যাপিকা নার্গিস বেগম - যশোর শাখা
৪৮. প্রফেসর গোলাম মোস্তফা - যশোর শাখা
৪৯. কাজী আহম্মেদ রফিক - যশোর শাখা
৫০. জনাব আয়েশা সিদ্দীকা - যশোর শাখা
৫১. জনাব নির্মলা বিশ্বাস - যশোর শাখা
৫২. জনাব মোঃ ময়নুল ইসলাম রাজা - গাইবান্ধা শাখা
৫৩. জনাব মোঃ আব্দুর রাজ্জাক - গাইবান্ধা শাখা
৫৪. জনাব শামিম আরা বেগম - গাইবান্ধা শাখা
৫৫. মোছাঃ সাবিহা সুলতানা জাহান - গাইবান্ধা শাখা
৫৬. জনাব মোঃ লুৎফর রহমান - গাইবান্ধা শাখা
৫৭. জনাব মোঃ শহিদুল ইসলাম - প্রাতিষ্ঠানিক সদস্য, আহমেদ আব্দুর রহমান ট্রাস্ট
৫৮. অ্যাড. এ কে এম শহীদ উল্ল্যাহ - সাতক্ষীরা শাখা
৫৯. অধ্যক্ষ ইমদাদুল হক - সাতক্ষীরা শাখা
৬০. অধ্যক্ষ মোঃ এনামুল হক - সাতক্ষীরা শাখা
৬১. জনাব ইয়াসমিন আরা - সাতক্ষীরা শাখা
৬২. জনাব মোঃ আব্দুল লতিফ - সাতক্ষীরা শাখা
৬৩. প্রভাষক আ.ম.প. আনিছুর রহমান - নাগেশ্বরী শাখা
৬৪. জনাব মোঃ কামাল উদ্দিন - নাগেশ্বরী শাখা

৬৫. প্রভাষক মোঃ শরীফুল ইসলাম - নাগেশ্বরী শাখা
৬৬. প্রভাষক মনোয়ার হোসেন সিদ্দিকী - নাগেশ্বরী শাখা
৬৭. জনাব মোঃ ফরহাদ হোসেন - নাগেশ্বরী শাখা
৬৮. এ্যাড. মাহবুবার রহমান তালুকদার - ঝালকাঠি শাখা
৬৯. জনাব মোঃ আলমগীর হোসেন - ঝালকাঠি শাখা
৭০. জনাব মোঃ মনিরুল ইসলাম - ঝালকাঠি শাখা
৭১. জনাব মাহমুদ রুবেল হাসান খান - ঝালকাঠি শাখা
৭২. জনাব দিলীপ কুমার হালদার - ঝালকাঠি শাখা
৭৩. ডাঃ অজন্তা রানী সাহা - কিশোরগঞ্জ শাখা
৭৪. অ্যাড.মায়া ভৌমিক - কিশোরগঞ্জ শাখা
৭৫. জনাব বিলকিছ বেগম - কিশোরগঞ্জ শাখা
৭৬. জনাব লিজা আক্তার - কিশোরগঞ্জ শাখা
৭৭. জনাব শরমিন আক্তার - কিশোরগঞ্জ শাখা
৭৮. জনাব মোঃ দেলোয়ার হোসেন - মঠবাড়িয়া শাখা
৭৯. জনাব মোঃ আবু তালেব - পাটগ্রাম শাখা, লালমনিরহাট
৮০. জনাব মোঃ আওলাদ হোসেন - পাটগ্রাম শাখা, লালমনিরহাট
৮১. জনাব মোঃ হুমায়ুন কবির - পাটগ্রাম শাখা, লালমনিরহাট
৮২. জনাব মোঃ হাফিজুল ইসলাম - পাটগ্রাম শাখা, লালমনিরহাট
৮৩. জনাব মোঃ আব্দুল মালেক - পাটগ্রাম শাখা, লালমনিরহাট
৮৪. গাজী নজরুল ইসলাম সাবু - চিলমারী শাখা, কুড়িগ্রাম
৮৫. জনাব মোঃ মাহবুবুর রহমান - উলিপুর শাখা, কুড়িগ্রাম
৮৬. জনাব মোঃ নুরুল ইসলাম বীর মুক্তিযোদ্ধা - উলিপুর শাখা, কুড়িগ্রাম
৮৭. জনাব মোঃ আজাহার আলী - উলিপুর শাখা, কুড়িগ্রাম
৮৮. জনাব মোঃ লুৎফর রহমান - উলিপুর শাখা, কুড়িগ্রাম
৮৯. জনাব মোছাঃ মিনা বেগম - উলিপুর শাখা, কুড়িগ্রাম
৯০. জনাব মোঃ হাফিজুর রহমান - হাতিয়া শাখা, কুড়িগ্রাম
৯১. জনাব মোঃ এমদাদুল হক - হাতিয়া শাখা, কুড়িগ্রাম
৯২. জনাব মোঃ আদম আলী - হাতিয়া শাখা, কুড়িগ্রাম
৯৩. জনাব মোঃ লৎফর রহমান - হাতিয়া শাখা, কুড়িগ্রাম
৯৪. জনাব মোঃ মিনহাজুল ইসলাম - হাতিয়া শাখা, কুড়িগ্রাম
৯৫. জনাব মোঃ নুর আলম - উলিপুর পৌর শাখা, কুড়িগ্রাম
৯৬. জনাব মোঃ ইউনুস আলী - পলাশবাড়ী শাখা, কুড়িগ্রাম
৯৭. জনাব ফখরুল হক খন্দকার - পলাশবাড়ী শাখা, কুড়িগ্রাম
৯৮. জনাব মোঃ জয়নাল আবেদীন - পলাশবাড়ী শাখা, কুড়িগ্রাম
৯৯. জনাব মোঃ মিজানুর রহমান - পলাশবাড়ী শাখা, কুড়িগ্রাম
১০০. জনাব চপল ব্যানার্জী - পলাশবাড়ী শাখা, কুড়িগ্রাম
১০১. জনাব মোঃ আবু সুফিয়ান - নাজিম খান শাখা, কুড়িগ্রাম
১০২. জনাব মোঃ জয়নুল আবেদীন - নাজিম খান শাখা, কুড়িগ্রাম
১০৩. জনাব মোঃ আব্দুল লতিফ - নাজিম খান শাখা, কুড়িগ্রাম
১০৪. জনাব নুর হোসেন - নাজিম খান শাখা, কুড়িগ্রাম
১০৫. মাওলানা আমিনুল ইসলাম - নাজিম খান শাখা, কুড়িগ্রাম

১০৬. জনাব আবু আসাদ মোঃ মাসুম (আপেল) - চাকিরপশা শাখা, কুড়িগ্রাম
১০৭. জনাব মোঃ আমিনুল ইসলাম - বুড়াবুড়ি শাখা, কুড়িগ্রাম
১০৮. জনাব মোঃ আব্দুর রশিদ বীর মুক্তিযোদ্ধা - বুড়াবুড়ি শাখা, কুড়িগ্রাম
১০৯. জনাব মোঃ আবুবক্কর সিদ্দিক - বুড়াবুড়ি শাখা, কুড়িগ্রাম
১১০. জনাব মোঃ আব্দুল আজিজ - বুড়াবুড়ি শাখা, কুড়িগ্রাম
১১১. জনাব মোঃ বাচ্চু মিয়া - বুড়াবুড়ি শাখা, কুড়িগ্রাম
১১২. আলহাজ্ব মোঃ আব্দুল আজিজ - পাড়ুল শাখা, কুড়িগ্রাম
১১৩. জনাব মোঃ শামছুল হক - পাড়ুল শাখা, কুড়িগ্রাম
১১৪. জনাব মোঃ ফজলুল হক - পাড়ুল শাখা, কুড়িগ্রাম
১১৫. জনাব রবীন্দ্রনাথ - পাড়ুল শাখা, কুড়িগ্রাম
১১৬. জনাব মোঃ খোরশেদ আলম - পাড়ুল শাখা, কুড়িগ্রাম
১১৭. জনাব মোঃ হাকিবুর রহমান - হারাগাছা পৌরসভা শাখা
১১৮. জনাব মোঃ মতিন - ছোট খাতা শাখা, নীলফামারী
১১৯. শেখ মোঃ মেহেদী হাসান - রাজিবপুর শাখা, কুড়িগ্রাম
১২০. জনাব মোঃ মামুনুর রশীদ মামুন - ভিতরবন্দ শাখা, কুড়িগ্রাম
১২১. জনাব নুর মোহাম্মদ - ভিতরবন্দ শাখা, কুড়িগ্রাম
১২২. মোছাঃ রহিমা বেগম - ভিতরবন্দ শাখা, কুড়িগ্রাম
১২৩. জনাব মোঃ আব্দুল কাদের - ভিতরবন্দ শাখা, কুড়িগ্রাম
১২৪. জনাব বিজয় চন্দ্র পাল - ভিতরবন্দ শাখা, কুড়িগ্রাম
১২৫. জনাব মোঃ মোফাজ্জল হক - মুক্তারাম শাখা, কুড়িগ্রাম
১২৬. জনাব মোঃ আলতাফ হোসেন - মুক্তারাম শাখা, কুড়িগ্রাম
১২৭. জনাব মোঃ রফিকুল ইসলাম - মুক্তারাম শাখা, কুড়িগ্রাম
১২৮. জনাব মোঃ একরামুল আলী - মুক্তারাম শাখা, কুড়িগ্রাম
১২৯. মোছাঃ মেরিনা বেগম - মুক্তারাম শাখা, কুড়িগ্রাম
১৩০. মোনায়েম খান - হোসেনপুর শাখা, দিনাজপুর
১৩১. জনাব মোঃ খলিলুর রহমান - মগরখালী শাখা, ঝিনাইদহ
১৩২. জনাব হারুনুর রশিদ ফারুক - কটিয়াদী শাখা
১৩৩. মোছাঃ সুলতানা খাতুন - দৌলতপুর শাখা
১৩৪. জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া - প্রাতিষ্ঠানিক সদস্য
১৩৫. ডাঃ তাজকেরা খানম খুরশিদ - প্রাতিষ্ঠানিক সদস্য

সভার উদ্বোধনী পর্বের প্রারম্ভে সুইড জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার প্রধান অতিথি এবং বাংলাদেশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ও সুইড বাংলাদেশের উপদেষ্টা কমিটির সভাপতি আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ ফজলে রাব্বী মিয়া এমপি সুইড ভবনের ৭ম তলায় 'তিনি বিদুষী ছিলেন হিতৈষী ঃ মমতাজ বেগম বকুল স্মারকগ্রন্থের' মোড়ক উন্মোচন করেন এবং একই সাথে 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' নামে নবনির্মিত মসজিদ এবং 'সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা' এর শুভ উদ্বোধন করেন। মাননীয় প্রধান অতিথি এ সকল উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে তার বক্তব্যের স্মৃতিচারণে বলেন- "মমতাজ বেগম বকুল ছিলেন একজন সেবাব্রতি নারী। তিনি ছিলেন একজন নারী সমাজ সেবিকা। তিনি মামুন ভাই এর সহধর্মিণী। মামুন ভাই ও বকুল ভাবীর পরিবারের সাথে আমাদের পারিবারিক সান্নিধ্য ও ঘনিষ্ঠতা বহু দিনের। এনডিডি বা এসকল বুদ্ধি প্রতিবন্ধীদের কল্যাণ, শিক্ষা-প্রশিক্ষণ, প্রসার ও উন্নয়ন এবং সামাজিক কার্যক্রমে মমতাজ বকুল ভাবীর অবদান অপরিসীম। মমতাজ ভাবী এ সকল প্রতিবন্ধী ছেলেমেয়েদের জন্য সমাজ সেবায় ব্রতি হয়ে নিজেকে নিয়োজিত করেন এবং দেশ ও জাতির কল্যাণে অনবদ্য, অসমান্য অবদান রাখেন"। তিনি তার স্মৃতিচারণের এক পর্যায়ে তার জীবনের সেই

মুহূর্তের কথাগুলো তুলে ধরেন- "তার দু সন্তান আরিফ ও আফজাল যারা বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিজম সমস্যাগ্রস্থ হয়ে বেড়ে উঠছিলেন এবং পরিপূর্ণ বিকাশ জীবনে আরোহণের পূর্বেই প্রতিবন্ধিতাসহ বিভিন্ন শারীরিক ও মানসিক সমস্যাগ্রস্থ হয়ে মাত্র কিশোর বয়সেই এই ধরণীর সকল মায়া-মমতা ও ভালোবাসা ত্যাগ করে পরোলোকে গমন করেন। তার এই বেদনা বিধুর স্মৃতি অন্তরে চিরন্তন। মামুন ভাই আর আমার জীবন প্রায় একই গতিধারায় বহমান। আমার স্ত্রীও বকুল ভাবীর মতো দীর্ঘ রোগ যন্ত্রণায় জর্জরিত ছিলেন। চিকিৎসা ও সেবা-যত্ন দিয়ে আগলে রেখেছিলাম। প্রাণান্তর প্রচেষ্টা চালিয়েছিলাম তাকে সুস্থ রাখতে কিন্তু তিনিও আজ থেকে ৪৫ দিন আগে পরলোক গমন করেছেন। 'মমতাজ বেগম বকুল স্মারক গ্রন্থের' প্রচ্ছদ অঙ্কন করেছেন মোঃ মনিরুল ইসলাম, সুন্দর প্রচ্ছেদের জন্য তাকে ধন্যবাদ জানাই।" অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রকাশক আশিক জান্নাত রুপম, অনন্ত প্রকাশনীর উপদেষ্টা সম্পাদক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, সম্পাদক মোঃ রফিকুল আলম খন্দকার এবং সহযোগী সম্পাদক জনাব সোহেল রানা।

সুইড সভাপতি অনুষ্ঠানে প্রধান অতিথিকে 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' নামে নবনির্মিত মসজিদ নির্মাণে যার অবদান অনস্বীকার্য সুইড বাংলাদেশের ১ম যুগ্ম-মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির এবং শহীদ জননী খুরশিদ আরা ফাউন্ডেশন এর সম্পর্কে এবং সুইড ভবনের ৭ম তলায় সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনায় ২১ বছর উর্ধ্ব বয়সি বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক শিক্ষার্থীদের উপার্জনমুখী/আয়মুখী প্রশিক্ষণ নিশ্চিত করা, বিনোদন, প্রাক কর্মসংস্থান এবং দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ, পুনর্বাসন ও কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রমে তাদের নিয়মিত অংশগ্রহণ ও ভূমিকার বিষয়ে সংক্ষিপ্তভাবে তুলে ধরেন।

এরপর বার্ষিক সাধারণ সভার উদ্বোধনী পর্বে সুইড বাংলাদেশের পরিচালক মোহাম্মদ নূরুল ইসলাম এর উপস্থাপনায় ৪১তম বার্ষিক সাধারণ সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়।

শোক প্রস্তাব উত্থাপন ও শ্রদ্ধা নিবেদন এবং দোয়া প্রার্থনা –'সুইড'র মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা কোভিড-১৯ ভাইরাস এ আক্রান্ত হওয়ায় তিনি হাসপাতালে চিকিৎসাধীন থাকার কারণে তার অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত মহাসচিবের দায়িত্ব পালন করেন 'সুইড'র ১ম যুগ্ম-মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির।

অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলন গত বছরে 'সুইড'র যে সকল স্বজন-কর্মকর্তা-কর্মচারী-সুহৃদ-সহযোগী এবং দেশ বরেণ্য ব্যক্তিবর্গ মৃত্যুবরণ করেছেন তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে নামের তালিকা উপস্থাপন করেন।

বিগত এক বছর সময়ের মধ্যে যাদের আমরা হারিয়েছি– স্বশ্রদ্ধচিত্তে তাদের নাম নিম্নে উল্লেখ করছি :

- মিরপুর শাখার ছাত্র রবিউল হাসান ;
- সিলেট শাখার প্রতিষ্ঠাতা সদস্য, প্রাক্তন কোষাধ্যক্ষ, বর্তমান নির্বাহী কমিটির সদস্য ও প্রাক্তন শিক্ষিকা খয়রুন্নেছার স্বামী মোঃ নওরোজ আলী এডভোকেট ;
- সিলেট শাখার অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য, প্রাক্তন সভাপতি ও বর্তমান সদস্য আবুল ফজল মোহাম্মদ কামাল ;
- 'সুইড'-'র দীর্ঘ সময়ের দায়িত্ব পালনকারী সাবেক কোষাধ্যক্ষ, ৩য় সহ-সভাপতি, সাংগঠনিক সম্পাদক ও সাবেক মহাসচিব জনাব জি ডব্লিউ এইচ চৌধুরীর একমাত্র ছেলে আবরার চৌধুরী ;
- রমনা শাখা ছাত্র শেখ তানভীর আহমেদ তাপস ;
- ল্যাবরেটরী মডেল স্কুলের শিশু শ্রেণীর ছাত্র অনন্ত ;
- ল্যাবরেটরী মডেল স্কুলের সহকারী শিক্ষক মিসেস ইসমত আরা চৌধুরীর স্বামী মোঃ ফসিউল আলম ;
- জামালপুর শাখার সাবেক কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ ও জাতীয় কাউন্সিলের অভিভাবক প্রতিনিধি এবং ভকেশনাল শ্রেণীর ছাত্র মোঃ শহিদুল হক সজীব এর পিতা মোঃ শামছুল হক ;
- কুমিল্লা শাখার কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি মোঃ মাহাবুব উল্লাহ চৌধুরী ;
- চট্টগ্রাম শাখার ছাত্র মোঃ এহতেশাম হায়দার;
- ভাতগ্রাম সাদুল্লাহপুর শাখার প্রতিষ্ঠাতা সভাপতি ডাঃ মোঃ ইউনুস আলী সরকার, এমপি ;
- সুইড প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মোঃ মোখলেছুর রহমান বাবুর পিতা মোঃ মোজাম্মেল হক ;

- রমনা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্য মোঃ ইয়াকুব হোসেন ;
- লালমনিরহাট শাখার শিক্ষা সহকারী ফরিদা বেগম ;
- ঝালকাঠি শাখার প্রধান শিক্ষক মিসেস লুৎফুন্নেছার মাতা ও শাখার নির্বাহী সচিব জনাব মোঃ আলমগীর হোসেন এর শাশুড়ি মিসেস মমতাজ বেগম ;
- সুইড জাতীয় নির্বাহী কমিটির সদস্য মিসেস রাশিদা বেগমের বড় বোন মাজেদা বেগম মোনা ;
- জামালপুর শাখার সিনিয়র শিক্ষিকা মিসেস সীমা রানীর পিতা ভবেশ কুমার বিশ্বাস ;
- জামালপুর শাখার প্রধান শিক্ষক মিসেস মমতাজ বেগমের মাতা শামছুন্নাহার ;
- জামালপুর শাখার ১ম সহ-সভাপতি জনাব খন্দকার হাফিজুর রহমান বাদশার শাশুড়ী সৈয়দা খানম চম্পা ;
- কুমিল্লা শাখার প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি আশরাফ আলী চৌধূরী ;
- বাংলাদেশ জাতীয় সংসদ এর মাননীয় ডেপুটি স্পিকার ও সুইড উপদেষ্টা পরিষদের সভাপতি, আলহাজ্ব মোঃ ফজলে রাব্বী মিয়ার সহধর্মিণী ও প্রতিবন্ধী আফজাল, আরিফ এর মাতা আনোয়ারা রাব্বী;
- পীরোজপুর শাখার সভাপতি এডভোকেট সরোয়ার হোসেন ;
- সুইড জাতীয় নির্বাহী কমিটির সদস্য মিসেস রাশিদা বেগম এর খালাতো ভাই আব্দুল জলিল এবং ভাবী ফেরদৌসী বেগম ;
- 'ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ' এর ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা জামাল এম এ নাসের ;
- 'ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ' এর পরিচালক এম এ মোনেম ;
- সুইড জাতীয় নির্বাহী কমিটির সদস্য মিসেস রাশিদা জেসমিন রোজী এর ভাই ডাঃ আজিজুর রহমান রাজু ;
- বরেণ্য শিক্ষাবিদ প্রফেসর ড. এম আনিসুজ্জামান ;
- বরেণ্য শিক্ষাবিদ ও প্রকৌশলী প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী ;
- সুইড নাটোর শাখার প্রতিষ্ঠাতা সভাপতি ও সাবেক গণপরিষদ সদস্য এ্যাডভোকেট সাইফুল ইসলাম ;
- জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক ও স্পেশাল অলিম্পিক বাংলাদেশের ভাইস চেয়ারম্যান জনাব ইসাহাক ভুইয়া ;
- সুইড বাংলাদেশের অডিটর বাবু কাঞ্চিলাল দাস ;
- পাবনা শাখার ছাত্র মোঃ আকাশের পিতা মোঃ সুমন আলী ;
- সুইড চট্টগ্রাম শাখার শিক্ষা সহকারী আব্দুল আজিজ ;
- সুইড বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা সহ-সভাপতি, জনাব দেবপ্রিয় বড়ুয়া (ডি.পি. বড়ুয়া) ;
- সুইড রাজশাহী শাখার সভাপতি জনাব মোশারফ হোসেনের বড় ভাই সাজ্জাদ হোসেন ;

সভায় উল্লিখিত মৃত ব্যক্তিদের বিদেহী আত্মার মাগফিরাত ও শান্তি প্রার্থনা করে দোয়া পরিচালনা করা হয়। দেশ জাতি ও মানুষের কল্যাণ এবং করোনা ভাইরাস এর মহামারী থেকে সকল মানুষের আরোগ্য কামনায় দোয়া পরিচালনা করেন ইস্কাটন জামে মসজিদের ইমাম জনাব আশরাফ আলী। এরপর সভায় জাতীয় সংগীত পরিবেশন করা হয়। মিলনায়তনে অংশগ্রহণকারী সকলেই দাঁড়িয়ে জাতীয় সংগীত পরিবেশনের সময় সম্মান প্রদর্শন করেন।

'সুইড'-র ভারপ্রাপ্ত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির শুভেচ্ছা বক্তব্যের শুরুতেই বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার, সুইড জাতীয় উপদেষ্টা কমিটির সভাপতি ও সভার প্রধান অতিথি আলহাজ্ব মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপিকে 'সুইড-র অকৃত্রিম বন্ধু, শুভানুধ্যায়ী ও সেবাব্রতিময় হিসেবে আখ্যায়িত করেন। বিশ্বব্যাপী 'কোভিড-১৯' ভাইরাসের কারণে সৃষ্ট এই মহামরী সংকটের মধ্যেও তাঁর সদয় উপস্থিতির জন্য সুইড পরিবারের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। জাতীয় কাউন্সিলের ৪১ তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) অংশগ্রহণকারী সকলকে (অনলাইন/ভার্চুয়ালসহ) স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে বলেন "গ্রীষ্মের শেষভাগে এসেও বাঙ্গালীর ঘরে ঘরে এখনো মৌসুমী ফলের সমারোহ বিদ্যমান। আম-কাঁঠালের মিষ্টি ঘ্রাণে আমাদের মন ভরে আছে। আমি আপনাদের সেই সুন্দর মন, শান্তিপূর্ণ জীবন ও সুখ-সমৃদ্ধি কামনা করছি। এবারের 'এজিএম' একটা অপ্রত্যাশিত ভয়াবহ পরিস্থিতিতে অনুষ্ঠিত হচ্ছে। আপনারা জানেন, 'করোনা ভাইরাস' সারা

বিশ্বকে প্রতিমুহূর্তে মৃত্যু আতঙ্কে কাঁপিয়ে তুলেছে। শত শত মানুষের জীবন খুবই অসহায়ত্ব ও করুণ মৃত্যুতে ঝরে পড়ছে। আমরা কখন, নিরাপদ হবো জানিনা। আমরা চিকিৎসাবিহীন অনিবার্য মরণ আতঙ্কে ভীত-সন্ত্রস্ত আছি। করোনা ভাইরাস-এর ভ্যাকসিনের জন্য অপেক্ষা করছি। বিধাতার কাছে আমাদের প্রার্থনা আমরা যেন এই সুন্দর পৃথিবীর নিরাপদ আশ্রয়ে বেঁচে থাকতে পারি। আপনারা 'করোনা'-'র মহামারী অবস্থাকে মাথায় নিয়ে ঢাকা ও ঢাকার বাইরে- দূর দূরান্ত অঞ্চল থেকে বার্ষিক সাধারণ সভায় যোগদান করছেন- এর জন্য আমি ব্যক্তিগতভাবে ও জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। যারা প্রতিকূল পরিস্থিতির কারণে সভায় উপস্থিত না হয়ে 'অন-লাইন/ভারচ্যুয়াল যোগাযোগ ব্যবস্থায় সভায় অংশগ্রহণ করছেন তাঁদেরও কৃতজ্ঞতা ও স্বাগত-শুভেচ্ছা জানিয়ে ৪১তম বার্ষিক সাধারণ সভায় শুরু করছি। সুইড বাংলাদেশ এর জাতীয় কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ আপনারা জানেন পৃথিবীর একটি বৃহৎ জনকল্যাণমূলক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান 'সুইড বাংলাদেশ'। যার চালিকা শক্তি হিসেবে আপনারা নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএ্যাবিলিটিস (এনডিডি) সম্পন্ন জনগোষ্ঠীর শিক্ষা, প্রশিক্ষণ, সামাজিক মর্যাদা, নিরাপত্তা, কর্ম-সংস্থান, বিনোদন, সম-অধিকার সংরক্ষণ ও পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নে নিবেদিত প্রাণে কাজ করছেন। মানবকল্যাণে ও মানবাধিকার প্রতিষ্ঠায় আপনাদের এই মহৎ সেবা সফল হোক। 'সুইড' এর সকল কর্মসুচী বাস্তবায়ন ও ভবিষ্যৎ উন্নয়ন প্রচেষ্টা সুদৃঢ় হোক। জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে এই শুভ কামনা জানাই।

আজকের ৪১তম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) আপনারা ঢাকা ও দেশের দূর-দূরান্ত থেকে অনেক কষ্ট স্বীকার করে উপস্থিত হয়ে 'এজিএম'কে সফল করেছেন– সেজন্য আপনাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং জাতীয় নির্বাহী কমিটির পক্ষে মহাসচিবের "বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০২০" অদ্যকার বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করছি। প্রতিবছর এজিএম-এ বার্ষিক কর্ম-পরিকল্পনায় অনেক উন্নয়ন ও অগ্রগতির কথা বলা হয়। সবচেয়ে বেশী আলোচিত হয় 'সুইড'- স্কুলগুলি সরকারী অর্থায়নের অন্তর্ভুক্ত হচ্ছে না কেন? আমরা শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা দিতে পারছি না। এই সমস্যা তথা 'সুইড'র তহবিলে প্রচণ্ড আর্থিক সঙ্কট থাকা সত্ত্বেও আমাদের কর্ম-তৎপরতা থেমে থাকছে না। সরকারী অর্থায়নভুক্তি সহ আমদের উন্নয়ন প্রচেষ্টা অব্যাহত আছে। সরকারী নির্দেশনার প্রেক্ষিতে 'সুইড'-'র যেসকল নতুন স্কুল ভিত্তিক (৪৯০টি) তথ্য তালিকা দাখিল করা হয়েছে, সে স্কুলসমূহের অবস্থান, সম্পদ-জায়গা-জমি, শিক্ষক-শিক্ষার্থী সংখ্যা ও শিক্ষকদের যথার্থ যোগ্যতা মন্ত্রণালয় কর্তৃক যাচাই-বাছাই করার পর প্রজ্ঞাপনের মাধ্যমে এমপিও ভুক্ত হবে বলে আশা করছি। মন্ত্রণালয় থেকে এমন আশ্বাস পাওয়া গেছে। সম্পূর্ণ বিষয়টি মন্ত্রণালয়ের বিবেচনা ও প্রক্রিয়াধীন আছে। আমরাও একটা ইতিবাচক সাফল্য আশা করছি। এছাড়া গত বছরের শিক্ষা কার্যক্রমে 'সুইড'-'র ৫২৮টি স্কুল উল্লেখ করা হয়েছিল। আমরা শিক্ষা কার্যক্রম দেশের 'এনডিডি' প্রতিবন্ধী শিশুদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে এ বছর আরো ২৫টি নতুন স্কুলসহ 'সুইড'-'র সম্প্রসারিত ধারাবাহিক কার্যক্রমে মোট ৫৫৩ টি স্কুলের নাম সংযোজন করছি। এদিকে 'সুইড'-'র তহবিলে অর্থ সাশ্রয়ের ব্যবস্থা হিসেবে 'সুইড'-কে সাসটেইনেবল প্রতিষ্ঠান হিসেবে শক্ত ভিত্তিতে দাঁড় করানোর লক্ষ্যে ৪র্থ তলা থেকে ৭ম তলা পর্যন্ত ঊর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। তবে অনেক টাকা ঋণ হয়েছে। কিন্তু সম্প্রসারিত নির্মাণ কাজ থেমে থাকেনি। এখানে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কমিটির আহবায়ক ও জাতীয় নির্বাহী কমিটির ১ম যুগ্ম-মহাসচিব হিসেবে নিবেদিত প্রাণে ব্যক্তিগত উদ্যোগে ধার ও অনুদান সংগ্রহ করে এবং সার্বক্ষণিক তত্ত্বাবধানের মাধ্যমে নির্মাণ কাজ সম্পন্ন করতে বিশেষভাবে সহযোগিতা করার অবিরাম প্রয়াস চালিয়ে যাচ্ছি। 'সুইড'-'র উন্নয়ন পরিকল্পনার প্রধান উদ্যোক্তা ও কর্ণধার-জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর বিশেষ অবদান ও তাঁরই সহযোগী সহধর্মিণী 'সুইড'-'র নির্বাহী সদস্য প্রয়াত মমতাজ বেগম বকুলের স্মৃতি স্মরণীয় করে রাখার জন্য ৭ম তলায় "সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা' এবং আমার মাতার পূণ্য স্মৃতি স্মরণ করে "সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ" নামে মসজিদ নির্মাণ ও উদ্বোধন করা হয়েছে। প্রসঙ্গত আরো দুটি উল্লেখযোগ্য বিষয় হচ্ছে- শহীদ মুক্তিযোদ্ধা মাজহারুল মুনির এর নাম স্মরণীয় করে রাখার জন্য আমাদের নিজ এলাকায় সুইড শহীদ মুক্তিযোদ্ধা মাজহারুল মুনির বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়, ভবানীগঞ্জ, লক্ষ্মীপুর এবং 'সুইড'-'র ডাউন সিনড্রোম বৈশিষ্ট্য সম্পন্ন শিক্ষার্থী প্রজ্ঞা পারমিতা রায় (বর্তমানে বৈবাহিক জীবনে পুনর্বাসিত ও কন্যা সন্তান মধুরিমা রায়ের গর্বিত জননী)-'র নামে ঢাকা মহানগরীর লালবাগ এলাকায় "সুইড পারমিতা বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়" প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়া দেশের বিভিন্ন অঞ্চলে 'সুইড'-'র কার্যক্রমের আওতায় নিয়োগ প্রাপ্ত শিক্ষক/স্থানীয় অভিভাবক/স্বেচ্ছাসেবী ও অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষক/পেশাজীবীদের বিশেষ শিক্ষা বিষয়ে মৌলিক শিক্ষা গ্রহণের সুবিধা সৃষ্টির লক্ষ্যে ৮টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। এ সকল কেন্দ্রে কর্মরত অভিজ্ঞ শিক্ষক ও

নীডা (NIIDA)-র তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শাখার সহযোগিতায় সপ্তাহব্যাপী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। ফলে শাখা সমূহের শিক্ষকদের প্রশিক্ষণের আর্থিক খরচ ছাড়াও কষ্ট করে ঢাকায় আসতে হয়না। তবে বিভিন্ন থেরাপিউটিকস বিষয়ভিত্তিক অগ্রবর্তী প্রশিক্ষণের জন্য ঢাকা আসতে হবে।

মহাসচিব তার শুভেচ্ছা বক্তব্যে সুইড ভবনের সম্প্রসারণ, বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, সুইড বাংলাদেশে তার অন্তর্ভুক্তিকরণ, সুইড ভবনের ৪র্থ তলায় সুইড প্রধান কার্যালয়ের অফিস স্থানান্তর, ৫ম-৬ষ্ঠ তলার সম্প্রসারণ এবং ৭ম তলায় 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' নামে নবনির্মিত মসজিদ এবং 'সুইড বকুলমামুন মালটি পারপাস এরিনা'এর নির্মাণ বিষয়ে তার সম্পৃক্ততা ও অর্থ যোগানের বিষয়ে আলোকপাত করেন। তিনি সকলকে সুইড'র এ সকল কাজের পরিক্রমা তুলে ধরেন। তিনি বলেন, আমি ও বিশেষ করে আমাদের অর্থ সচিব যোবায়েদুর রহমান মিলন ভাই এবং সকলেই রোদ বৃষ্টি উপেক্ষা করে সহযোগী হিসেবে এ সকল কাজে অনবদ্য অবদান রেখেছেন। এবারের বার্ষিক প্রতিবেদনে আরো একটি বিশেষ উল্লেখযোগ্য বিষয় হচ্ছে-'সুইড'-'র সম্মানিত সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুনের প্রস্তাব মতে 'সুইড'-'র প্রাপ্ত বয়স্ক ২১ ঊর্ধ্ব বছর বয়সী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক শিক্ষার্থীদের আর বিশেষ শিক্ষা ক্লাশে না রেখে তাদের মনোযোগ ও দক্ষতা অনুযায়ী বৃত্তিমূলক কারিগরি প্রশিক্ষণ, ক্রীড়া ও সাংস্কৃতিক, প্রশিক্ষণ দিয়ে সামাজিক পুনর্বাসনের লক্ষ্যে একটি বৃত্তিমূলক প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র প্রতিষ্ঠার পরিকল্পনা এবং সুইড ভবনের সম্মুখের ৩৪ কাঠা জায়গায় একটি অত্যাধুনিক 'সুইড একাডেমী অন নিউরো-ডেভেলপমেন্টাল ডিস্এ্যাবিলিটিস' সংক্রান্ত একটি পাবলিক- প্রাইভেট পার্টনারশিপ এর আওতায় ডিপিপি প্রণয়নের পরিকল্পনা রয়েছে। আশা করি আপনাদের আন্তরিক সহযোগিতায় এই কাজগুলো বাস্তবায়ন করতে সক্ষম হবো।

সুইড উপদেষ্টা কমিটির সভাপতি ও বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় ডেপুটি স্পিকার আলহাজ্ব মোঃ ফজলে রাব্বী মিয়া, এমপি শুভেচ্ছা বক্তব্যে বলেন, "বরাবরের মতো আমি এবারও 'সুইড'-র জাতীয় কাউন্সিলের ৪১তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হতে পেরে আমি গৌরবান্বিত ও আনন্দিত। আমরা আজ বিশ্বব্যাপী এক মহামারী কোভিড-১৯ নামক ভাইরাসে আক্রান্ত। বিশ্ব আজ অসহায় হয়ে দাঁড়িয়ে আছে। অনেক মানুষ সারা বিশ্বে এ ভাইরাসের কারণে মৃত্যুবরণ করছে। মানব জীবন গোটা বিশ্বে আজ বিপর্যস্ত। এখনও কোন প্রতিষেধক টিকা বা ভ্যাসকিন তৈরি হয়নি। উন্নত দেশগুলো তাদের প্রচেষ্টা ও গবেষণা চালিয়ে যাচ্ছে নিরলস ও অবিরতভাবে। বাংলাদেশেও তার ব্যত্যয় ঘটেনি। দেশ আজ এক কঠিন সময়ের উপরে বহমান। আমি খুবই আনন্দিত যে, আমার মাধ্যমে 'তিনি বিদুষী ছিলেন হিতৈষী ঃ মমতাজ বেগম বকুল স্মারকগ্রন্থের' মোড়ক উন্মোচন এবং একই সাথে 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' নামে নবনির্মিত মসজিদ এবং 'সুইড বকুলমামুন মালটি পারপাস এরিনা'এর শুভ উদ্বোধন করা হয়েছে। সুইড'র ৪১তম বার্ষিক সাধারণ সভার মাধ্যমে সারা দেশব্যাপী সুইড'র কার্যক্রম আরো সম্প্রসারিত হবে। সুইড এগিয়ে যাচ্ছে এবং যাবে। সুইড জাতীয় উপদেষ্টা কমিটি, সুইড জাতীয় নির্বাহী কমিটি সুইড বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নয়ন ধারা ও প্রচেষ্টা অব্যাহত রেখে বাংলাদেশের সকল নিউরো ডেভলপমেন্টাল প্রতিবন্ধিতা সম্পন্ন জনগোষ্ঠীকে সমাজের মূল স্রোতধারায় আনয়নে আজ অনেকটাই সফল। সুইড আজ সত্যিই এক অনবদ্য 'সেবাব্রতি পুণ্যতীর্থ'। এই হাউজে এবং অনলাইন জুমিং সিস্টেমে উপস্থিত সকল সদস্য-অভিভাবকসহ বিশেষ শিক্ষক-কর্মচারী সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে 'সুইড' জাতীয় কাউন্সিলের ৪১ তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা করছি।"

মাননীয় ডেপুটি স্পিকার এরপর সভাস্থল ত্যাগ করেন।

এরপর সুইড এর সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন বার্ষিক সাধারণ সভার 'নির্ধারিত' এজেন্ডা অনুযায়ী সভার কাজ শুরু করেন এবং সভার ভারপ্রাপ্ত মহাসচিবকে আলোচ্যসূচি উপস্থাপন করার অনুরোধ করেন।

**ভারপ্রাপ্ত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির একে একে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপন করেন ঃ**

২। বিগত বার্ষিক সাধারণ সভার (২৫/০৫/২০১৯) কার্যবিবরণী বিবেচনা ও দৃঢ়করণ; (সভার দিন (১০/০৭/২০২০) নিবন্ধন ডেস্কে কপি থাকবে।) মহাসচিব বলেন, "সারাদেশব্যাপী করোনা ভাইরাস এর মহামারী সংক্রমণের ফলে বরাবরের ন্যায় এই কার্যবিবরণীটি নোটিশের সাথে পাঠানো যায়নি। এমতাবস্থায় এই কার্যবিবরণীটি নোটিশসহ শুধু বার্ষিক প্রতিবেদনে ছাপানো হয়েছে। এতে কোন সংশোধনী থাকলে তা লিপিবদ্ধসহ কার্যবিবরণীটি পঠিত ও সঠিক হয়েছে মর্মে সম্মতি পেলে চূড়ান্ত অনুমোদন করা যেতে পারে।" অতঃপর সদস্যগণ সম্মিলিত কণ্ঠে ও হাত তুলে 'পাশ' বললে সভাপতি বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে চূড়ান্ত অনুমোদন ঘোষণা করেন।

### ৩। বার্ষিক প্রতিবেদন (২০১৯-২০২০) বিবেচনা ও অনুমোদন।

- মহাসচিব ৮৮ পৃষ্ঠার ছাপানো বার্ষিক প্রতিবেদন (বই) মহাসচিবের শুভেচ্ছা বক্তব্য থেকে উপসংহার পর্যন্ত খুবই সংক্ষিপ্তভাবে মোট ১৭ টি বিষয় সূচির মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম ভিত্তিক কর্ম প্রতিবেদন/বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এ সকল কার্যক্রম যথা ঃ 'সুইড'র সাংগঠনিক কার্যক্রম, জাতীয়-আন্তর্জাতিক দিবস উদযাপন, সারাদেশের বিভিন্ন জেলায় সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন ও এনডিডি বিষয়ক সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহণ, এনডিডি প্রতিবন্ধী শিক্ষার্থীদের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ।
- সুইড স্কাউটিং এর বার্ষিক নিয়মিত কার্যক্রম, এনআইআইডিএ-র শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম, এ্যাসেসমেন্ট ও কাউন্সেলিং, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, টুইড বাংলাদেশ, 'সুইড'-র পক্ষ থেকে নেপালের কাঠমুন্ডতে (০২-০৬) ডিসেম্বর- ২০২০ এ অনুষ্ঠিত ২৪ তম অ্যাফিড সম্মেলনে ৫০ সদস্য বিশিষ্ট প্রতিনিধি দলের অংশগ্রহণ, করোনাকালীন ত্রাণ বিতরণ, অনলাইন স্কাউটিং, অনলাইন অভিভাবক প্রশিক্ষণ ও প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্য সুইড ভবনের উন্নয়ন, সম্প্রসারণসহ, নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত সহ তথ্যাবলী প্রভৃতি বিষয় অবহিত হয়ে হাউজে এবং অনলাইনে উপস্থিত জাতীয় কাউন্সিলরগণ সুন্দর বার্ষিক প্রতিবেদনের জন্য মহাসচিবকে ধন্যবাদ জানান।

এরপর মহাসচিবের অনুরোধক্রমে হাউজে এবং অনলাইনে উপস্থিত জাতীয় কাউন্সিলরগণ বার্ষিক প্রতিবেদনের উপর সাধারণ আলোচনায় অংশগ্রহণ করেন ঃ

#### ১) ড. সেলিনা আক্তার (মাদারীপুর শাখা)

- জাতীয় প্রতিবন্ধী ফোরাম এবং আমার পক্ষ থেকে এই কোভিড-১৯ ভাইরাসের কারণে সৃষ্ট মহামারীতেও সুইড এর এজিএম আয়োজন করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতাসহ প্রশংসা করছি। দেশের বিভিন্ন অঞ্চলে এই সংকটের সময় সুইডের মতোই জাতীয় প্রতিবন্ধী ফোরাম অসহায়, দুস্থ ও হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারকে ত্রাণ, ঔষধ সহায়তা করছে এবং যথাসাধ্য অনুযায়ী প্রচেষ্টা অব্যাহত থাকবে।
- সুইড এর যে সকল শিক্ষক-কর্মচারীরা এখনও বেতন-ভাতা পাচ্ছে না তাদের বেতন-ভাতা পাওয়ার ক্ষেত্রে সুইড যেন প্রয়োজনীয় পদক্ষেপ নেয়।

#### ২) ইমেলদা হোসেন দীপা, সাংস্কৃতিক সম্পাদক, সুইড বাংলাদেশ। (ভার্চুয়াল অংশগ্রহণ)

- করোনা সংকট কালীন সময়ে সুইড বাংলাদেশের সুন্দর একটি উদ্যোগে আজকের এই ৪১ তম জাতীয় বার্ষিক সভা আয়োজন খুবই একটি প্রশংসিত এবং এর পিছনে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন বিশেষ করে সুইড সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা এবং আজকের ভারপ্রাপ্ত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনিরসহ সুইড এর সকল কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।
- করোনা সংকট কালীন সময়ে সকল স্বাস্থ্য বিধি আমাদের সকলেই মেনে চলতে হবে সুতরাং এ বিষয়ে সকলকে মনোযোগী হতে বিনীত আহ্বান জানাচ্ছি।
- এই সংকটময় মুহূর্তে সকল প্রতিবন্ধী শিশু এবং তাদের অভিভাবকদের পাশে যার যার সামর্থ্য অনুযায়ী আমাদের সকলেই সবসময়ই দাঁড়াতে আন্তরিক আহ্বান জানাচ্ছি।
- করোনা সংকট কালীন সময়ে আজকের সুইড এজিএম এ যে সকল সদস্যবৃন্দ যোগদান করতে পারিনি এবং দেশবাসী সকলের জন্য সবার কাছে দোয়া প্রার্থনা করছি।
- সিরাজগঞ্জে আমি নিজে ত্রাণ সহায়তা প্রদান করেছি, সুইড সিরাজগঞ্জ শাখার শিক্ষার্থী ও তাদের পরিবারকে সহযোগিতা করা হয়েছে।

#### ৩) দেলোয়ার হোসেন (মঠবাড়িয়া শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)

- প্রতিবন্ধী স্কুলগুলোর শিক্ষকদের বেতন ভাতা পাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সুইড বাংলাদেশের প্রতি আহ্বান জানাচ্ছি।

- আমি ইতিমধ্যে জানতে পেয়েছি যে, সুইড জাতীয় সদর দফতরে অনেক উন্নয়নমূলক কাজ চলমান এবং এ সকল কাজগুলো সুইড এর নিজস্ব জমিতে সম্পন্ন হচ্ছে কিনা, যদি না হয়ে থাকে তাহলে নিজস্ব জমিতেই যেন সকল উন্নয়নমূলক কাজের কর্মকাণ্ড হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য প্রস্তাব করছি।
- সুইড ই-মেইল এর মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষার্থীর একটি তালিকা প্রেরণের জন্য আমাদের স্কুল কর্তৃপক্ষকে বলা হয়েছিল কিন্তু তা কি কারণে, সে বিষয়ে সুনির্দিষ্টভাবে আমরা অবগত নই বিধায় তা জানাতে সভাপতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।
- করোনা সংকট কালীন সময়ে স্বাস্থ্য বিধি মেনে আমাদের সকলেই চলতে হবে এবং অবশ্যই বাহিরে যাওয়ার ক্ষেত্রে মাস্ক ব্যবহারে সকলকে আন্তরিক হতে হবে।

### ৪) হাকিবুর রহমান (হারাগাছা পৌরসভা) (ভার্চুয়াল অংশগ্রহণ)

- আমাদের যে সকল প্রতিবন্ধী স্কুল আছে সেসকল স্কুলের অসহায় প্রতিবন্ধী শিক্ষার্থী এবং শিক্ষকরা অত্যন্ত মানবেতর এবং অসহায় জীবন যাপন করছে, তাদের মানবিক পর্যায়ে সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় সাহায্য পাওয়ার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানাচ্ছি।
- এখন যেহেতু করোনা সংকট কালীন সময়ে শিক্ষার্থীদের স্কুল কার্যক্রম বন্ধ আছে তাই তাদের জীবন মান স্বাভাবিক রাখতে স্থানীয় সরকার প্রশাসন বা এলজি আরডি বিভাগ থেকে পারিবারিকভাবে তাদের জন্য কোন নির্দেশিকা প্রেরণ করা যায় কিনা সে বিষয়ে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।
- দেশের প্রতিবন্ধী স্কুলগুলোর এমপিওভুক্তি এখন চলমান। এ লক্ষ্যে সকল স্কুলগুলো যেন সরকারের এমপিওভুক্তির আওতায় আসে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করা যেতে পারে।
- করোনা সংকট কালীন সময়ে সকল সার্বিক পরিস্থিতি বিবেচনা করে সরাসরি হাউজে অংশগ্রহণ করতে পারিনি তার জন্য দুঃখ প্রকাশ করছি। এই প্রতিকুলতা সত্ত্বেও সুইড'র ৪১ তম এজিএম আয়োজনের জন্য সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

### ৫) মতিন (ছোটখাতা শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)

- আমাদের প্রতিবন্ধী স্কুলগুলো এমপিও ভুক্ত করার জন্য সুইড এর পক্ষ থেকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করছি।

### ৬) আজহারুল আজাদ জুয়েল (দিনাজপুর শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)

- করোনা ভাইরাসে দেশের এই ক্রান্তিলগ্নে আজকের ৪১তম সাধারণ সভা আয়োজন, সত্যিই প্রশংসিত, এবং এই পরিস্থিতিতেও সুইড জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্যবৃন্দ বিশেষ করে সুইড সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা এবং আজকের ভারপ্রাপ্ত মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির ভাইসহ সুইড এর চলমান উন্নয়ন এবং কার্যক্রম সম্মিলিত প্রয়াসের মাধ্যমে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাদের সকলকেই আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

### ৭) অধ্যাপিকা নার্গিস বেগম (সুইড যশোর শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)

- সরকারের নির্দেশে সকল প্রতিবন্ধী স্কুলগুলোর যে নির্বাহী কমিটি বা ব্যবস্থাপনা কমিটি গঠন করতে বলা হয়েছে যেখানে ৭ জন সরকারী কর্মকর্তা এবং ৬ জন বেসরকারী কর্মকর্তা অন্তর্ভুক্তির কথা বলা আছে। কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা থেকে দেখতে পাই যে, সমাজসেবা থেকে যিনি প্রতিনিধিত্ব করছেন তিনিই নিয়মিত এ পর্যায়ের মিটিং এ যোগদান করছেন না, এতে করে তাদের অনুপস্থিতির জন্য অনেক সময় মিটিং সম্পন্ন করাই অসুবিধা হয়ে যায়, এছাড়াও যে ৬ জন বেসরকারী বা এনজিও প্রতিনিধির কথা বলা হয়েছে তাতে সুইড বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে এর কোন প্রতিনিধি কেন থাকবেনা এই বিষয়টি বিবেচনা করার জন্য সুইড কেন্দ্রীয় কমিটির কাছে অনুরোধ করছি।

- যে সকল শিক্ষকদের নিয়োগ প্রদান করা হচ্ছে তাদের যোগ্যতার ক্ষেত্রে বলা হচ্ছে স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং তাদের বিশেষায়িত শিক্ষায় প্রশিক্ষণ থাকতে হবে সেক্ষেত্রে তারা উচ্চতর স্কেল এবং পদোন্নতি লাভ করবেন। কিন্তু যারা এখন এই নির্দেশ জারির পূর্ব থেকে শিক্ষক হিসেবে আছেন তারা এই নির্দেশ অনুযায়ী বিশেষ শিক্ষক হিসেবে উচ্চতর স্কেল প্রাপ্তি বা পদান্নতি লাভ করবেন মর্মে বিবেচিত নন। তবে তারা যদি এখন বিশেষায়িত শিক্ষা গ্রহণ করে তাহলে নীতিমালা অনুযায়ী সকল সুযোগ সুবিধার আওতায় বিশেষ শিক্ষক হিসেবে অন্তর্ভুক্ত হবে এই মর্মে সম্মানিত সভাপতি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে সুইড স্কুল প্রতিনিধি হিসেবে আপনার প্রয়োজনীয় হস্তক্ষেপ কামনা করছি।

**৮) মোনায়েম খান (হোসেনপুর শাখা, দিনাজপুর) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের প্রণোদনা প্রাপ্তি এবং স্কুলগুলোর এমপিও ভুক্ত করণের জন্য আমরা সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কাছে আবেদন করেছি এ প্রসঙ্গে সুইড সভাপতি হিসেবে আপনার সহযোগিতা কামনা করছি।

**৯) মোঃ খলিলুর রহমান (মগরখালী শাখা, ঝিনাইদহ) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- করোনা ভাইরাস পরিস্থিতিতে সুইড এজিএম আয়োজনের জন্য সুইড জাতীয় নির্বাহী কমিটিকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।
- আমাদের এই বুদ্ধি প্রতিবন্ধী স্কুলটি এমপিওভুক্ত করণের জন্য আবেদন করা হয়েছে। এ মর্মে সম্মানিত সভাপতি আপনার হস্তক্ষেপ কামনা করছি।

**১০) মায়া ভৌমিক (কিশোরগঞ্জ শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- সুইড বাংলাদেশ প্রধান কার্যালয় হতে কিশোরগঞ্জ শাখাকে যে অনুদান প্রদান করা হয়েছিল তা ইতিমধ্যে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে।
- আমাদের শাখা স্কুলের বিভিন্ন খেলায় পুরস্কার প্রাপ্ত ছাত্র রাহুল বিশ্বাস করোনা ভাইরাসের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১৫,৩০০/- (পনের হাজার তিনশত) টাকা মাননীয় জেলা প্রশাসকের মাধ্যমে প্রদান করেছে।
- আমাদের বর্তমান জেলা প্রশাসক আমাদের বিদ্যালয়টি এমপিও ভুক্ত করণের ক্ষেত্রে স্কুলের নিজস্ব জমি বরাদ্দ পাওয়ার জন্য খুবই আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছেন। এ বিষয়ে সুইড সভাপতির সহযোগিতা কামনা করছি।
- আমাদের সুইড সভাপতির স্ত্রী মমতাজ বেগম বকুলের বিদেহী আত্মার জন্য শান্তি কামনা করছি এবং সুইড মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার দ্রুত আরোগ্য কামনা করছি।

**১১) ইউনুস আলী (পলাশবাড়ী, কুড়িগ্রাম শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- কুড়িগ্রাম জেলার সকল শাখার সদস্যদের পক্ষ থেকে আপনাদের শুভেচ্ছা জানাচ্ছি।
- কুড়িগ্রাম জেলার শাখাগুলোর সাংগঠনিক দুর্বলতা রোধ করে শাখাগুলোর সাংগঠনিক তাৎপরতা বৃদ্ধির জন্য সুইড কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে সহযোগিতা কামনা করছি।

**১২) জনাব হারুনুর রশিদ ফারুক, কটিয়াদী শাখা (আলোর দিশারী বুদ্ধি প্রতিবন্ধী স্কুল) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- করোনা ভাইরাস পরিস্থিতিতে সুইড এজিএম আয়োজনের জন্য সুইড জাতীয় নির্বাহী কমিটিকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।
- আমাদের স্কুল সহ সকল প্রতিবন্ধী স্কুল গুলোর করোনা পরিস্থিতিতে বেতন ভাতা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে যে আবেদন পত্র নেওয়া হয়েছিল সে বিষয়ে কি হলো তা জানানোর জন্য অনুরোধ করছি ।

**১৩) অজয় কুমার পাল (জামালপুর শাখা) (ভার্চুয়াল অংশগ্রহণ)**

- আজকের সভার সম্মানিত সভাপতি, ভারপ্রাপ্ত মহাসচিব, অর্থসচিব এবং সুইড'র মহাসচিব সংশ্লিষ্ট সকলকে করোনা ভাইরাস পরিস্থিতিতে অত্যন্ত সুষ্ঠু ও সফলভাবে সুইড এজিএম আয়োজনের জন্য সুইড জাতীয় নির্বাহী কমিটিকে জামালপুর শাখার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

- আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, সরকারী অনুদান এবং আমাদের সুইড সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুনের প্রত্যক্ষ সহযোগিতায় ৪ তলা বিশিষ্ট জামালপুর সুইড স্কুলের সকল কার্যক্রম বর্তমানে চলমান।

## ১৪) শাহ আলম মিন্টু (পলাশী ইউনিয়ন শাখা)

- বাংলাদেশের বিভিন্ন প্রান্ত থেকে অনেক বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক স্কুল সরকারী এমপিও ভুক্ত হওয়ার জন্য আবেদন করেছে এর মাঝে আমাদের বিদ্যালয়টিও অন্তর্ভুক্ত। এসকল স্কুলগুলো এমপিও ভুক্ত হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এবং সুইড প্রধান কার্যালয় থেকে সহযোগিতা কামনা করছি।

## ১৫) রেজওয়ান আহমেদ (সুইড রামচন্দ্রপুর শাখা)

- আমাদের স্কুলটি জাতীয়করণের মাধ্যমে সকল শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতা প্রদানের জন্য সুইড প্রধান কার্যালয়ের সহযোগিতা অব্যাহত রাখার জন্য অনুরোধ করছি।

১৬) অধ্যক্ষ মিয়া লুৎফর রহমান (সুইড ফরিদপুর), সমির চন্দ্রকর (সুইড ফেনী), এ্যাডভোকেট মাহবুবুর রহমান (সুইড ঝালকাঠি), তাদের বক্তৃতায় সকলকে শুভেচ্ছা জানান।

**সদস্যগণের এ সকল মন্তব্য-প্রস্তাব-সুপারিশসমূহের জবাবে সভাপতি বলেন-**

- আমাদের আজকের হাউজে উপস্থিত এবং ভার্চুয়াল যোগদানকৃত সদস্যদের আলোচনার মধ্যে অনেকেই স্কুলগুলো যেন সরকারী বেতন ভাতা প্রাপ্তি হয় সে বিষয়টি নিয়ে এসেছেন এবং তারা প্রচেষ্টা চালানোর কথা বলেছেন। আমরা ইতিমধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে যোগাযোগ করেছি এবং সরকারের সাথে কথা বলেছি। সরকার সুইড এর সকল স্কুলগুলোর আবেদন আলাদাভাবে রেখে দিয়েছে। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে, নতুন নীতিমালায় নির্দেশনা দেয়া আছে যে, একটি প্রতিষ্ঠান একটি স্কুল করার জন্য অনুমোদন পাবে। সেক্ষেত্রে সরকার একটি প্রতিষ্ঠানের একাধিক স্কুলের অনুমোদন দিতে পারেনা। তখন সরকার আমাদের কাছে জানতে চায়, তাহলে কিভাবে করা যায়। আমরা সরকারকে যুক্তি দেখিয়েছি, সুইড বাংলাদেশ স্কুলগুলো প্রতিষ্ঠা করেছে ২০০৯'র নিতীমালা অনুযায়ী এবং সুইড সারাদেশ ব্যাপী কাজ শুরু করেছিল ১৯৭৭ সাল থেকে, যখন কোন সরকার বা কেউই এ কাজগুলো করেনি। এমনকি যখন ২০০৯ এর প্রতিবন্ধিতা নীতিমালা প্রণয়ন করা হয় তখনও সুইড ছাড়া আর কোন প্রতিষ্ঠান এই কাজগুলো করেনি। সুতরাং সুইড তখন ২০০৯ সালের নীতিমালায় প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী সারা দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে শাখা বা স্কুলগুলো প্রতিষ্ঠা করেছে। যার প্রেক্ষিতে ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী স্কুলগুলো সরকারী অনুমোদনের জন্য সরকারকে অনুরোধ করা হয়েছে। আর যদি কোনভাবেই এই স্কুলগুলোকে অনুমোদন দেয়া সম্ভব না হয় তাহলে সরকারকে অনুরোধ করা হয়েছে এই সংগঠনগুলিকে আলাদা আলাদাভাবে রেজিস্ট্রেশন দিয়ে হলেও যেন স্কুলগুলো চলমান রাখেন। এখানে তো সুইড এর নিজস্ব কোন কর্তৃত্ব বা এখতিয়ার নেই বা সুইড সম্প্রসারিত হোক এ বিষয়টি মাথায় রেখে স্কুলগুলো প্রতিষ্ঠা করা হয়নি। শুধু ঐ এলাকাগুলোর মানুষগুলি যেন সকল ধরনের সুযোগ সুবিধা পেয়ে থাকে যা তাদের সাংবিধানিক অধিকার তা বিবেচনায় রেখে সুইড স্কুলগুলো প্রতিষ্ঠা করেছে। সুইড স্কুল বা শাখা প্রতিষ্ঠা করার মাধ্যমে সরকারকে সহযোগিতা করেছে। এখন বাংলাদেশের নাগরিক হিসেবে সকল সুযোগ সুবিধা পাওয়ার জন্য প্রয়োজনে আইন বা নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন বা আলাদা আলাদাভাবে রেজিস্ট্রেশনের মাধ্যমে হলেও সরকারকে স্কুলগুলো অনুমোদন করার জন্য অনুরোধ করা হয়েছে এবং নিয়মিতভাবে সুইড'র কেন্দ্র থেকে যোগাযোগ রাখা হচ্ছে।
- প্রতিবন্ধী স্কুল ব্যবস্থাপনা কমিটি গঠন নিয়ে যে প্রশ্ন করা হয়েছে তার উত্তরে বলতে চাই আমরা সুইড কেন্দ্রীয় পর্যায় থেকে অনেকবার সরকারের সাথে কথা বলেছি। সরকার যে ব্যবস্থাপনা কমিটি বিষয়ক নীতিমালা দিয়েছে তা থেকে কোনভাবেই তারা সরে আসবেনা। সুতরাং সরকারের বাইরে আমরা যেতে পারবোনা, বিধায় সরকারের সাথে আপোষ ও সমঝোতা করে কিভাবে সেবার কার্যক্রমে আমরা সম্পৃক্ত এবং অন্তর্ভুক্ত থাকতে পারি সেই চেষ্টা করতে হবে। কারণ সরকারের নীতিমালার বাইরে আমরা যেতে পারবোনা। সরকার হলো দেশের সবচেয়ে বেশী শক্তিশালী প্রতিষ্ঠান। তাই সামাজিকভাবে কাজ করতে হলে সরকারের সাথে মিলেমিশে বা সরকারের প্রশাসন যন্ত্রের সাথে বা সরকারের

রাজনৈতিক প্রতিনিধির সাথে একাত্ম হয়ে কাজ করতে হবে।

- করোনাকালীন সময়ে সুইড প্রধান কার্যালয় হতে বিভিন্ন শাখার শিক্ষার্থীদের তথ্য ছক পূরণ করার জন্য একটি তালিকা চাওয়া হয়েছিল, কারণ সরকার থেকে নির্দেশমালা ছিল সুইড'র বিভিন্ন শাখাগুলিতে যে সমস্ত ছেলেমেয়েরা আছে তাদের একটা তথ্য ছক সরকারকে দেয়া যাতে সরকার তাদের জন্য দীর্ঘমেয়াদী সাহায্য সহযোগিতা করতে পারে এবং সেই জন্য সরকার কর্তৃক একটি ডাটাবেইস তৈরি করা হবে। ইতিমধ্যে ১৪৬ টি শাখা হতে প্রাপ্ত প্রায় ১৪,০০০ ছেলেমেয়েদের তথ্যাদি সরকারের কাছে জমা দেয়া হয়েছে। আবার সরকার একটি প্রণোদনা প্রদানের জন্যও যে চাহিদা চেয়েছিল তা যথারিতী পূরণ করে সরকারের সংশ্লিষ্ট বিভাগে অতি দ্রুত সময়ে আবেদনগুলো জমা দেয়া হয়েছে। এ দুটো বিষয় সরকারের কাছে। বর্তমান প্রেক্ষিতে কিছু জানতে চাওয়া হলে তা বিবেচনাধীন আছে এই মর্মে আমাদের অবহিত করা হয়।
- সরকারী এমপিও ভুক্ত, প্রণোদনা, ত্রাণ সংক্রান্ত সকল সংশ্লিষ্ট বিষয়ে সুইড বাংলাদেশ প্রতিজ্ঞাবদ্ধ। সুইড বাংলাদেশ এ সকল বিষয়ে সকল চেষ্টা অব্যাহত রাখবে।

সভার সভাপতি অর্থ সচিব যোবায়দুর রহমান মিলনকে 'আর্থিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট-২০১৯, সংশোধিত বাজেট-২০২০ এবং প্রস্তাবিত বাজেট-২০২০' উপস্থাপনের জন্য অনুরোধ করেন-

**অর্থ সচিব সবাইকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে আর্থিক প্রতিবেদনে নিম্নরূপ সংক্ষিপ্ত তথ্য ও বাজেট উপস্থাপন করেনঃ**
ক. সমিতির বর্তমান নিজস্ব অর্থের উৎস বলতে সদস্য চাঁদা, ব্যাংক ইন্টারেস্ট, ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অনুদান ও ভাড়া ইত্যাদি।

**খ. ২০১৯ সালের নিরীক্ষিত হিসাব**

২০১৯ সালের শুরুতে ব্যাংক ও ক্যাশে ছিল ১১, ৩৩, ০৪১/- (এগার লক্ষ তেত্রিশ হাজার একচল্লিশ) টাকা এবং প্রধান কার্যালয়ে মোট আয় ২,৮৬,৯৭, ৫২৭/- (দুই কোটি ছিয়াশি লক্ষ সাতানব্বই হাজার পাঁচ শত সাতাশ) টাকা। ২০১৯ সালের মোট ব্যয় ২,৮৯,৫৬১৭৬/- (দুই কোটি উননব্বই লক্ষ ছাপান্ন হাজার এক শত ছিয়াত্তর) টাকা। প্রধান কার্যালয়ে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ব্যয় ২৩, ১৮, ৭০৬/- (তেইশ লক্ষ আঠার হাজার সাত শত ছয়) টাকা, কর্মকাণ্ড পরিচালনা এবং কার্যক্রম ও কর্মসূচী বাস্তবায়ন খাতে ব্যয় ২,৬৬,৩৭,৪৭০/- (দুই কোটি ছেষট্টি লক্ষ সাঁইত্রিশ হাজার চারশত সত্তর) টাকা এবং ক্যাশ ও ব্যাংকে জমা আছে ৮, ৭৪, ৩৯২/- (আট লক্ষ চুয়াত্তর হাজার নয়শত বিরানব্বই) টাকা। বিগত ২৫/০৫/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয় ও শাখাসমূহের হিসাব নিরীক্ষা কার্যক্রমের আওতায় ২০১৯ সালের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষণ করেছেন মেসার্স জি মোস্তফা এন্ড এমডব্লিউসি এবং ২০২০ সালের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষণের বিষয়টিও মেসার্স জি মোস্তফা এন্ড এমডব্লিউসি এর উপর অর্পিত হয়। প্রধান কার্যালয়সহ মোট ৭১টি শাখার আর্থিক হিসাব পরিচালিত হয়েছে।

**গ. ২০২০ সালের সংশোধিত বাজেট**

২০২০ সালের সংশোধিত বাজেট উপস্থাপনে তিনি বলেন ২০২০ সালের সংশোধিত বাজেটে প্রস্তাবিত আয় ২,১৭,৩৫,০০০/- (দুই কোটি সতের লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা, হরাইজন মিডিয়া এ্যান্ড পাবলিকেশন এর সিকিউরিটি মানি ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা ও সুইডের নিজস্ব আয় ১,০২,৩৫ ০০০/- (এক কোটি দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। সেই প্রত্যাশায় সুইড বাংলাদেশের বাজেটে আমরা এ টাকা প্রাপ্তির প্রত্যাশা করে বাজেটে তা অন্তর্ভুক্ত করেছি।

২০২০ সালে সংশোধিত বাজেটে প্রস্তাবিত ব্যয় ধরা হয়েছে ১,৪২,৬৫,০০০/- (এক কোটি বেয়াল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা প্রধান কার্যালয়ে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ২৫,৮০,০০০/- (পঁচিশ লক্ষ আশি হাজার) টাকা। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ব্যয় ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা ও অন্যান্য খরচ বাবদ ধরা হয়েছে ৯১,৮৫,০০০/- (একানব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকা।

**ঘ. ২০২১ সালের প্রস্তাবিত বাজেট**

২০২১ সালের প্রস্তাবিত বাজেট উপস্থাপনে তিনি বলেন ২০২১ সালের প্রস্তাবিত বাজেটে প্রস্তাবিত আয় ১,৬৮,৮৫,০০০/-

(এক কোটি আটষট্টি লক্ষ পঁচাশি হাজার) টাকা। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা, সমিতির নিজস্ব আয় ১,০৮,৪০,০০০/- (এক কোটি আট লক্ষ চল্লিশ হাজার) টাকা ও অন্যান্য অনুদান বাবদ আয় ধরা হয়েছে ৩৫,৪৫,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা। প্রত্যাশিত প্রস্তাবিত বাজেট অনুযায়ী বেতন-ভাতা ও কার্যক্রম বাস্তবায়ন এবং পরিচালনায় কোন সংকট হবেনা বলে আশাবাদ ব্যক্ত করছি।

২০২১ সালের প্রস্তাবিত বাজেটে ব্যয় ধরা হয়েছে ১,৬৮,৮৫,০০০/- (এক কোটি আটষট্টি লক্ষ পঁচাশি হাজার) টাকা। প্রধান কার্যালয়ে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ৩০,৮৫,০০০/- (ত্রিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর প্রশিক্ষণ বাবদ ব্যয় ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ও অন্যান্য খরচ বাবদ ধরা হয়েছে ১,১৩,০০,০০০/- (এক কোটি তের লক্ষ) টাকা।

অতঃপর সভাপতি, মহাসচিব ও অর্থসচিব কর্তৃক হাউজে উপস্থাপিত বার্ষিক প্রতিবেদন, আর্থিক প্রতিবেদন, অডিট রিপোর্ট-২০১৯, সংশোধিত বাজেট-২০২০ ও প্রস্তাবিত বাজেট-২০২১ সহ বার্ষিক কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ মে পর্যন্ত অনুমোদনের জন্য জাতীয় কাউন্সিলরদের দৃষ্টি আকর্ষণ করলে সকলেই সম্মিলিত কণ্ঠে 'পাশ, পাশ' বলে সম্মতি প্রকাশ করেন।

**সিদ্ধান্ত ঃ** আলোচ্য সূচী-৩, ৪, ৫ ও ৬ অনুযায়ী বার্ষিক প্রতিবেদন-২০২০, আর্থিক প্রতিবেদন, অডিট রিপোর্ট-২০১৯, সংশোধিত বাজেট-২০২০ ও প্রস্তাবিত বাজেট-২০২১ এবং বার্ষিক কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

**৭। অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ ঃ**

মহাসচিব সভায় অবহিত করেন যে, চলতি বছরে সুইড প্রধান কার্যালয় ও শাখাসমূহের অডিট কার্যাদি সম্পন্ন করছে মেসার্স জি মোস্তফা এন্ড এমডব্লিউসি এবং ২০২০ সালের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষণের বিষয়টিও মেসার্স জি মোস্তফা এন্ড এমডব্লিউসি এর উপর অর্পিত হয়। এ কোম্পানিটি সুইড'র জন্য ভালই কাজ করছে বিধায় এ পর্যায়ে হাউজে উপস্থিত সদস্যগণের সম্মিলিতভাবে জি মোস্তফা কোম্পানিকেই ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নির্ধারণে নিয়োগের বিষয়ে সম্মতি প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ১,০০,০০০/- টাকা পারিশ্রমিকসহ জি মোস্তফা এন্ড কোম্পানিকে আগামী বছরের (২০২০-২০২১) অডিটর নিয়োগের প্রস্তাবটি হাউজে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হল।

**৮। সভাপতির অনুমোদন সাপেক্ষে অন্য যে কোন বিষয় আলোচনা।**

অন্য কোন বিষয় হাউজে উপস্থাপিত হয়নি।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যদের ধন্যবাদ এবং বার্ষিক সাধারণ সভার দায়িত্ব পালনরত কর্মচারী কর্মকর্তাবৃন্দকে বার্ষিক সাধারণ সভা সফলভাবে সম্পন্ন করতে সর্বাত্মক সহযোগিতা করার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার (এজিএম) সমাপ্তি ঘোষণা করেন।

**(জওয়াহেরুল ইসলাম মামুন)**
সভাপতি
সুইড বাংলাদেশ।

**(মাহবুবুল মুনির)**
ভারপ্রাপ্ত মহাসচিব
ও
১ম যুগ্ম-মহাসচিব
সুইড বাংলাদেশ।

সুইড-জাঃকাঃ এজিএম/২০২০ তারিখ ঃ ০৭/০৭/২০২০

**বিতরণঃ**

১। মহাপরিচালক-সমাজসেবা অধিদপ্তর ও নিবন্ধনকারী কর্তৃপক্ষ।

২। সুইড বাংলাদেশ এর জাতীয় কাউন্সিলের সকল সম্মানিত সদস্যবৃন্দ।

৩। অফিস নথি।

● **জাতীয় নির্বাহী কমিটির সভা ও উল্লেখযোগ্য সিদ্ধান্ত**

বর্তমান মেয়াদে সুইড বাংলাদেশ জাতিয় নির্বাহী কমিটির মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহের তারিখ, সময় ও উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো :

**৭ম সভা: ৭ আগস্ট ২০২০ শুক্রবার**

ক) মহাসচিব বলেন সুইড প্রধান কার্যালয়ের বিভিন্ন পদে জনবল নিয়োগ সংক্রান্ত তথ্য প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হল:

| ক্রমিক | পদের নাম | আবেদনের সংখ্যা | পরবর্তী কর্মপদ্ধতি |
|---|---|---|---|
| ১ | কো-অর্ডিনেটর | ১৫ জন | বিজ্ঞপ্তিতে পদ অনুযায়ী প্রার্থীদের যোগ্যতা ভিত্তিক বিবরণী প্রস্তুতকরণ এবং পরীক্ষা নেয়া |
| ২ | সাইকলোজিস্ট | ১ জন | নিয়োগের নিমিত্তে সাক্ষাৎকার গ্রহণ |
| ৩ | নৃত্য শিক্ষক | ২ জন | নিয়োগের নিমিত্তে সাক্ষাৎকার গ্রহণ |
| ৪ | চিত্রাঙ্কন | ৩ জন | নিয়োগের নিমিত্তে সাক্ষাৎকার গ্রহণ |
| ৫ | বাদ্যযন্ত্র শিক্ষক | ১ জন | সাক্ষাৎকার গ্রহণ ও বাদ্যযন্ত্র বাজানোর পরীক্ষা নিতে হবে |
| ৬ | ফিজিওথেরাপিস্ট | ৭ জন | নিয়োগ পরীক্ষার ব্যবস্থা গ্রহণ |
| ৭ | অকুপেশনাল থেরাপিস্ট | ০ | – |
| ৮ | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ৩ জন | সাক্ষাৎকারের ব্যবস্থা গ্রহণ |

খ) উপস্থিত এবং জুম মিটিং এ অংশগ্রহণকারী সকল সদস্যগণ সুইড প্রদান কার্যালয়ের বিভিন্ন পদে জনবল নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রার্থী বাছাই সংক্রান্ত বিষয়ে যথা:- কো-অর্ডিনেটর ও ফিজিওথেরাপিস্ট পদে লিখিত পরীক্ষা এবং সাইকোলজিস্ট, নৃত্য শিক্ষক, চিত্রাঙ্কন, বাদ্যযন্ত্র শিক্ষক, মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার পদসমূহে যেখানে সর্বোচ্চ ১ থেকে ৩ টি আবেদন জমা পড়েছে সেক্ষেত্রে ইনডিভিজুয়াল ইন্টারভিউ এর মাধ্যমে নিয়োগ প্রদান করা যেতে পারে এই মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তে উপনীত হন।

গ) মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার নিয়োগের পর তিনি সহ ড্রাইভার লোকমান, রক্ষণাবেক্ষণে শাহ আলম, নিরাপত্তাকর্মী মিলন অত্যাবশ্যকীয় কর্মী হিসেবে বিবেচিত হবেন। তারা অফিস ভবনে তাদের জন্য নির্ধারিত কক্ষে বাস করবেন। ছুটির সময় সাধারণভাবে অফিস ও কর্মস্থল ত্যাগ করতে পারবেন না, জরুরী প্রয়োজনে মহাসচিবের অনুমতিক্রমে কর্মস্থল ত্যাগ করতে পারবেন, তবে ১ জন এর অধিক জন কোন ক্রমে একই সময়ে যেতে পারবেন না। বিনা ভাড়ায় থাকা ছাড়াও বেতনের অতিরিক্ত ২,০০০/- (দুই হাজার) টাকা পারিশ্রমিক পাবেন।

**৮ম সভা: ৯ অক্টোবর ২০২০ শুক্রবার**

নিয়মিত সাংগঠনিক আলোচনা

**৯ম সভা: ১১ ডিসেম্বর ২০২০ শুক্রবার**

ক) সুইড প্রধান কার্য়ালয় ও কলেজে নতুন নিয়োগ প্রাপ্ত ষ্টাফ/ অধ্যক্ষ, উপাধ্যক্ষ/ প্রভাষকদের ওরিয়েন্টেশন / প্রশিক্ষণ ২০/১২/২০২০ থেকে ৩১/১২/২০২০ পর্যন্ত অনুষ্টিত হবে।

খ) সুইড কলেজের জন্য নির্বাচিত প্রভাষকদের মধ্য প্যানেল তালিকাভুক্ত ৪ জন ওরিয়েন্টেশন/ প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং ০১/০১/২০২১ তারিখ থেকে যথরীতি তাদেও কাজে যোগদান কার্যকর হবে।

গ) নতুন নিয়োগ প্রাপ্ত সাইকোলজিস্ট ও ফিজিওথেরাপিস্ট (নিয়োগ প্রক্রিয়াধীন)-র মাসিক বেতন সর্বসাকুল্যে ১৫,০০০/-(পনেরো হাজার) টাকা এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কো-অর্ডিনেটর , নৃত্য শিক্ষক ও চিত্রাঙ্কন শিক্ষকের মাসিক বেতন সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার টাকট করে নির্ধারিত হয়েছে।

ঘ) চলমান নির্মাণ কাজে এবং সুইড এর উন্নয়ন কর্মকাণ্ডে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ দিয়ে ধারাবাহিক ভাবে দীর্ঘ দিন আর্থিক বা কোন প্রকার দ্রব্য- সামগ্রী অনুদান দিয়ে যারা বিষদভাবে সহযোগিতা করেছেন তাঁদের মধ্য জনাব মাহমুদুল হক তাহের পরিবার জনাব ফরিদ আহমেদ ভূইয়া পরিবার জনাব মোঃ মাহবুবুল মুনির পরিবার ও মিসেস দিলারা মোস্তফা অন্যতম তাঁদের সম্মানে ও নাম স্মরণীয় করে রাখার জন্য সুইড ভবনের কয়েকটি অংশ যথাক্রমে 'হাজী ছৈয়দ আহম্মদ জরিনা খাতুন গ্রন্থগার', 'সুইড শাহানা মুনির গার্ডেন' 'তাজকেরা আহমেদ কনফারেন্স রুম' এই নামে নামকরণ স্থাপন করা হবে এবং সুইড ভবনের সামনে পানির ট্যাংকের উপরে 'দিলারা মোস্তফা অভিভাবক অপেক্ষালয়' নাম ফলক স্থাপন করা হবে। এ সকল স্থাপনার নির্মাণ খরচ প্রদানের নিমিত্ত কোস্পানী ব্যক্তিবর্গের নিকট প্রয়োজনীয় পরিমাণ অর্থ প্রদানের জন্য সুইড অফিস থেকে অনুরোধ পত্র প্রেরণ করা হবে।

ভবিষ্যতে সময়ে-সময়ে দীর্ঘ সময় ধরে অনুদান প্রদান করলে অথবা অনুদানের পরিমাণ কমপক্ষে ৫০ লক্ষ টাকা হলে সেই ব্যক্তি- পরিবার/প্রতিষ্ঠানের স্মরণে নাম ফলক স্থাপন করা হবে।

সুইড-র কার্যক্রমে প্রায় ৩ যুগেরও বেশি সময় ধরে বিরামহীন ভাবে নিষ্ঠার সাথে নিরলস ভাবে কাজ করছেন আমাদের বোন মিসেস রাশিদা বেগম। তার মেয়ে মৌসুমী একজন নির্বাক অটিস্টিক ও বুদ্ধি প্রতিবন্ধী। তাকে তার কৃতিত্বপূর্ণ অবদানের জন্য আজীবন উৎকর্ষ অর্জন পুরস্কার প্রদান করা হবে। Life Time Excellent Achievement Awards-2021, খচিত সম্মাননা পত্র, সম্মানী ও সম্মানসুচক শুভেচ্ছা স্মারক ক্রেস্ট প্রদান করা হবে।

ঙ) হাজী ছৈয়দ আহম্মদ ফাউন্ডেশন এর সভাপতি জনাব মাহমুদুল হক তাহের সুইড বাংলাদেশ ফেনী শাখার শিক্ষার্থীদেও কল্যাণার্থে ২.০০ লক্ষ টাকা এবং সুইড বাংলাদেশ ধানমন্ডি শাখার উন্নয়নে জনাব মোঃ মাহবুবুল মুনির ১৯.০০ লক্ষ টাকা বিশেষ অনুদান প্রদান ও সুইড মানিকগঞ্জ শাখার জন্য মিসেস দিলারা মোস্তফা নিয়মিতভাবে আর্থিক সহয়তা প্রদান করছেন- বিয়েয়টি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপনের সাথে অদ্যকার সভায় লিপিবদ্ধ করা হল।

**১০ম সভা: ৫ ফেব্রুয়ারী ২০২১ শুক্রবার**

ক) ৫ ফেব্রুয়ারি ২০২১ শুক্রবার সকাল ১০:৩০ টায় সুইড ভবনের ৪র্থ তলায় সুইড প্রধান কার্যলয় সংলগ্ন নব সুসজ্জিত তাজকেরা আহমেদ কনফারেন্স রুম, নাম খচিত কক্ষের যৌতভাবে শুভ উদ্বোধন (লাল ফিতা অবমুক্ত) করেন আহমেদ আব্দুর রহমান ট্রাস্টের চেয়ারম্যান ও সুইড জাতীয় নির্বাহী কমিটির ২য় সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব ফরিদ আহমেদ ভুঁইয়া এবং ভাইস চেয়ারম্যান, আহমেদ আবদুর রহমান ট্রাস্ট ও NIIDA এর ব্যবস্থাপনা কমিটির বিশেষজ্ঞ সদস্য ডাঃ তাজকেরা খানম।

খ) সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে একুশে পদক প্রাপ্ত মহান মুক্তিযোদ্ধা সৈয়দ ইসাবেলা হোসেন ও কবি কাজী রোজীকে অভিনন্দন জানানো হয়।

সুইড ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারিত নির্মাণ সংস্কার ও অন্যান্য উন্নয়নমুলক কাজে যারা মেধা, শ্রম ও আর্থিকভাবে সহযোগিতা করে বিশেষ অবদান রেখেছেন তাদেও স্মরণীয় করে রাখার জন্য নামফলকসহ নিম্নলিখিত স্থাপনা সমূহের কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে ঃ

- হাজী ছৈয়দ আহম্মদ জরিনা খাতুন গ্রন্থগার
- তাজকেরা আহমেদ কনফারেন্স রুম,
- দিলারা মোস্তফা অভিভাবক অপেক্ষালয় (প্রস্তাবিত)
- সুইড শাহানা মুনির গার্ডেন (নির্মাণাধীন)
- রাসিদা বেগমকে (জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক ক্রীড়া ও সাংস্কৃতিক কল্যাণ ও পুনর্বাসন সম্পাদক)
- আজীবন উৎকর্ষ অর্জন পুরস্কার/ Life Time Excellent Achievement Awards-2021 খচিত সম্মান সুচক শুভেচ্ছা স্মারক ক্রেস্ট প্রদান (সুইড-র জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে প্রদান করা হবে।

গ) নীডা- ও পরিচালক কার্যক্রম ভিত্তিক বার্ষিক কর্ম- পরিকল্পনা ২০২১ প্রণয়ন করবেন-যা বাস্তবায়নের লক্ষ্যে নীডা-র অনুকুলে একটি অর্থ তহবিল / বার্ষিক বাজেট বরাদ্দ ব্যবস্থা রাখতে হবে।

ঙ) গঠনতন্ত্র সংশোধনী বিষয়ক কমিটি কর্তক প্রণীত সমুদয় প্রস্তবিত সংশোধনীসমুহ সম্বলিত পূর্ণঙ্গ গঠনতন্তটি জাতীয় কাউন্সিলের বাষিক সাধারণ সভায় (এজিএম) উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হল।

চ) নীডা কার্যক্রম ও বাষিক কর্ম- পরিকপ্লনা ২০২১ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে অর্থ তহবিল গঠন সম্সলিত সুপারিশ সভায় সর্বসম্মত সিদ্ধান্তরুপে অনুমোদিত হল।

ছ) সভায় ২০২০ সালের কার্যক্রমভিত্তিক প্রবিবেদন বার্ষিক সাধারণ সভা তথা বার্ষিক প্রবিবেদনে ছাপিয়ে আসন্ন জাতীয় কউন্সিলের বার্ষিক সাধারণ সভার তারিখ নির্ধারণ।

**১১তম সভা: ৯ এপ্রিল ২০২১**

ক) করোনাকালীন লক ডাউন পরিস্থিতিতে দীর্ঘ সময় সুইড অডিটোরিয়ামের ভাড়াটিয়া নিউ লাভলী ডেকোরেটর্স এর ব্যবসায়িক কার্যক্রম বন্ধ থাকায় আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার কারণে গত বছর/২০২০ সালের মার্চ পর্যন্ত ভাড়া পরিশোধের পর ডিসেম্বর পর্যন্ত বাকী ৮ মাসের ভাড়া মওকুফের আবেদন করেছে। লাভলী ডেকোরেটর্স নির্ধারিত ভাড়া যথাসময়ে প্রদান ছাড়াও সুইড বাংলাদেশ এর বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রমে বিশেষ সহযোগিতা করে থাকে– এই সুসম্পর্ক ও 'করোনা' মহামারি পরিস্থিতি বিবেচনা করে এপ্রিল থেকে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৮ (আট) মাসের মধ্যে সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত মোট ৬ মাসের ভাড়া মওকুফ করা হল। অক্টোবর মাস থেকে ডিসেম্বর, ২০২০ এবং চলতি বছর জানুয়ারী-মার্চ, ২০২১ পর্যন্ত বকেয়া ভাড়া একসংগে ও দ্রুত সময়ে পরিশোধ করতে হবে মর্মে লাভলী ডেকোরেটর্সকে পত্র দ্বারা জানিয়ে দিতে হবে। হলের পুনঃনির্মাণ ও সংস্কার করতে হবে।

খ) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে সুইড বাংলাদেশ কর্তৃক গৃহীত কর্মসূচী নেয়া হয়।

গ) সুইড পাবনা শাখার শিক্ষক মরহুম আসলাম হোসেনের পরিবার ও সুইড জাতীয় নির্বাহী কমিটির সাবেক সদস্য লালমনিরহাট শাখার রুগ্ন বদিউল আলম পাটোয়ারীকে আর্থিক সহায়তা এবং সুইড প্রধান কার্যালয়ের চিত্রাঙ্কন শিক্ষক তৌফিক আহমেদকে আর্থিক সহায়তা প্রদান- আসলাম হোসেন এর পরিবারকে ১০ (দশ) হাজার টাকা, বদিউল আলম পাটোয়ারীকে ১০ (দশ) হাজার টাকা, চিত্রাঙ্কণ শিক্ষক তৌফিক আহমেদকে ১৫ (পনের) হাজার টাকা এবং মহাস্থানগড় শাখায় ৫ (পাঁচ) হাজার টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) (১) দি বিজনেস স্ট্যান্ডার্ড (TBS) পত্রিকা রাখার জন্য গোডাউন ভাড়া চেয়ে মৌখিক আবেদন করেছে। সেই আবেদনের প্রেক্ষিতে ৪ ইস্কাটন গার্ডেনস্থ পুরানো গাড়ীর গ্যারেজ ভাড়া দেওয়া হবে- নির্মাণ কাজের ব্যয় বাবদ (টিবিএস) ৩ (তিন) লক্ষ টাকা এবং মাসিক ১২ (বার) হাজার টাকা প্রদান করবেন।

(২) সুইড প্রধান কার্যালয়ের সামনের গেইটে সিসি ক্যামেরার ব্যবস্থা রাখার করা হবে।

(৩) কনস্ট্রাকশন বিষয়কঃ সুইড ভবনের যে সমস্ত কাজ অগ্রাধিকার ভিত্তিতে করা হবে। যথাঃ-

তাজকেরা আহমেদ কনফারেন্স রুম

দিলারা মোস্তফা অভিভাবক অপেক্ষালয়।

বাইরের দুটি ওয়াশরুম+টয়লেট নির্মাণ।

থেরাপি রুমে ওয়াশরুম+টয়লেট ইউনিভার্সাল ডিজাইনে করা।

নিউ লাভলী ডেকোরেটর এর কনভেনশন সেন্টার এর পুনঃসংস্কার ও মেরামত।

DPP for 4 Eskaton garden- Dhaka.

ঙ) সুইড কর্তৃপক্ষের সাথে বৈরী/অনানুগত্যসূলভ আচরণের জন্য ও সরকারী এবং অভিভাবক মহলে সুইড সম্পর্কে বিভ্রান্তি সৃষ্টি করে 'সুইড'-র ভাবমূর্তি বিনষ্ট ও থানায় মিথ্যা অভিযোগ করে জিডি করে পুলিশি হামলা করে মামলার হুমকি ইত্যাদি কারণে প্রধান শিক্ষক ও তার অনুগামী আরো ৬ জন শিক্ষককে সুইড কম্পাউন্ডে অবাঞ্ছিত ঘোষণা করে চাকুরি থেকে বরখাস্ত করা হয়েছে (জরুরী এনইসি সভা ২১/২/২০২১)। উক্ত ৭ জন শিক্ষক যাতে সুইড স্কুলে এসে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধপত্র দেয়া হয়েছে। গত ১৮/০২/২০২১ তারিখে স্কুলের নিকটস্থ অবস্থান থেকে শিক্ষার্থী ও অভিভাবকদের (১৫+১৫) ৩০ জন শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে ক্লাশ পার্টির আয়োজন করা হয়েছিল। এতে ৬০ জন ছাত্র-শিক্ষক ও অফিস কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি বিদ্যমান 'করোনা' পরিস্থিতির মধ্যে অনেকটা গৃহবন্দী শিক্ষার্থীদের মনে আনন্দ দেয়া সম্ভব হয়েছে।

### ১২তম সভা: ২১ মে ২০২১

ক) বার্ষিক প্রতিবেদন জুলাই ২০২০ - মে ২০২১ অনুমোদন করা হয়।

খ) জাতীয় নির্বাহী কমিটির সদস্য রাশিদা বেগমকে আজীবন সম্মাননা প্রদান সংক্রান্ত পত্র হস্তান্তর করা হয়।

গ) আর্থিক প্রতিবেদন ও অডিট রিপোর্ট: সংশোধিত বাজেট ২০২০ এবং প্রস্তাবিত বাজেট ২০২১ অনুমোদন করা হয়।

ঘ) বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২১ অনুমোদন করা হয়।

### ● সাব-কমিটিসমূহের সভা:

জাতীয় নির্বাহী কমিটির ২য় বর্ষের (জুলাই ২০২০ - মে ২০২১) সুইড বাংলাদেশের উল্লেখযোগ্য কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে সহযোগিতা প্রদানের জন্য গঠিত সাবকমিটিসমূহের নিম্নলিখিত সভাসমূহ অনুষ্ঠিত হয়।

| ক্রমিক | সাব-কমিটি | সভার সংখ্যা |
|---|---|---|
| ১ | ম্যানেজমেন্ট | ৮ টি |
| ২ | নির্মাণ, মেরামত, রক্ষণাবেক্ষণ ও ক্রয় বিক্রয় | ৮ টি |
| ৩ | ক্রীড়া ও সাংস্কৃতিক | ২ টি |
| ৪ | কল্যাণ ও পুনর্বাসন | – |
| ৫ | স্বাস্থ্য বিষয়ক | ২ টি |
| ৬ | গঠনতন্ত্র সংশোধন | ২ টি |
| ৭ | মসজিদ কমিটি | ২ টি |
| ৮ | নীডা ম্যানেজমেন্ট কমিটি | ২ টি |

### ● শাখাসমূহ পরিদর্শন

কটিয়াদি, কুষ্টিয়া, ফরিদপুর, টুঙ্গিপাড়া, রাজশাহী, মোহনপুর, নজিপুর, আমবাটি, জয়পুরহাট, বাঁশগাড়ি ভৈরব, নওগাঁ, রংপুর, নাগেশ্বরী কুড়িগ্রাম, লালমনিরহাট, রামচন্দ্রপুর গাইবান্ধা, সিরাজগঞ্জ, মহাস্থানগড় বগুড়া, মধুপুর, আউশনারা, জামালপুর, ভালুকা, ময়মনসিংহ, রামগড়, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, পাবনা, নজিপুর নওগাঁ, চাপাইনবাবগঞ্জ, বদলগাছি, মুক্তাগাছা, নাগরপুর।

### ● নতুন শাখা উদ্বোধন

হোকডাঙ্গা শাখা উলিপুর, কুড়িগ্রাম।

# ৩. মুজিব শতবর্ষ উপলক্ষে আয়োজিত কার্যক্রম

মুজিব বর্ষে প্রতিশ্রুতি
সুইড বাড়াবে সেবার গতি

মুজিব শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে সুইড বাংলাদেশ **'মুজিব বর্ষে প্রতিশ্রুতি সুইড বাড়াবে সেবার গতি'** শীর্ষক শ্লোগানকে অবলম্বন করে যেসকল অনন্য কর্মকাণ্ড পরিচালনা করে নিম্নে তা উল্লেখ করা হলোঃ

### ৩.১ জাতীয় শোক দিবস উদ্‌যাপনঃ

১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী পালন ও জাতীয় শোক দিবস উপলক্ষে সকাল ১১.০০ টায় জাতীয় পতাকা অর্ধনমিত ও কালোপতাকা উত্তোলন করেন সুইড বাংলাদেশের মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম, জাতীয় নির্বাহী কমিটির ক্রীড়া সচিব মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ) এবং জনাব মোঃ জামাল উদ্দীন ছুটু, সুইড'র পরিচালক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম। সুইড ভবনের ৭ম তলায় 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' প্রাঙ্গণে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুইড'র সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম। স্বাগত ভাষণ দেন মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। মিলাদ পরিচালনা করেন ইস্কাটন গার্ডেন জামে মসজিদের ইমাম মাওলানা আশরাফ আলী ও সুইড উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের প্রধান শিক্ষক মাওলানা ইয়াকুব আলী। দোয়ায় ১৫ আগস্ট জাতির জনক ও তাঁর পরিবারবর্গের শহীদ সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। এছাড়া অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলনের মাতা মরহুমা নুরজাহান বেগম এর আত্মার মাগফিরাত ও সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর করোনা টেস্ট নিগেটিভ হওয়ার জন্য দোয়া করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, কর্মকর্তা, কর্মচারী এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড রমনা শাখা ও সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখার শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

### ৩.২ সুইড ফরিদপুর শাখায় করোনাকালীন মতবিনিময় সভা, স্বাস্থ্যসেবা ও পুরস্কার বিতরণ

১৫ অক্টোবর ২০২০ বৃহস্পতিবার সুইড ফরিদপুর শাখায় মুজিব শতবর্ষ উপলক্ষে মতবিনিময়, স্বাস্থ্যসেবা ও পুরস্কার বিতরণ এর আয়োজন করা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণ করেন সুইড বাংলাদেশের সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, যুগ্ম-মহাসচিব ডাঃ মুন্সী মোঃ রেজা সেকেন্দার, ক্রীড়া সচিব মেজর(অবঃ) ইয়াদ আলী ফকির।

শিশুরোগ বিশেষজ্ঞ জনাব ডাঃ তানজীরুল ইসলাম এবং ডাঃ লাবনী আক্তার স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ছেলেমেয়েদের স্বাস্থ্যসেবা প্রদান করেন। শাখা কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক ও অভিভাবকবৃন্দ এবং নির্দিষ্ট সংখ্যক বিশেষ শিশুদের নিয়ে স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই বিশেষ শিশুদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করা হয়।

### ৩.৩ টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজারে পুষ্পার্ঘ্য অর্পণঃ

মুজিব বর্ষে সুইড বাংলাদেশের বছরব্যাপী কার্যক্রমের অংশ হিসাবে ১৬ অক্টোবর ২০২০ শুক্রবার সকাল ৯টায় গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় অবস্থিত হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সমাধি সৌধে পুস্পমাল্য অর্পণ করে দোয়া ও মোনাজাত শেষে পরিদর্শন বইতে স্বাক্ষর করেন সুইড বাংলাদেশের জাতীয় নির্বাহী কামিটির মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ্ আলম, ক্রীড়া সম্পাদক মেজর (অব.) ইয়াদ আলী ফকিরসহ সুইড বাংলাদেশ গোপালগঞ্জ শাখার প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক মুন্সী সাদিকুর রহমান শাহীন ও সুইড টুঙ্গীপাড়া শাখার নির্বাহী সচিব প্রফেসর ওয়ালীউল ইসলাম ও শেখ মিলি উপস্থিত ছিলেন।

### ৩.৪ মুজিব বর্ষ উপলক্ষে সুইড বাংলাদেশের উদ্যোগে সুইড টুঙ্গীপাড়া শাখার ১৫০ জন প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে স্কুল ড্রেস, শিক্ষা ও ক্রীড়া উপকরণ, মুজিব বর্ষের ব্যাজ বিতরণ ও স্বাস্থ্যসেবা প্রদান অনুষ্ঠান:

মুজিব বর্ষে সুইড বাংলাদেশের স্লোগান 'মুজিব বর্ষে প্রতিশ্রুতি সুইড বাড়াবে সেবার গতি'। এই স্লোগান বাস্তবায়নের লক্ষ্যে ১৬ অক্টোবর ২০২০ শুক্রবার সকাল ১০টায় গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলায় অবস্থিত সুইড টুঙ্গীপাড়া বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ১৫০ জন বিশেষ শিক্ষার্থীদের মাঝে স্কুল ড্রেস, শিক্ষা ও ক্রীড়া উপকরণ এবং মুজিববর্ষের ব্যাজ বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ধানমন্ডি মহিলা আওয়ামী লীগের সভাপতি শেখ মিলি। জাতীয় ভিত্তিক প্রতিষ্ঠান সুইড বাংলাদেশের প্রতিনিধিদের মধ্যে ছিলেন জাতীয় নির্বাহী কামিটির মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, সহ-সভাপতি প্রিন্সিপাল মোহাম্মদ শাহ্ আলম, ক্রীড়া সম্পাদক মেজর (অব.) ইয়াদ আলী ফকির। উক্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সুইড বাংলাদেশের পক্ষ থেকে চিকিৎসা ক্যাম্প স্থাপন করে স্বাস্থ্যসেবা প্রদান করেন শিশু বিশেষজ্ঞ জনাব ডাঃ তানজীরুল ইসলাম ও ডাঃ লাবনী আক্তার। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকার উইলস লিটল ফ্লওয়ার স্কুলের প্রাক্তন গণিত শিক্ষক মিসেস শরিয়াতুন্নেছা। তিনি টুঙ্গীপাড়া শাখার বিশেষ শিক্ষার্থীদের ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য ১০,০০০/- টাকা প্রদান করেন। বিকেলে সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কামিটির সদস্যবৃন্দ সুইড গোপালগঞ্জ শাখার ভবন নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন ও তদারকি করেন এবং কার্যক্রম পরিচালনা সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও মতবিনিময় করেন। এসময়ে গোপালগঞ্জ শাখার প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক মুন্সী সাদিকুর রহমান শাহীনকে সুইড বাংলাদেশের বার্ষিক প্রতিবেদন ২০২০ ও মুজিব বর্ষের ব্যাজ প্রদান করেন সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ্ আলম ও মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা।

### ৩.৫ মুজিববর্ষ উপলক্ষে সুইড প্রতিনিধিদলের কটিয়াদি শাখায় করোনাকালীন মতবিনিময় সভা, বিশেষ শিশুদের পুরস্কার বিতরণ ও স্বাস্থ্য সেবা সংক্রান্ত আলোচনা:

২৩ অক্টোবর ২০২০ শুক্রবার 'সুইড বাংলাদেশ'-এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার নেতৃত্বে একটি প্রতিনিধিদল সুইড কটিয়াদি শাখার আয়োজনে করোনাকালীন মতবিনিময় ও স্বাস্থ্য সেবা সংক্রান্ত সভায় যোগদান করেন। এ উপলক্ষে কটিয়াদি শাখার ২৫ জন প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে উপহার (স্কুল ব্যাগ, টিফিন বক্স ও রং পেন্সিল) বিতরণ করা হয়। সুইড বাংলাদেশের প্রতিনিধি দলের মধ্যে ছিলেন জাতীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ্ আলম এবং সদস্যবৃন্দ যথাক্রমে মিসেস রাশিদা বেগম, জনাব জামাল উদ্দিন ছুটু, উপদেষ্টা পরিষদের সদস্য অধ্যাপক ডাঃ মনীন্দ্র নাথ রায়।

### ৩.৬ ফরিদপুরে উপহার বিতরণ, স্বাস্থ্যসেবা প্রদান:

১৫ অক্টোবর ২০২০ বিকালে সুইড ফরিদপুর শাখার স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিশুদের মাঝে বিশেষ উপহার ও স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। উপহার সামগ্রী বিতরণ করেন সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ্ আলাম, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা এবং ২য় যুগ্ম-মহাসচিব ডাঃ মুন্সী মোঃ রেজা সেকেন্দার (খুলনা থেকে)। স্বাস্থ্যসেবা প্রদান করেন শিশু বিশেষজ্ঞ ডাঃ তানজীরুল ইসলাম ও ডাঃ লাবনী আক্তার।

### ৩.৭ সুইড কিশোরগঞ্জ শাখায় করোনাকালীন মতবিনিময় সভা:

১৬ অক্টোবর ২০২০ সুইড কিশোরগঞ্জ শাখায় করোনাকালীন মতবিনিময় সভা, স্কাউট উপহার বিতরণ, স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের স্বাস্থ্যসেবা বিশেষক আলোচনা অনুষ্ঠিত হয়। সুইড কিশোরগঞ্জ শাখার নির্বাহী সচিব জনাব মায়া ভৌমিক ও অন্যান্য সদস্য, শিক্ষক ও অভিভাবকবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

### ৩.৮ ভৈরব বাঁশগাড়িতে 'জেড রহমান প্রিমিয়ার ব্যাংক স্কুল এণ্ড কলেজ' পরিদর্শন, প্রতিবন্ধিতা বিষয়ক মতবিনিময় সভা ও নতুন শাখা খোলা সংক্রান্ত বিষয়ে সম্ভাব্যতা যাচাই:

মুজিববর্ষ উপলক্ষে ২২ অক্টোবর ২০২০ বৃহস্পতিবার 'সুইড বাংলাদেশ'-এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভৈরব, বাঁশগাড়িতে অবস্থিত 'জেড রহমান প্রিমিয়ার ব্যাংক স্কুল এণ্ড কলেজ' পরিদর্শন করেন। সেখানে তাঁরা প্রতিবন্ধিতা বিষয়ক মতবিনিময় সভা ও উক্ত কলেজে নতুন শাখা খোলা সংক্রান্ত সম্ভাব্যতা যাচাই করেন। সুইড বাংলাদেশের

প্রতিনিধি দলের মধ্যে ছিলেন জাতীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ্ আলম এবং সদস্যবৃন্দ যথাক্রমে মিসেস রাশিদা বেগম ও জনাব জামাল উদ্দিন ছুটু।

### ৩.৯ মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে সুইড ভবনে বঙ্গবন্ধু কর্নার স্থাপন:

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়া গ্রামের সম্ভ্রান্ত শেখ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা শেখ লুৎফর রহমান ও মাতা সায়েরা খাতুন।

২০২০ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মের একশত বছর পূর্ণ হয়েছে। এ উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০২০ সালকে 'মুজিব বর্ষ' ঘোষণা করেছে এবং ১৭ মার্চ ২০২০ তারিখ থেকে 'মুজিব বর্ষ' উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানমালা আয়োজন করে চলেছে। সুইড বাংলাদেশও 'মুজিব বর্ষ' উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করে চলেছে।

সুইড বাংলাদেশ-এর সম্মানিত মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার নির্দেশনায় গত ২৮ অক্টোবর ২০২০ বুধবার বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি সম্মান প্রদর্শন করে সুইড ভবনের চতুর্থ তলায় অবস্থিত 'হাজী ছৈয়দ আহম্মদ জরিনা খাতুন গ্রন্থাগার'-এ 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন করা হয়েছে। মহাসচিব অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে বঙ্গবন্ধুর ফ্রেমে বাঁধানো ছবিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে 'বঙ্গবন্ধু কর্নার' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর একটি প্রতিকৃতি, বঙ্গবন্ধুর জীবনী গ্রন্থ, রোজনামচা, স্মৃতিকথা, ভ্রমণ, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার লেখা বঙ্গবন্ধুকে নিয়ে গ্রন্থ, বঙ্গবন্ধুকে নিয়ে বিশিষ্ট জনের গবেষণামূলক গ্রন্থ, বঙ্গবন্ধুর রাজনৈতিক ও পারিবারিক জীবন সম্পর্কিত গ্রন্থাবলী সংরক্ষণ করা হয়েছে। এছাড়া উক্ত কর্নারের দেয়ালে বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ ছবি বাঁধিয়ে টানানো হয়েছে। সুসজ্জিত এই বঙ্গবন্ধু কর্নার পরিদর্শন ও গ্রন্থসমূহ অধ্যয়নের জন্য সকলেই আমন্ত্রিত।

### ৩.১০ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষে আয়োজিত ১০ দিনব্যাপী অনুষ্ঠানমালা:

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপণ উপলক্ষে সুইড বাংলাদেশ কর্তৃক ১৭ মার্চ বুধবার থেকে ২৬ মার্চ, ২০২১ শুক্রবার পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়।

১ম দিন ১৭ মার্চ, ২০২১ ইং রোজ বুধবার, সকাল ৯:০০ টায় সুইড বাংলাদেশ এর আয়োজনে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন করা হয়। সুইড বাংলাদেশ এর সম্মানিত সভাপতি, মহাসচিব ও সাংস্কৃতিক সচিবের নির্দেশনা মোতাবেক উক্ত অনুষ্ঠানের সকল আয়োজন সম্পন্ন করা হয়। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ, জনাব প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সহ-সভাপতি সুইড বাংলাদেশ, জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব সুইড বাংলাদেশ, উপদেষ্টা কমিটির সদস্য জনাব অধ্যাপক ডাঃ মনীন্দ্র নাথ রায় এবং জনাব কবি কাজী রোজী এমপি। জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও সুইড পতাকা উত্তোলন এবং সভাপতি মহোদয় দিবসের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী এবং স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে শোভাযাত্রা করা হয়। উক্ত শোভাযাত্রায় সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকগণ অংশগ্রহণ করেন। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিব শতবার্ষিকী উপলক্ষে কেক কেটে দিবসের আনুষ্ঠানিকতা আরম্ভ করা হয় সেই সাথে আলোচনা, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং দিন ব্যাপী স্কাউট প্রোগ্রাম আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে একুশে পদক প্রাপ্ত ব্যক্তিত্ব কবি কাজী রোজী এমপিকে সুইড বাংলাদেশ এর পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়। সুইড বাংলাদেশ স্কাউট গ্রুপের পক্ষ থেকে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। স্কাউট কার্যক্রম শেষে সম্মানিত সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

### ৩.১১ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে স্বাস্থ্য ও থেরাপী সেবা প্রদান:

অনুষ্ঠানমালার ২য় দিনে ১৮ মার্চ, ২০২১ ইং রোজ বৃহস্পতিবার, সকাল ১০:০০ টায় সুইড বাংলাদেশ এর আয়োজনে দিনব্যাপী প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাস্থ্য ও থেরাপি সেবা প্রদান করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব জওয়াহেরুল ইসলাম

মামুন, সভাপতি, সুইড বাংলাদেশ। তাছাড়া উপস্থিত ছিলেন প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম, সহ-সভাপতি, সুইড বাংলাদেশ এবং ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ। সকাল ১০:৪০ টা থেকে স্বাস্থ্য ও থেরাপী বিষয়ক কার্যক্রম শুরু হয়ে বিকেল ৫:০০ টা পর্যন্ত উক্ত সেবা চলে। স্বাস্থ্য ও থেরাপী সেবা প্রদান করেন সুইড বাংলাদেশ এর ক্লিনিক্যাল বিভাগের নিয়োগকৃত মেডিক্যাল অফিসার জনাব ডাঃ তাহরিমা, স্পিচ থেরাপিস্ট মিসেস তামান্না খান, সাইকোলজিস্ট জনাব হাফসা হোসাইন ফারহানা, ফিজিও থেরাপিস্ট তাহরিমা রহমান নিলয়। উক্ত কার্যক্রমে অংশ হিসেবে সুইড বাংলাদেশের মোট ২০ (বিশ) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে পূর্ণাঙ্গ সেবা প্রদান করা হয়। মহাসচিব মহোদয়ের আনুষ্ঠানিক ঘোষণার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

### ৩.১২ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে মিলাদঃ

অনুষ্ঠানমালার ৩য় দিনে ১৯ মার্চ, ২০২১ ইং রোজ শুক্রবার, বিকেল ৫:০০ টায় সুইড বাংলাদেশ এর আয়োজনে সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদে মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। এই মিলাদ ও দোয়ার মাহফিল পরিচালনা করেন মসজিদটির ইমাম হাফেজ মাওলানা মোঃ সামিউল ইসলাম। মিলাদ ও দোয়ার অনুষ্ঠান শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়। মহান মুক্তিযুদ্ধের সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মিলাদ ও দোয়ার মাহফিলে বক্তব্য রাখেন সুইড বাংলাদেশ এর সহ-সভাপতি জনাব মাহমুদুল হক তাহের।

### ৩.১৩ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনী ও মুক্তিযুদ্ধের উপর ভিডিও প্রদর্শনীঃ

অনুষ্ঠানমালার ৪র্থ দিন ২০ মার্চ, ২০২১ ইং রোজ শনিবার, সকাল ১১:০০ টায় সুইড বাংলাদেশ এর আয়োজনে বঙ্গবন্ধুর জীবনি ও মুক্তিযুদ্ধের উপর ভিডিও প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ডাঃ অজন্তা রানী সাহা,মহাসচিব সুইড বাংলাদেশ। আরো উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক, সুইড বাংলাদেশ। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে আলোচনা শেষে মহাসচিব অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

### ৩.১৪ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বিশ্ব ডাউন সিনড্রোম দিবস উদযাপনঃ

অনুষ্ঠানমালার ৫ম দিন ২১ মার্চ, ২০২১ ইং রোজ রবিবার , সকাল ১০:০০ টায় সুইড বাংলাদেশ এর আয়োজনে ১৪তম বিশ্ব ও ৮ম জাতীয় ডাউন সিনড্রোম দিবসের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি, সুইড বাংলাদেশ। উক্ত অনুষ্ঠানে ডাউন সিনড্রোম বিষয়ে মূল বক্তব্য পেশ করেন মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। উক্ত অনুষ্ঠানে প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সহ-সভাপতি, সুইড বাংলাদেশ, জনাব আবুল কাসেম সানি, জাতীয় নির্বাহী কমিটির সদস্য, জনাব অধ্যাপক ডাঃ মনীন্দ্র নাথ রায়, উপদেষ্টা কমিটির সদস্য ছাড়াও সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীতের সাথে জাতীয় পতাকা ও সুইড পতাকা উত্তোলন করা হয়। বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন ও মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকগণের সমন্বয়ে শোভা যাত্রার মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। উক্ত দিবসের কার্যক্রমের অংশ হিসেবে সুইড বাংলাদেশ এর শিক্ষার্থীগণের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে প্রতিযোগীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন সুইড বাংলাদেশ এর সম্মানিত নেতৃবৃন্দ।

### ৩.১৫ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে সংগীতানুষ্ঠানঃ

অনুষ্ঠানমালার ৬ষ্ঠ দিন ২২ মার্চ, ২০২১ ইং রোজ সোমবার সকাল ১১:০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে একটি

সংগীতানুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ। সুইড বাংলাদেশ এর সংগীত শিক্ষক জনাব মাসুদা খানম কনা অনুষ্ঠানটি পরিচালনা করেন। উক্ত অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ সঙ্গীত পরিবেশন করেন।

### ৩.১৬ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে নৃত্যানুষ্ঠান উদযাপন:

অনুষ্ঠানমালার ৭ম দিন ২৩ মার্চ, ২০২১ ইং রোজ মঙ্গলবার, সকাল ১১:০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে একটি নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান সভাপতিত্ব করেন জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ। উক্ত অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন। সুইড বাংলাদেশ এর সঙ্গীত শিক্ষক জনাব রেশমী আবেদীন অনুষ্ঠানটি পরিচালনা করেন। উক্ত অনুষ্ঠানে সুইড বাংলাদেশ এর শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ নৃত্য পরিবেশন করেন।

### ৩.১৭ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে সেমিনার প্রসঙ্গে:

অনুষ্ঠানমালার ৮ম দিন ২৪ মার্চ, ২০২১ ইং রোজ বুধবার, সকাল ১১:০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে একটি সেমিনার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি, সুইড বাংলাদেশ। সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন। সুইড গোবিন্দাসী শাখার সভাপতি ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। করোনা পরিস্থিতিতে আমাদের করণীয় শীর্ষক সেমিনারে বক্তব্য প্রদান করছেন সুইড বাংলাদেশ এর সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন। তিনি সেমিনারে অংশ গ্রহণকারী সকলের মতামতকে গুরুত্ব দিয়ে সুইড বাংলাদেশ এর কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার আশ্বাস দেন।

### ৩.১৮ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে সুইড বাংলাদেশ এর সেবার গতি বৃদ্ধি সংক্রান্ত আলোচনা:

অনুষ্ঠামালার ৯ম দিন ২৫ মার্চ, ২০২১ ইং রোজ বৃহস্পতিবার, সকাল ১১:০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে 'মুজিব বর্ষের প্রতিশ্রুতি সুইড বাড়াবে সেবার গতি' বিষয়ক একটি সেমিনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোহম্মদ নুরুল ইসলাম, পরিচালক সুইড বাংলাদেশ। সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা, কর্মচারীগণ উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন।

### ৩.১৯ মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন:

১০ দিনব্যাপী অনুষ্ঠানমালার সমাপ্তি দিবস ২৬ মার্চ, ২০২১ ইং রোজ শুক্রবার , সকাল ১০:০০ টায় সুইড বাংলাদেশ এর উদ্যোগে মহান স্বাধীনতা দিবস সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ। জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন ও র‍্যালীর মধ্য দিয়ে উক্ত দিবস উদ্‌যাপনের কার্যক্রম শুরু হয়। মুজিব শতবর্ষ ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে বক্তব্য রাখেন, সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম। মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, উপদেষ্টা কমিটির সদস্য অধ্যাপক ডাঃ মনীন্দ্র নাথ রায়। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দিবসের কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

## ৪. জাতীয় আন্তর্জাতিক দিবস, সেমিনার ও সম্মেলনে যোগদান-আয়োজন ও সচেতনতামূলক কার্যক্রম

**৪.১** ১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী পালন ও জাতীয় শোক দিবস উপলক্ষে সকাল ১১.০০ টায় জাতীয় পতাকা অর্ধনমিত ও কালোপতাকা উত্তোলন করেন সুইড বাংলাদেশের মহাসচিব ডা: অজন্তা রানী সাহা, সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম, জাতীয় নির্বাহী কমিটির ক্রীড়া সচিব মেজর মো: ইয়াদ আলী ফকির (অব:) এবং জনাব মো: জামাল উদ্দীন ছুটু, সুইড'র পরিচালক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম এবং সুইড ভবনের ৭ম তলায় 'সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদ' প্রাঙ্গণে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুইড'র সহ-সভাপতি প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম। সুইড বাংলাদেশের পক্ষ থেকে শনিবার সুইড ভবন, ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকায় জাতীয় পতাকা অর্ধনমিত ও শোক পতাকা উত্তোলন করা হয়। পতাকা অর্ধনমিত ও উত্তোলন করেন ৪র্থ সহ-সভাপতি অধ্যক্ষ মোহাম্মদ শাহ আলম, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, ক্রীড়া সচিব মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অব), নির্বাহী সদস্য জনাব মোঃ জামাল উদ্দিন ছুটু ও পরিচালক মোহাম্মদ নূরুল ইসলাম। এরপর সুইড ভবনের ৭ম তলায় অবস্থিত সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদে আলোচনা, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুইড বাংলাদেশের সহ-সভাপতি অধ্যক্ষ মোঃ শাহ আলম। স্বাগত ভাষণ দেন মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। মিলাদ পরিচালনা করে ইস্কাটন গার্ডেন জামে মসজিদের ইমাম মাওলানা আশরাফ আলী ও সুইড উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের প্রধান শিক্ষক মাওলানা ইয়াকুব আলী। দোয়ায় ১৫ আগস্ট জাতির জনক ও তাঁর পরিবারবর্গের শহীদ সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। এছাড়া অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলনের মাতা মরহুমা নুরজাহান বেগম এর আত্মার মাগফিরাত ও সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এর করোনা টেস্ট নিগেটিভ হওয়ার জন্য দোয়া করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্যবৃন্দ, কর্মকর্তা, কর্মচারী এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড রমনা শাখা ও সুইড উইলস লিটল ফ্লাওয়ার শাখার শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

### ৪.২ এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক আয়োজিত 'জাতীয় শোক দিবস ২০২০' পালন অনুষ্ঠানে সুইড বাংলাদেশের অংশগ্রহণ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস' পালন উপলক্ষে এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক ১৫ আগস্ট ২০২০ সকাল ১১ টায় একটি ভার্চুয়াল আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। এনডিডি সুরক্ষা ট্রাস্ট বোর্ডের চেয়ারপারসন অধ্যাপক ডা: গোলাম রাব্বানী উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উক্ত ভার্চুয়াল 'আলোচনা ও দোয়া মাহফিল'-এ সুইড বাংলাদেশ এর ৪র্থ সহ-সভাপতি অধ্যক্ষ মো: শাহ আলম, মহাসচিব ডা: অজন্তা রানী সাহা ও ক্রীড়া সচিব মেজর মো: ইয়াদ আলী ফকির (অব:) মহাসচিবের দপ্তর থেকে জুমের মাধ্যমে অংশগ্রহণ করেন।

### ৪.৩ 'বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস-২০২০' শীর্ষক ভার্চুয়াল প্লাটফর্মে এক আলোচনা সভায় অংশগ্রহণ প্রসঙ্গ ঃ

২১ আশ্বিন, ১৪২৭/৬ অক্টোবর, ২০২০ মঙ্গলবার বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সকাল ১১:৩০ ঘটিকায় নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট ও পার্সনস্ উইথ সেরিব্রাল পালসি ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে ভার্চুয়াল প্লাটফর্মে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এ দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় ঃ "আমিও আছি, আমার কথা আমি বলব"। আলোচনা সভাটি সেরিব্রাল পালসি সম্পন্ন শিক্ষার্থীদের পবিত্র ধর্ম গ্রন্থসমূহ পাঠের মধ্য দিয়ে শুরু হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুজ্জামান আহমেদ এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান

খসরু এমপি এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত আলোচনা অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড এর চেয়ারপারসন অধ্যাপক ডাঃ মোঃ গোলাম রব্বানী। অনুষ্ঠানে অংশগ্রহণ করেন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আনিছুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন এনডিডি প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড এর ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব), ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ্, এফসিএমএ, শুভেচ্ছা বক্তব্য রাখেন পার্সনস্ উইথ সেরিব্রাল পালসি ফাউন্ডেশন এর সহসভাপতি, সৈয়দ আলী জাভেদ এই অনুষ্ঠানে ভার্চুয়াল প্লাটফর্মে সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন জনাব মাহমুদুল হাসান সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) এবং নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ রফিকুল আলম খন্দকার। জনাব মাহমুদুল হাসান বলেন সরকারকে সেরিব্রাল পালসি প্রতিরোধ এবং প্রতিকার করতে হলে প্রথমেই বিশেষভাবে সেরিব্রাল পালসিতে আক্রান্ত হওয়ার কারণগুলো দেশের সকল পর্যায়ের মানুষের কাছে পৌছানোর জন্য সচেতনতা মূলক কার্যক্রম বাড়াতে হবে'। 'বিশ্ব সেরিব্রাল পালসি প্রতিবন্ধী ব্যক্তি দিবস-২০২০' শীর্ষক ভার্চুয়াল প্লাটফর্মের আলোচনা সভাটি সঞ্চালনা করেন পার্সনস্ উইথ সেরিব্রাল পালসি ফাউন্ডেশন এর সেরিব্রাল পালসি সম্পন্ন ব্যক্তি মিসেস শর্মি রায়।

### ৪.৪ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদ্‌যাপন উপলক্ষে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত প্রস্তুতিমূলক সভায় সুইড বাংলাদেশের অংশগ্রহণ:

১৫ অক্টোবর ২০২০ 'বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় আয়োজিত প্রস্তুতিমূলক সভা ৮ সেপ্টেম্বর ২০২০ মঙ্গলবার বিকাল ৩.০০ টায় ভিডিও কনফারেন্স (zoom) এর মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব জয়নুল বারী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুইড বাংলাদেশের মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা আমন্ত্রিত হয়ে অংশগ্রহণ করেন।

সভায় –

(ক) দিবসের প্রতিপাদ্য হিসাবে – 'সাদাছড়ির উন্নতি দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তির অগ্রগতি' নির্ধারণ করা হয়।

(খ) ১৫ অক্টোবর ২০২০ তারিখে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউণ্ডেশনের ক্যাম্পাসে সীমিত পরিসরে প্রতীকি র‌্যালী অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) মূল আলোচনা অনুষ্ঠান zoom প্লাটফর্মে করার সিদ্ধান্ত গৃহিত হয়।

### ৪.৫ ২৯তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২২তম জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ প্রসঙ্গ:

৪ নভোম্বর ২০২০ তারিখ বুধবার ২৯তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২২ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন উপলক্ষে বিকাল ৩:০০ ঘটিকায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে একটি প্রস্তুতিমূলক জুম প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সচিব জনাব মোহাম্মদ জয়নুল বারী। সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান।

### ৪.৬ ইশারা ভাষা দিবস উদযাপনের লক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ:

১৯.০১.২০২১ তারিখ বেলা ৩.০০টায় ৭ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বাংলা ইশারা ভাষা দিবস সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষে প্রস্তুতিমূলক সভা সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনলাইন জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন নির্বাহী কর্মকর্তা জনাব মো: রফিকুল আলম খন্দকার।

### ৪.৭ বার্ষিক মিলাদ মাহফিল:

গত ২৮ জানুয়ারি ২০২১ বৃহস্পতিবার বাদ আছর বিকাল ৫টায় ৭ম তলায় সুইড রত্নগর্ভা শহীদ জননী খুরশিদ আরা মসজিদে হাজী ছৈয়দ আহম্মদ ফাউণ্ডেশনের সৌজন্যে সুইড বাংলাদেশ এর বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের হাজী

ছৈয়দ আহম্মদ পরিবারের পক্ষ থেকে জনাব এনামুল হক এবং  জনাব মাহমুদুল হক তাহের উপস্থিত ছিলেন। মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন সুইড গেন্ডারিয়া শাখার প্রধান শিক্ষক জনাব আবদুল রাজ্জাক।  বক্তব্য রাখেন সুইড বাংলাদেশের মাননীয় সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন।

### ৪.৮  সরস্বতী পূজা উপলক্ষে সুইড বাংলাদেশ এর অনুষ্ঠান আয়োজন সম্পর্কে প্রতিবেদনঃ

১৬ ফেব্রুয়ারী ২০২১ ইং তারিখে সুইড বাংলাদেশ এর পক্ষ থেকে সরস্বতী পূজার আয়োজন করা হয়।  মাননীয় মহাসচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পূজার সকল উপকরণ, প্রতিমা ক্রয়, প্যান্ডেল স্থাপন, পূজা পরিচালনার জন্য পুরোহিত মহোদয়কে নিমন্ত্রণ ও সুইড বাংলাদেশ এর সকল স্যারদের ফোনের মাধ্যমে দাওয়াত দেয়া হয়। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ অন্যান্য অনেক অতিথি স্বরসতী পূজাতে উপস্থিত ছিলেন- জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব সুইড বাংলাদেশ, জনাব অধ্যাপক ডাঃ মনীন্দ্রনাথ রায়, উপদেষ্টা সদস্য সুইড বাংলাদেশ, জনাব সাধন বোস, প্রচার ও প্রকাশনা সচিব সুইড বাংলাদেশ, জনাব মোখলেছুর রহমান বাবু, উপ-পরিচালক সুইড বাংলাদেশ। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে সুইড বাংলাদেশ সংগীত, নৃত্য, বাদ্যযন্ত্র শিক্ষক ও শিক্ষার্থীগণ। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার শুভেচ্ছা বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

### ৪.৯ ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনঃ

গত ২১/০২/২০২১ ইং তারিখে ‘সুইড বাংলাদেশ’ এর উদ্যোগে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক উদযাপন করা করা হয়। উক্ত অনুষ্ঠান উপলক্ষে সকাল ৯.৩০ মিনিটে সুইড বাংলাদেশ এর মাননীয় সভাপতি ও মহাসচিব মহোদয়ের নেতৃত্বে প্রভাত ফেরী/ র‌্যালী করা হয়। র‌্যালীতে ‘সুইড বাংলাদেশ’ এর সকল কর্মচারী, কর্মকর্তা, শিক্ষার্থী ও অভিভাবক বৃন্দ অংশগ্রহণ করেন। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন-জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ, জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব সুইড বাংলাদেশ, জনাব রাশিদা জেসমিন রোজী, সদস্য সুইড বাংলাদেশ, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক সুইড বাংলাদেশ, জনাব মোঃ মোখলেছুর রহমান বাবু, উপ-পরিচালক সুইড বাংলাদেশ। সকল ভাষা শহীদের স্মরণে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন, সুইড বাংলাদেশ এর মাননীয়  সভাপতি ও মহাসচিব মহোদয়। এরপর একে একে সুইড বাংলাদেশ এর সকল কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদের শ্রদ্ধাভরে স্মরণ করেন। ভাষা শহীদের স্মরণে আলোচনা ও সুইড বাংলাদেশ এর শিক্ষক/শিক্ষার্থীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

### ৪.১০ অটিজম সচেতনতা দিবস ও পদাতিক নাট্যদল ও সুইড বাংলাদেশ যৌথ উদ্যোগে নাট্যাৎসবঃ

গত ২রা এপ্রিল ২০২১ ইং, রোজ শুক্রবার ‘সুইড বাংলাদেশ’ উদ্যোগে ১৪ তম বিশ্ব অটিজম সচেতনতা বিদস ও পদাতিক নাট্যদল এবং সুইড বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ‘প্রেরণা’ নাট্যাৎসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটিকে দুটি ভাগে ভাগ করা হয়। সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত  ১৪তম অটিজম সচেতনতা দিবস উদযাপন এবং ৫:০০ টা থেকে বেইলী রোডস্থ মহিলা সমিতির অডিটোরিয়ামে নাট্যাৎসব অনুষ্ঠিত হয়। ১৪তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ। সুইড বাংলাদেশ এর সম্মানিত সভাপতি, মহাসচিব ও সাংস্কৃতিক সচিব জনাব ইমেলদা হোসেন দীপার নির্দেশনা মোতাবেক সকল আয়োজন সম্পন্ন করা হয়। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ, জনাব যোবায়দুর রহমান মিলন, অর্থসচিব সুইড বাংলাদেশ, জনাব মোঃ ইউনুছ আলী, সদস্য জাতীয় নির্বাহী কমিটি, জনাব মোহম্মদ নূরুল ইসলাম, পরিচালক সুইড বাংলাদেশ।

এছাড়াও সুইড বাংলাদেশ সকল কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী, অভিভাবকগণ উপস্থিত ছিলেন। মাননীয় সভাপতি মহোদয় নীলবাতি প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানের ২য় পর্বে পদাতিক নাট্যদল ও সুইড বাংলাদেশ এর যৌথ আয়োজনে বিশেষ নাটক ‘প্রেরণা’-র দর্শন এর জন্য বেইলী রোডস্থ মহিলা সমিতির অডিটোরিয়ামে সুইড বাংলাদেশ এর কর্মকর্তা, শিক্ষার্থী এবং অভিভাবকগণ বিকেল ৫:০০ টায় উপস্থিত হন। অনুষ্ঠানের বিশেষ অতিথির আসন গ্রহণ করেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি সুইড বাংলাদেশ।

### ৪.১১ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে গুরুত্বপূর্ণ সভা:

৫ আগস্ট ২০২০ সুইড বাংলাদেশের মহাসচিব ডা: অজন্তা রানী সাহা সারা দেশব্যাপী সরকারী বেতন-ভাতার অধীন সুইডের শাখা বিদ্যালয়গুলো পরিচালনা বা তত্ত্বাবধান সংক্রান্ত বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব জয়নুল বারী মহোদয়ের সাথে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। উক্ত আলোচনার সময়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) জনাব ইসমাইল হোসেন ও জন প্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব দুলাল কৃষ্ণ সাহা উপস্থিত ছিলেন।

### ৪.১২ স্বাস্থ্য ও গবেষণা মিটিং এ গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে স্বাস্থ্য মন্ত্রণালয়ে সভা:

সুইড বাংলাদেশের মহাসচিব জনাব অজন্তা রানী সাহার উদ্যোগে স্বাস্থ্য ও গবেষণা কমিটির মিটিং এ গৃহিত সিদ্ধান্তের ভিত্তিতে সারা বাংলাদেশব্যাপী পরিচালিত ৫৩৯টি শাখার প্রায় ৩০,০০০ বুদ্ধি প্রতিবন্ধী ছেলেমেয়েদের মাসিক ও বাৎসরিক ভিত্তিতে নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে সংযোগ স্থাপন ও স্বাস্থ্যসেবা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত সচিব জনাব এনামুল হকের সাথে এক গুরুত্বপূর্ণ সভা ১৭/৯/২০২০ দুপুর ১টায় অনুষ্ঠিত হয়।

### ৪.১৩ ADAB এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এর মৃত্যুতে শোকসভা:

১১ সেপ্টেম্বর ২০২০ ADAB Bangladesh এর প্রতিষ্ঠাতা চেয়ারপার্সন ফাদার আর ডাবিউ টিম পরলোক গমন করায় ২০ সেপ্টেম্বর ২০২০ অনলাইন স্মরণসভায় সুইড বাংলাদেশের পক্ষে মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা অংশগ্রহণ করেন।

### ৪.১৪ UNCRPD এবং SDG সমন্বয় বিষয় সংক্রান্ত জুম মিটিং এ অংশগ্রহণ প্রসঙ্গ:

২০ শে সেপ্টেম্বর ২০২০ রোজ রবিবার UN এর পক্ষ থেকে UNRC Office, ILO, UNICEF এর সহায়তায় সকাল ১০:০০ টা-দুপুর ১২টা পর্যন্ত বিভিন্ন প্রতিবন্ধী সংস্থাদের নিয়ে United Nations Convention Rights for the Person with Disabilities (UNCRPD) এবং Sustainable Development Goal (SDG) কে সমন্বয় করে একটি জুম মিটিং UNRC Office এ অনুষ্ঠিত হয়। সভায় সকল ধরনের প্রতিবন্ধীর জীবনমানের উন্নয়ন, Convention Rights for the Person with Disabilities (CRPD) এবং SDG এর আলোকে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংরক্ষণ (Protection) এবং বাস্তবায়ন (Implementation) একই সাথে অধিকতর করণীয় (Recommendation) বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়। উক্ত জুম মিটিং এ সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে যোগদান করেন সুইড'র মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা এবং সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান। সুইড মহাসচিব বলেন 'UNRC Office কর্তৃক আয়োজিত আজকের এই সভাটি খুবই সময়পোযোগী এবং যথাযথ। সুইড বাংলাদেশ স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ প্রতিবন্ধীদের নিয়ে বিশেষ শিক্ষা কার্যক্রম সুদীর্ঘ সময় যাবৎ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অত্যন্ত সফলতার সাথে কাজ করছে। সকল এনডিডি প্রতিবন্ধিতা সম্পন্ন ব্যক্তিদের মাঝে যারা অত্যন্ত তীব্র মাত্রার প্রতিবন্ধিতায় আক্রান্ত তাদের একীভূত শিক্ষা (Inclusive Education) কর্মসূচীতে অংশগ্রহণ করা সম্ভব নয়। এমতাবস্থায় তাদের প্রয়োজন বিশেষ শিক্ষা (Special Education) ও প্রশিক্ষণ। প্রশিক্ষণের মাধ্যমে স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের মাঝে লুক্কায়িত দক্ষতাকে প্রস্ফুটিত করে তা বাস্তবে কাজে লাগানো সম্ভব। এই অর্জিত দক্ষতার উপর ভিত্তি করে কর্ম সংস্থানের বিষয়টি এই Project এ অন্তর্ভুক্তকরণের জন্য দৃষ্টি আকর্ষণ করছি। সুতরাং আজকের এই সভার মাধ্যমে এ সকল পিছিয়ে পড়া এনডিডি সমস্যাগ্রস্থ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের বিশেষ শিক্ষায় প্রশিক্ষণ দিয়ে সরকারী-বেসরকারী অফিসে বিভিন্ন উপযোগী পর্যায়ে অফিস সহকারী হিসেবে নিয়োগ প্রদান এবং জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যায়'। সুইড'র সহকারী পরিচালক বলেন, রাজনৈতিক কার্যক্রমে সকল প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ সহজ করতে হবে এবং তাদের এসকল কর্মকাণ্ডে বেশি করে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিতে হবে। এতে করে জনপ্রতিনিধি হিসেবে এ সকল স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ প্রতিবন্ধী ব্যক্তিরা একটি দেশের সকল কাঠামোতে তাদের স্ব অধিকারগুলো নিয়ে খুবই সহজে প্রবেশাধিকার এবং মতামত প্রকাশ করতে পারবে।'

### ৪.১৫ ‘Race to Zero Dialogue on Climate and Health’ বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ প্রসজ্ঞেঃ

১০ নভেম্বর ২০২০ তারিখ মঙ্গলবার সকাল ৮:০০ ঘটিকায় World Health Organization (WHO) আয়োজিত বিশ্ব জলবায়ু পরিবর্তন (Climate Change) সংক্রান্ত “Race to Zero Dialogue on Climate and Health” বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে ‘Race for Health Resilience’ এর উপর একটি প্লাটফরম সেশন অনুষ্ঠিত হয়। উক্ত সেশনে সূচনা ফাউন্ডেশন এর চেয়ারপারসন এবং WHO এর Mental Health and AUTISM বিষয়ক উপদেষ্টা মিসেস সায়মা ওয়াজেদ হোসেন বক্তব্য রাখেন। এই ওয়েভ প্লাটফরম সেশনে সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান এবং নির্বাহী কর্মকর্তা রফিকুল আলম খন্দকার অংশগ্রহণ করেন।

### ৪.১৬ প্রতিবন্ধী ব্যক্তি ও জরুরি সহায়তাঃ কোভিড ১৯ প্রেক্ষাপট’ শীর্ষক এক ভার্চুয়াল গোলটেবিল আলোচনা সভাঃ

২১ ডিসেম্বর ২০২০ সকাল ১১:৩০ মিনিটে লাইট ফর দ্য ওয়ার্ল্ড, এডিডি ইন্টারন্যাশনাল, সিডিডি ও প্রথম আলো যৌথভাবে ‘প্রতিবন্ধী ব্যক্তি ও জরুরি সহায়তাঃ কোভিড ১৯ প্রেক্ষাপট’ শীর্ষক এক ভার্চুয়াল গোলটেবিলের আয়োজন করে। উক্ত ভারচ্যুয়াল সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন, সহকারী পরিচালক মাহমুদুল হাসান ও নির্বাহী পরিচালক মোঃ রফিকুল আলম খন্দকার। অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন প্রথম আলো পত্রিকার সহকারী সম্পাদক জনাব ফিরোজ চৌধুরী। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব এএইচএম আবু নোমান খান, নির্বাহী পরিচালক, সিডিডি; আসাদুজ্জামান রাসেল, ডিপিও লিডার, রাজশাহী; সমাজকল্যাণ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব রাশেদ খান মেনন, এডিডি ইন্টারন্যাশনালের দেশীয় পরিচালক জনাব শফিকুল ইসলাম, লাইট ফর দ্য ওয়াল্ডের ডিজঅ্যাবিলিটি ইনক্লুশন এডভাইজাজ মুরালি পদ্মানাভান, সিবিএম ইন্টারন্যাশনাল এর দেশীয় পরিচালক মুহাম্মদ মুশফিকুল ওয়ারা। ফরিদপুরের ডিপিও নেতা ইতি আক্তার। ইশারা ভাষায় দোভাষীর দায়িত্বে ছিলেন আরাফার সুলতানা (লতা) মূল প্রবন্ধ উপস্থাপন করেন, সিবিএম ইন্টারন্যাশনালের এ্যাডভোকেসী এন্ড কমিউনিকেশনস ম্যানেজার অসীম ডিও এবং লাইট ফর দ্যা ওয়াল্ডের ন্যাশনাল ডিজএবিলিটি ইনক্লুশন অফিসার নুসরাত আইরিন। প্রথমে সূচনা বক্তব্য প্রদান করে প্রথম আলোর সহযোগী সম্পাদক জনাব আবদুল কাইউম। তিনি বর্তমান প্রেক্ষাপটে এই আলোচনার গুরুত্ব তুলে ধরেন তিনি বলেন, প্রতিবন্ধীরা বর্তমানে অধিক অসুবিধার মধ্যে রয়েছে তাই তাদের জন্য কিকি ব্যবস্থা নেয়া যেতে পারে, জরুরী সহায়তা কিকি নেয়া যেতে পারে এই বিষয়টি এখানে আলোচনা হবে এবং মিডিয়া সেটা নীতিনির্ধারকদের কাছে তুলে ধরবে যাতে সত্যিকার অর্থে বাস্তবায়ন করতে পারে।

### ৪.১৭ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের কার্যালয় হতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত এনডিডি ট্রাস্টি বোর্ডের ১৩তম সভায় অংশগ্রহণঃ

১৮ জানুয়ারী ২০২১ সবাল ১১.০০ ঘটিকায় নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের কার্যালয়ে এনডিডি ট্রাস্টি বোর্ডের ১৩ তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি এবং এনডিডি ট্রাস্টি বোর্ডের কার্যনির্বাহী কমিটির সদস্য হিসেবে জনাব জওয়াহেরুল ইসলাম মামুন এবং সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান অংশগ্রহণ করেন।

### ৪.১৮ এডাব এর ৪০তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণঃ

২৫ জানুয়ারি ২০২১ খ্রিঃ ইউসেপ মিলনায়তনে ‘এডাব’ এর ৪০ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন নির্বাহী কর্মকর্তা জনাব রফিকুল আলম খন্দকার।

### ৪.১৯ গুরুতর প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান সৃষ্টিতে সামাজিক সুরক্ষার ভূমিকাঃ

৯ মার্চ, ২০২১ রোজ মঙ্গলবার সকাল ১০ঃ৩০ মিনিটে দশটি প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন-এইউডিসি, বি-স্ক্যান, বিডিডিটি, সিবিডিসিপিও, ডিসি এফ, ডিডিআরসি, এইচডিডিএফ, এনসিডিডব্লিউ, এনজিডিও ও ডব্লিউডিডিএফ এর পক্ষ থেকে যৌথভাবে ইনোভেশন টু ইনক্লুশন কর্মসূচীর আওতায় গুরুতর প্রতিবন্ধী গুরুতর প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান সৃষ্টিতে সামাজিক

সুরক্ষার ভূমিকা শীর্ষক একটি জাতীয় সেমিনার জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন মিলনায়তনে আয়োজন করা হয়। উক্ত সেমিনারে সমাজকল্যান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আনিছুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, শিবানী ভট্টাচার্য, অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, আবুল হোসেন, নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি এন্ড ডেভেলপমেন্ট রিসার্চ এবং জহির বিন সিদ্দিক, দেশস্থ প্রতিনিধি, লিওনার্ড চেশায়ার। উক্ত অনুষ্ঠানে সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান এবং সাংস্কৃতিক ও ক্রীড়া বিভাগের কো-অর্ডিনেটর জনাব ইকবাল হোসেন হিমেল।

## ৪.১৯ ‘Therap Global Virtual Roundtable Discussion: Best Practices for Documenting Therapies’ এর উপর গ্লোবাল ভার্চুয়াল মিটিং এ অংশগ্রহণ:

১৪ মার্চ, ২০২১ রোজ রবিবার বিকাল ৫:০০ মিনিটে ইউ এস ভিত্তিক বুদ্ধি প্রতিবন্ধীদেও জন্য সফটওয়্যার ভিত্তিক প্রতিষ্ঠান থেরাপ আয়োজিত ‘Therap Global Virtual Roundtable Discussion: Best Practices for Documenting Therapies’ এর উপর একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত ভার্চুয়াল সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান এবং নির্বাহী কর্মকর্তা জনাব রফিকুল আলম খন্দকার অংশগ্রহণ করেন।

## ৪.২০ ‘Leadership for Gender Equality’ সংক্রান্ত আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ:

১৭ এবং ১৮ মার্চ, ২০২১ দুপুর ২.০০-৫.৩০ ঘটিকা পর্যন্ত ব্রিটিশ কাউন্সিল আয়োজিত ‘Leadership for Gender Equality’(South Asia Event) এর উপর এক আন্তর্জাতিক সেমিনার ভার্চুয়াল জুমিং সিস্টেম এ আয়োজন করা হয়। উক্ত ভার্চুয়াল সভায় সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান এবং নির্বাহী কর্মকর্তা জনাব রফিকুল আলম খন্দকার অংশগ্রহণ করেন।

## ৪.২১ ‘AT Workshop: BRAC & GSMA Digital Inclusion of People with Disabilities’ সংক্রান্ত ওয়ার্কশপ এ অংশগ্রহণ:

২২ মার্চ, ২০২১ রোজ সোমবার দুপুর ১২.৩০ মিনিট থেকে বিকাল ৫.২০ মিনিট পর্যন্ত ব্রাক এবং জিএসএমএ এর যৌথ উদ্যোগে ‘AT Workshop’ বিষয়ক ওয়ার্কশপ এর আয়োজন করা হয়। ওয়ার্কশপটি মূলত সহায়ক উপকরণ হিসেবে মোবাইল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কতটা গুরুত্বপূর্ণ একই সাথে ডিজিটাল ইনক্লুশন আনয়নের জন্য মোবাইল ডিভাইটি কি করে প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহারের জন্য অধিকতর সহজলভ্য করা যায় এই বিষয়গুলোর উপরই আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপ এ সুইড বাংলাদেশের প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও কর্মসূচী) জনাব মাহমুদুল হাসান এবং সাংস্কৃতিক ও ক্রীড়া বিভাগের কো-অর্ডিনেটর জনাব ইকবাল হোসেন হিমেল। জনাব মাহমুদুল হাসান বলেন যেহেতু এনডিডি প্রতিবন্ধীসম্পন্ন ব্যক্তিরা অন্যান্য প্রতিবন্ধী ব্যক্তিদের থেকে ভিন্ন ধরনের বিধায় এই সকল স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ বিশেষ ব্যক্তিদের ক্ষেত্রে মোবাইল ব্যবহারের ক্ষেত্রে কি কি ধরনের ইউনিক পদক্ষেপ গ্রহণ করা যায় সেই বিষয়গুলো নিয়ে BRAC & GSMA এর কি কি করণীয় সে বিষয়ে বক্তব্য তুলে ধরেন।

## ৪.২২ রবীন্দ্র-নজরুল জয়ন্তী ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান:

২৫ মে, ২০২১ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ টায় সুইড ভবনে “রবীন্দ্র-নজরুল জয়ন্তী ও ঈদ পুনর্মিলনী” অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সুইড বাংলাদেশের সকল কর্মকর্তা-কর্মচারী ও বিশেষ শিশুরা অংশ গ্রহণ করেন।

## ৫. ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম

### ৫.১ করোনাকালীন পরিস্থিতির জন্য বিভিন্ন শাখার ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত শাখাসমূহ:

সারাদেশ ব্যাপী করোনাকালীন পরিস্থিতির জন্য সুইড বাংলাদেশ আয়োজিত বিভাগীয় পর্যায়ের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা সম্ভব হয়নি বিধায় সকল শাখাগুলোকে তাদের নিজ নিজ উদ্যোগে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এরই প্রেক্ষিতে জাতীয় নির্বাহী কমিটির ৯ম নিয়মিত সভায় সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী ৩৮টি শাখার প্রতিযোগিতায় কার্যক্রম বিবেচনা করে এ, বি ও সি গ্রেড অনুযায়ী মোট ৫,৪০,০০০/- (পাঁচ লক্ষ চল্লিশ হাজার) টাকার নগদ অর্থ পুরস্কার প্রদান করা হয়। শাখাসমূহ থেকে প্রেরিত তথ্যাদির ভিত্তিতে আয়োজনকারী শাখাসমূহকে ৩টি গ্রেডে বিভাজন করে উপরোক্ত টাকা বিতরণ করা হয়।

**এ গ্রেড –** ১. পারমিতা, লালবাগ, ২. সরিষাবাড়ী, জামালপুর, ৩. রামচন্দ্রপুর গাইবান্ধা।

**বি গ্রেড –** ১. সুইড উইলস, কাকরাইল ঢাকা, ২. মধুপর, টাঙ্গাইল, ৩. নারায়ণগঞ্জ, ঢাকা, ৪. মৌলভীবাজার, সিলেট, ৫. ছোট খাতা, ডিমলা, নীলফামারী, ৬. পলাশবাড়ী,কুড়িগ্রাম, ৭. তেতুলিয়া, পঞ্চগড়, ৮. হারাগাছ, রংপুর, ৯. চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, ১০. জয়পুরহাট, রাজশাহী।

**সি গ্রেড–** ১. দক্ষিণ বিলডগা, টাঙ্গাইল, ২. নাগরপুর, টাঙ্গাইল, ৩. শরিয়তপুর, সখিপুর, ৪. ফেনী, ৫. লাকসাম, কুমিল্লা, ৬. সিলেট, ৭. নলতা, ৮. গলাচিপা, পটুয়াখালী, ৯. ঝালকাঠি, ১০. ভান্ডারিয়া, পিরোজপুর, ১১. সাধুরপাড়া, জামালপুর, ১২. জামালপুর, ১৩. আলোর দিশারী, কটিয়াদী, ১৪. উমর মজিদ, রাজার হাট, কুড়িগ্রাম, ১৫. মুক্তারামপুর, কুড়িগ্রাম, ১৬. সুন্দরবন, দিনাজপুর, ১৭. হাতিয়া, কুড়িগ্রাম, ১৮. ধাপাচিলা, গাইবান্ধা, সুন্দরগঞ্জ, ১৯. হাতিবান্ধা, লালমনিরহাট, ২০. মাগুরা, নীলফামারী, ২১. তেকুনী, বগুড়া, ২২. মানিক হাট, পাবনা, ২৩. দৌলতপুর, সিরাজগঞ্জ, ২৪. রাজশাহী, ২৫. দক্ষিণ মৌভাষা।

### ৫.২ লাল-সবুজ সোসাইটির 'প্রজেক্ট অপরাজিতা' SELF DEFENCE FOR GIRLS কোর্স

গত ১৬ ও ১৭ অক্টোবর ২০২০ শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে ১টা পর্যন্ত লাল-সবুজ সোসাইটির উদ্যোগে 'প্রজেক্ট অপরাজিতা'র অধীনে ২ দিনব্যাপী – SELF DEFENCE FOR GIRLS কোর্স অনুষ্ঠিত হয় সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনায়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সুইড বাংলাদেশের দায়িত্বপ্রাপ্ত সভাপতি মাহমুদুল হক তাহের। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রচার ও প্রকাশনা সম্পাদক জনাব সাধন বোস। কোর্সটি পরিচালনা করেন ব্ল্যাক বেল্ট ধারী TAEKWON-DO মাস্টার আয়েশা সিদ্দিকা। সুইড বাংলাদেশের পক্ষ থেকে প্রজ্ঞা পারমিতা রায়, রাশিদা খাতুন রুম্পা ও নীপা বোশ উক্ত ২ দিনব্যাপী কোর্সে অংশগ্রহণ করে। এছাড়া লাল সবুজ সোসাইটির ২০ জন নারী উক্ত কোর্সে অংশগ্রহণ করে। কোর্স শেষে সকলকে সার্টিফিকেট প্রদান করা হয়। প্রধান অতিথির ভাষণে জনাব মাহমুদুল হক তাহের লাল সবুজ সোসাইটির এই ধরনের উদ্যোগকে অত্যন্ত সময়োপযোগী বলে উল্লেখ করেন এবং তাঁর নিজের কন্যাও যে একজন ব্ল্যাক বেল্ট ধারী তা জানান। তিনি লাল সবুজ সোসাইটির পুরুষ সদস্যদের নারী নির্যাতন বিরোধী কার্যক্রম পরিচালনার জন্য আলাদাভাবে সংগঠিত হওয়ার পরামর্শ প্রদান করেন। বিশেষ অতিথির ভাষণে প্রচার সম্পাদক জনাব সাধন বোস বলেন – সুইড বাংলাদেশ বিশেষ শিশুদের শিক্ষা, প্রশিক্ষণ, থেরাপী ও পুনর্বাসনের লক্ষ্যে ১৯৭৭ থেকে জাতীয় পর্যায়ে কাজ করে যাচ্ছে। তিনি লাল সবুজ সোসাইটির ব্যবস্থাপনা পরিচালক টুশিকে সুইড বাংলাদেশের বিশেষ শিক্ষার্থীদের জন্য সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনায় এ ধরনের কোর্স নিয়মিত পরিচালনার জন্য অনুরোধ জানান।

কোর্স পরিচালনার জন্য সুইড বাংলাদেশের ৭ম তলায় অবস্থিত সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা ব্যবহারের অনুমতি প্রদানের জন্য লাল সবুজ সোসাইটির পক্ষ থেকে সুইড বাংলাদেশকে একটি সুভেচ্ছা ক্রেস্ট প্রদান করা হয়।

### ৫.৩ "SAMBHAV 2020"

ভারতের A.L.P.A.N.A. সংগঠনের উদ্যোগে ১৮,১৯,২০ ডিসেম্বর ২০২০ আয়োজিত তিনদিনব্যাপী ONLINE 'SAMBHAV 2020' অনুষ্ঠানে আমন্ত্রিত হয়ে সুইড বাংলাদেশ অংশগ্রহণ করে। অনুষ্ঠানমালার দ্বিতীয় দিবসে ১৯

ডিসেম্বর ২০২০ শনিবার বাংলাদেশ সময় ১২:৩০ টায় 'International Seminar on Disabilities' পর্বে Key Note Speaker হিসাবে বক্তব্য রাখেন সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন। ঐদিন বিকাল ৩ টায় International Performance পর্বে সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়, সুইড (ফাসিতলা) গাইবান্ধা শাখা ও সুইড মৌলভীবাজার শাখার মোট ২১ স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থীবৃন্দ নৃত্যে অংশগ্রহণ করেন। নৃত্য পরিচালনায় ছিলেন রেশমী আবেদীন, দেবশ্মীতা দেবরায় ও এ এইচ এম সালেহ বেলাল। ভিডিও এবং ক্যামেরা পরিচালনায় ছিলেন জনাব বকুল মহন্ত, ভিডিও সম্পাদনায় ছিলেন এম এইচ মামুন ও দোলন মহন্ত, সমন্বয়ে ছিলেন সুইড বাংলাদেশের সাংস্কৃতিক সম্পাদক ইমেলদা হোসেন দীপা, তত্ত্বাবধানে ছিলেন সুইড বাংলাদেশ এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সভাপতি, সুইড বাংলাদেশ। অনুষ্ঠানে বাংলাদেশ ছাড়াও ভারত, অস্ট্রেলিয়া, ভিয়েতনামা, ভুটান, ফিলিপাইন, শ্রীলঙ্কা ও মালয়েশিয়ার স্নায়ুবিকাশ প্রতিবন্ধীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে এবং অনুষ্ঠানটি ফেসবুক লাইভ (www.facebook.com/alpanastudents) এবং ইউটিউব লাইভ (www.youtube.com/alpanaofficial)- এ সরাসরি প্রচার করা হয়।

সুইড আমলগীর এম.এ. কবির মিলনায়তনে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ১৯ ডিসেম্বর ২০২০ তারিখের সমগ্র অনুষ্ঠানটি উপভোগ করার ব্যবস্থা করেন সুইড বাংলাদেশের মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা ও সাংস্কৃতিক সচিব ইমেলদা হোসেন দীপা। সুইড বাংলাদেশের জাতীয় নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানটি উপভোগ করেন। উপস্থিত সকল দর্শক-শ্রোতার জন্য দুপুরের খাবারের আয়োজন করা হয়।

# ৬ স্কাউটিং কার্যক্রম

### ৬.১ বিশেষ স্কাউটিং উপকরণ বিতরণ অনুষ্ঠান:

৯ অক্টোবর ২০২০ শুক্রবার বিকাল ৩টায় সুইড ভবনের ৭ম তলায় অবস্থিত 'সুইড বকুলমামুন মালটিপারপাস এরিনা'য় সুইড বাংলাদেশ-এর বিশেষ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে আইডি কার্ড বিতরণ, সুইড বাংলাদেশের স্কাউটিং কার্যক্রমকে সাবলীল করার উদ্দেশ্যে এক্সটেনশন স্কাউটিং, বাংলাদেশ স্কাউটস থেকে প্রাপ্ত উপকরণ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব অধ্যাপক আই কে সেলিম উল্লাহ খোন্দকার, জাতীয় উপকমিশনার, বাংলাদেশ এক্সটেনশন স্কাউটিং ও অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ এবং জনাব মোঃ জিয়াউর রহমান চৌধুরী, সমাজ সেবা অফিসার, শহর সমাজসেবা কার্যক্রম-২, রমনা, ঢাকা বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন সুইড জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত কর্মকর্তা ও সদস্যবৃন্দ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন মহাসচিব, ডা: অজন্তা রানী সাহা, সভাপতিত্ব করেন সুইড বাংলাদেশের দায়িত্বপ্রাপ্ত সভাপতি জনাব মাহমুদুল হক তাহের। অনুষ্ঠানে স্কাউট রীতি অনুযায়ী ড্রাম বাজিয়ে স্কাউট তালির মাধ্যমে অতিথিবৃন্দকে অনুষ্ঠানে স্বাগত জানায় সুইড স্কাউট গ্রুপের স্কাউটবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে অতিথিবৃন্দকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানায় প্রজ্ঞা পারমিতা রায় ও নাফিসা রহমান ঋধি। সঙ্গীত শিক্ষক মাসুদা খানম কনার পরিচালনায় সমবেত সঙ্গীত পরিবেশন করে সুইড বাংলাদেশের বিশেষ শিক্ষার্থীবৃন্দ – প্রজ্ঞা পারমিতা রায়, নাফিসা আফনান ঋধি, মোঃ ইব্রাহীম রহমান পাপ্পু, মেহেদী হাসান রুদ্র, তিলক কুমার সরকার, ফাহাদ হোসেন, জগলুল হুদা শিমুল, রিদুওয়ান রেজা রাব্বী। নৃত্য পরিবেশন করে বিশেষ শিক্ষার্থী প্রজ্ঞা পারমিতা রায় ও নাফিসা রহমান ঋধি। সমাজসেবা কর্মকর্তা মোঃ জিয়াউর রহমান চৌধুরী তার বক্তব্যে সুইড বাংলাদেশের বিশেষ শিক্ষার্থীদের মাঝে অনুদান, ভাতা প্রদান অব্যহত থাকবে বলে জানান এবং আগামীতে তা আরো বৃদ্ধি করার আশ্বাস প্রদান করেন। তিনি কেউ যদি অনুদান/ ভাতা পাওয়া থেকে বাদ পড়ে থাকেন তা তাকে জানানোর কথা বলেন। প্রধান অতিথির ভাষণে জনাব আই কে সেলিম উল্লাহ খোন্দকার বলেন – করোনাকালীন সময়ে স্কাউট সদস্যরা গৃহে বন্দি থেকে অনেক কষ্ট পাচ্ছে। তিনি সুইডের স্কাউট কার্যক্রমে আরো সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এরপর সুইডের ১০টি শাখাকে বিশেষ স্কাউট উপকরণ বিতরণ করেন। এই পর্যায়ে সুইড বিশেষ প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের মাঝে পরিচয়পত্র বিতরণ করেন সম্মানিত অতিথি ও সুইড বাংলাদেশ জাতীয় নির্বাহী কমিটির সম্মানিত কর্মকর্তাবৃন্দ। সুইড বাংলাদেশ মধুপুর শাখার প্রধান শিক্ষক জনাব আনিছুর রহমান শাখা প্রতিনিধি হিসাবে বক্তব্য রাখেন। প্রধান অতিথিকে সুইড বাংলাদেশের পক্ষ থেকে 'সম্মাননা স্মারক ২০২০' ক্রেস্ট তুলে দেয় ধানমন্ডি শাখার বিশেষ শিক্ষা আশিকুল ইসলাম শুভ এবং বিশেষ অতিথি জনাব মোঃ জিয়াউর রহমান চৌধুরীর হাতে ক্রেস্ট তুলে দেয় সুইড ধানমণ্ডি শাখার শিক্ষার্থী আহনাফ নাফি। সভার সভাপতির ভাষণের পরপরই অনুষ্ঠানের সমাপ্তি হয়।

### ৬.২ "বাংলাদেশ স্কাউটস" আয়োজিত সারাদেশে স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও মাস্ক বিতরণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনলাইন সভা:

২৩ আগস্ট ২০২০ রবিবার "বাংলাদেশ স্কাউটস" এর উদ্যোগে সারাদেশে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সভা অনুষ্ঠিত হয়। সভায় মাস্ক তৈরী, ব্যবহার ও বিতরণ সংক্রান্ত আলোচনা হয়। উক্ত সভায় আমন্ত্রিত হয়ে আলোচনায় অংশগ্রহণ করেন সুইড বাংলাদেশ এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি জনাব আবুল কালাম আজাদ। মহাসচিব এই বিষয়ে মতামত ব্যক্ত করেন ও এই কার্যক্রমে সুইড বাংলাদেশে তাদের স্কাউট গ্রুপের মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নে অবদান রাখবে বলে অঙ্গীকার ব্যক্ত করেন।

### ৬.৩ দিনব্যাপী স্কাউট ট্রেনিং এর আয়োজন:

গত ১৭ মার্চ ২০২১ সকাল ৯ টায় সুইড ভবনে মুজিব বর্ষ উপলক্ষে আয়োজিত ১০ দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধনী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের আয়োজনে দিনব্যাপী স্কাউট প্রশিক্ষণ কার্যক্রম ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের ১০০ জন শিক্ষার্থীবৃন্দ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করে। শুরুতে জাতীয় সঙ্গীতের সাথে পতাকা উত্তোলন ও স্কাউট র‍্যালী অনুষ্ঠিত হয়, এরপর স্কাউট প্রশিক্ষণ (স্কাউট পরিচিতি, স্কাউট দীক্ষা, স্কাউট কার্যক্রম, স্কাউট সালাম, কিংস গেম, স্মৃতি খেলা, প্রাথমিক চিকিৎসা, স্কাউট পিটি) ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সকলের জন্য দুপুরের খাবারের আয়োজন করা হয়।

## ৭ এনআইআইডিএ-র কার্যক্রম (প্রশিক্ষণ, এসেসমেন্ট ও কাউন্সেলিং এবং সুইড ল্যাবরেটরী মডেল স্কুল)

**৭.১ নীডার পরিচালক মহোদয় অসুস্থ থাকায় তার পক্ষে সুইড বাংলাদেশের মহাসচিব নীডা কার্যক্রম পরিচালনা ভিত্তিক প্রতিবেদন উপস্থাপন করেন। প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হলোঃ**

- করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের সাথে সমন্বয় করে 'বকুল মামুন মালটিপারপাস এরিনা'র নতুন শিক্ষার্থীদের বিশেষ শিক্ষা ও ২১+ উর্ধ্ব বয়সী শিক্ষার্থীদের বৃত্তিমূলক কাজ-কর্মের প্রশিক্ষণ, উৎপাদনমুখী কর্ম-সুযোগ (সরকারের শ্রম মন্ত্রণালয় ও বিজিএমইএ'র সাথে যোগাযোগ করে) সৃষ্টি করা।
- স্নায়ুবিকাশ প্রতিবন্ধিতা বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন, গবেষণা, প্রকাশনা ও তথ্য আদান প্রদানের ব্যবস্থা করা।
- এপ্রিল ২০২১ মাসে সুবিধাজনক সময়ে সুইড ভবনে মৌলিক শিক্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা।
- নীডার নিয়মিত কর্মসূচী হিসেবে বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে আগত স্নাতক সম্মান ও স্নাতক চূড়ান্ত পর্বের শিক্ষার্থীদের জন্য ৬০ কর্মদিবসের ফিল্ডওয়ার্ক/ ইন্টার্নশিপ ও সংক্ষিপ্ত পরিদর্শনকালে সুইড কার্যক্রম সম্পর্কে ধারণা এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।
- ক্লিনিকাল সার্ভিসেস বিভাগের ইউনিটসমূহের চাহিদাকৃত জিনিসপত্র সরবরাহ ও প্রতিটি ইউনিটের সেবামূলক কার্যক্রম শুষ্ঠুভাবে পরিচালনা করা।
- ক্রীড়া ও সাংস্কৃতিক বিভাগের তত্ত্বাবধানে ২ এপ্রিল ২০২১ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে সুইড প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনায় সুইড ল্যাবরেটরী মডেল স্কুল ও সুইড শিক্ষক প্রশিক্ষণ কলেজের সমন্বয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।

**৭ .২ সুইড বাংলাদেশ প্রধান কার্যালয় এবং সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের পুরাতন এবং সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের ১২ দিন ব্যাপী ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠানঃ**

২০/১২/২০২০ থেকে ৩১/১২/২০২০ তারিখ সুইড ভবন লেকচার হল রুমে সুইড বাংলাদেশ প্রধান কার্যালয় এবং সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের পুরাতন এবং সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের ১২দিন ব্যাপী ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ প্রদান করা হয় উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানটি উদ্বোধন, সমাপনী এবং ১০ দিন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন কার্যক্রমের মাধ্যমে সম্পন্ন করা হয়। সুইড বাংলাদেশ এর প্রধান কার্যালয় এবং সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের মোট ১৩ জন প্রশিক্ষণার্থী এই মৌলিক প্রশিক্ষণ এবং ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করে। এই ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী, সমাপনী এবং ২৪.১২.২০২০ তারিখে সুইড প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে নিম্নে বর্ণিত ব্যক্তিগণ মঞ্চে উপবিষ্ট ছিলেন ঃ

১. উদ্বোধক ঃ প্রফেসর ড. মোঃ গোলাম রব্বানী, চেয়ারপারসন, এনডিডি প্রটেকশন এবং সুরক্ষা ট্রাস্ট।

২. সভাপতি ঃ প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সভাপতি, সুইড বাংলাদেশ এবং চেয়ারম্যান, সুইড গভর্নিং বডি।

৩. বিশেষ অতিথি ঃ ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ।

৪. আমন্ত্রিত অতিথি ঃ জনাব মোঃ মাহবুবুল মুনির, ১ম যুগ্ম-মহাসচিব, সুইড বাংলাদেশ।

৫. ধন্যবাদ জ্ঞাপন ঃ জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক, সুইড-নীডা।

৩১ ডিসেম্বের ২০২০ খ্রিঃ সুইড নীডা কর্তৃক আয়োজিত ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের অনুষ্ঠানিক সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সকল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা ওরিয়েন্টেশনের উপর বিষয়ভিত্তিক লেকচার প্রদান করেন এবং সমাপনী অনুষ্ঠান শেষে থার্টি ফাস্ট নাইট-২০২০ উপলক্ষে সকলের অংশগ্রহণে এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

এই সমাপনী অনুষ্ঠানে নিম্নে বর্ণিত ব্যক্তিগণ মঞ্চে উপবিষ্ট ছিলেন ঃ

১. প্রধান অতিথি: মোঃ জসিম উদ্দীন, নির্বাহী সচিব (যুগ্ম-সচিব)।

২. বিশেষ অতিথি: প্রিন্সিপাল মুহাম্মদ শাহ আলম, ৪র্থ সহ-সভাপতি, সুইড বাংলাদেশ এবং চেয়ারম্যান, সুইড গভর্নিং বডি, সুইড বাংলাদেশ।

৩. সভাপতি: ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ।

৪. আমন্ত্রিত অতিথি: জনাব মোঃ মাহবুবুল মুনির, ১ম যুগ্ম-মহাসচিব, সুইড বাংলাদেশ।

এই প্রশিক্ষণ কর্মসূচী চলাকালীন ২৪ ডিসেম্বর ২০২০ সুইড বাংলাদেশের ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয় উক্ত অনুষ্ঠানে নিম্নোক্ত ব্যক্তিগণ উপস্থিত ছিলেন:

১. প্রধান অতিথি: জনাব মোঃ নূরুল আলম, অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ।

২. আলোচক: প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, ৪র্থ সহ-সভাপতি, সুইড বাংলাদেশ এবং চেয়ারম্যান, সুইড গভর্নিং বডি, সুইড বাংলাদেশ।

৩. স্বাগত বক্তব্য: জনাব মোঃ মাহবুবুল মুনির, ১ম যুগ্ম-মহাসচিব, সুইড বাংলাদেশ।

৪. সভাপতি: ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ।

৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ নুরুল আলম। অনুষ্ঠানের পরেই 'আচরণ এবং ছুটি' বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন। এছাড়াও ৩১ ডিসেম্বর ২০২০ খ্রিঃ সুইড বাংলাদেশে কর্মরত জনাব মোঃ দবির উদ্দিন হাওলাদার এর অবসরোত্তর বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই প্রথম প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠান ও বিভিন্ন বিষয়ভিত্তিক সেশন সোস্যাল মিডিয়া যেমন ওয়েভ সম্প্রচারের মাধ্যমে ফেসবুক এ সরাসরি সম্প্রচার করা হয়েছে এবং তা ভবিষৎতেও এ সুইড এর নিজস্ব ইউটিউভ চ্যানেল সহ অন্যান্য মাধ্যমে এ সরাসরি সম্প্রসারণের জন্য ব্যবস্থা করা হবে এবং সুইড এর নিজস্ব ওয়েবসাইট, ইউটিউভ চ্যানেল এ প্রতিটি লেকচার এর সংরক্ষণ কপি হিসেবে সরবরাহ করা হবে। যাতে করে খুব সহজেই বিশেষ শিক্ষার যে কোন বিষয়ে যে কোন স্থান থেকে প্রশিক্ষণার্থীরা জ্ঞান অর্জন করতে পারে। প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকলেই প্রশিক্ষণ কার্যক্রমটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য সুইড বাংলাদেশেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রশিক্ষণ কর্মসূচী শেষে সমাপনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দের মাধ্যমে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সনদপত্র বিতরণ করা হয়। সুইড নীডা আয়োজিত এই ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা এবং সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন সুইড নীডার পরিচালক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক এবং প্রশিক্ষণ ও কর্মসূচী বিভাগের সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান।

### ৭.৩ সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়ের সকল কর্মীবৃন্দের নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএ্যাবিলিটিস সম্পর্কিত পরিচিতিমূলক প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠান:

২১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ সকাল ১১.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত সুইড ভবন লেকচার হল রুমে সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়ের সকল কর্মীবৃন্দের নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএ্যাবিলিটিস সম্পর্কিত পরিচিতিমূলক প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠান হয়। এই প্রশিক্ষণ কার্যক্রমটি নিম্নলিখিত বিষয়ের উপর সাজানো হয় উদ্বোধনী পর্বঃ আলোচনা এবং প্রশিক্ষণ পরিচিতি, সুইড বাংলাদেশ এর কার্যক্রম, প্রতিবন্ধী এবং প্রতিবন্ধিতার সংজ্ঞা, এনডিডি প্রতিবন্ধিতা পরিচিতি, সাইকোলজি কি এবং এনডিডি প্রতিবন্ধীদের ক্ষেত্রে একজন সাইকোলজিস্ট এর ভূমিকা ও করণীয়, সুইড'র একজন স্টাফ হিসেবে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তি বা বিশেষ শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের প্রতি আপনার আচরণ ও করনীয় (উপদেশনা এবং নির্দেশনা), বিশেষ শিক্ষা বিদ্যালয় কার্যক্রমে সনাক্তকরণ কি এবং কেন প্রয়োজন, স্পিচ থেরাপি ও স্পিচ থেরাপিস্ট কি? এনডিডি প্রতিবন্ধীদের ক্ষেত্রে স্পিচ থেরাপি এবং একজন স্পিচ থেরাপিস্ট এর ভূমিকা ও করণীয়, স্পিচ থেরাপি কেন প্রয়োজন? সুইড'র একজন স্টাফ হিসেবে স্পিচ থেরাপী বিষয়ে আপনার করণীয় (এনডিডি প্রতিবন্ধী ব্যাক্তি, নিজ এবং প্রতিষ্ঠান)। ফিজিওথেরাপি ও ফিজিওথেরাপিস্ট কি? এনডিডি প্রতিবন্ধীদের ক্ষেত্রে ফিজিওথেরাপি এবং একজন ফিজিওথেরাপিস্ট এর

ভূমিকা ও করণীয়, ফিজিওথেরাপি কেন প্রয়োজন? সুইড'র একজন স্টাফ হিসেবে ফিজিওথেরাপি বিষয়ে আপনার করণীয় (এনডিডি প্রতিবন্ধী ব্যক্তি, নিজ এবং প্রতিষ্ঠান), সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের কার্যক্রম, সুইড বাংলাদেশে চাকুরীরত অবস্থায় চাকুরীর নিয়ম কানুন/সার্ভিস রুলস (চেইন অব কমান্ড, একে অন্যের প্রতি আচরণ) এবং এনডিডি/প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন-২০১৩। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমটি সমন্বয় করেন সুইড বাংলাদেশের সাইকোলজিস্ট হাফসা হোসাইন ফারহানা। প্রশিক্ষক হিসেবে বিষয়ভিত্তিক পাঠদান পরিচালনা করেন সুইড বাংলাদেশের সুইড-নীডার পরিচালক জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান, সাইকোলজিস্ট হাফসা হোসাইন ফারহানা, প্রিন্সিপাল সুইড বি.শি.শি.প্র.কলেজ মিসেস সোনিয়া রহমান, স্পিচ থেরাপিস্ট মিসেস তামান্না খান, ফিজিওথেরাপিস্ট মিসেস তাহরিমা রহমান নিলয়। সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ১ম সহ-সভাপতি জনাব মাহমুদুল হক তাহের এবং মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা প্রত্যক্ষভাবে দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমটি পর্যবেক্ষণ করেন।

### ৭.৪ নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিস সম্পর্কিত পরিচিতিমূলক প্রশিক্ষণ (পুনঃমূল্যায়ন)

২২ মে ২০২১ খ্রিঃ রোজ শনিবার সকাল ১১.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত সুইড 'তাজকেরা আহমেদ কনফারেন্স রুমে' সুইড বাংলাদেশ প্রধান কার্যালয়, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ এবং নীডার পুরাতন ও সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নিউরো-ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিস সম্পর্কিত পরিচিতিমূলক প্রশিক্ষণ (পুনঃমূল্যায়ন) এর উপর দিনব্যাপী ওরিয়েন্টেশন এবং প্রশিক্ষণ প্রদান করা হয়। এই প্রশিক্ষণ কার্যক্রমটি বিশেষভাবে সুইড বাংলাদেশের কার্যক্রম, এনডিডি প্রতিবন্ধিতা, সাইকোলজি, থেরাপিউটিক সার্ভিসেস এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিদ্যমান বিভিন্ন আইন ও বিধিমালার উপর অংশগ্রহণকারী কর্মীবৃন্দের দক্ষতা বৃদ্ধির জন্য সাজানো হয়। প্রশিক্ষণ কার্যক্রমটি পুনঃমূল্যায়ন পরীক্ষা, গ্রুপ আলোচনা এবং বিষয়ভিত্তিক শিখন দক্ষতার উপর ভিত্তি করে পরিচালনা করা হয়। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমটি সমন্বয় করেন সাইকোলজিস্ট হাফসা হোসাইন ফারহানা এবং প্রশিক্ষক হিসেবে ছিলেন সুইড বাংলাদেশের সুইড নীডার পরিচালক জনাব মোহাম্মদ নূরল ইসলাম, সহকারী পরিচালক জনাব মাহমুদুল হাসান, প্রিন্সিপ্যাল সোনিয়া রহমান, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, স্পিচ থেরাপস্টি মিসেস তামান্না খান, ফিজিওথেরাপিস্ট মিসেস তাহরিমা রহমান নিলয়। উক্ত প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী এবং সমাপনী অনুষ্ঠানে সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, ১ম সহ-সভাপতি জনাব মাহমুদুল হক তাহের পর্যবেক্ষণ এবং নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

### ৭.৫ ক্লিনিক্যাল সার্ভিসেস

➢ **ফিজিওথেরাপি সেবা প্রদান।**

১। গত ৭/০২/২০২১ হতে ০৯/০২/২০২১ পর্যন্ত অফিসিয়ালি দুইজন রোগী দেখা হয়েছে। যার একজন অটিস্টিক (বয়স ১৩ বছর) এবং অন্যজন behaviour problem (বয়স ৮ বছর) এদের কারো physical disability নেই তাই physiotherapy প্রয়োজন হয় নাই।

২। ২১ শে ফেব্রুয়ারী প্রশিক্ষণ কর্মসূচীতে ফিজিওথেরাপী বিষয়ে প্রশিক্ষণ প্রদান।

৩। সুইড শিক্ষার্থীদের বিভিন্ন কর্মসূচী যেমন ২১ শে ফেব্রুয়ারী, সরস্বতী পূজা চলাকালীন সময় ফিজিওথেরাপী সেবা প্রদান করা হয়েছে।

৪। ফিজিওথেরাপী বিষয়ে প্রয়োজনীয় উপকরণসহ কর্ম-পরিকল্পনা প্রদান করা হয়েছে।

➢ **স্পিচ থেরাপী সেবা প্রদান।**

১। অটিজম, স্পিচ সমস্যাজনিত শিক্ষার্থীদের নিয়ে প্রয়োজনীয় উপকরণসহ কর্ম-পরিকল্পনা প্রদান করা হয়েছে।

➢ **সাইকোলজি সেবা প্রদান।**

১। সাইকোলজি বিষয়ে প্রয়োজনীয় উপকরণসহ কর্ম-পরিকল্পনা প্রদান করা হয়েছে।

## ৭.৬ সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের কার্যক্রম বিষয়ে আলোচনা।

সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের কার্যক্রম ধারাবাহিকভাবে চলছে। উদ্ভুত পরিস্থিতিতে জনাব মোহাম্মদ নূরুল ইসলামকে স্কুলটির দায়িত্ব দেয়া হয়েছে এবং তিনি বিশেষ ব্যবস্থাধীনে এই করোনার মধ্যেও সাংস্কৃতিক ও ক্রীড়া কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রম অব্যহত রেখেছেন এবং করোনা জনিত কারণে লকডাউনের পর স্কুল খোলা হলে যে ব্যবস্থায় স্কুলগুলো চালানো হবে সে সম্পর্কে পরিকল্পনা গ্রহণ করেছেন।

- সুইড কর্তৃপক্ষের সাথে বৈরী/অনানুগত্যসূলভ আচরণের জন্য ও সরকারী এবং অভিভাবক মহলে সুইড সম্পর্কে বিভ্রান্তি সৃষ্টি করে 'সুইড'-র ভাবমূর্তি বিনষ্ট ও থানায় মিথ্যা অভিযোগ করে জিডি করে, পুলিশি হামলা করে, মামলার হুমকি ইত্যাদি কারণে প্রধান শিক্ষক ও তার অনুগামী আরো ৬ জন শিক্ষককে সুইড কম্পাউন্ডে অবাঞ্ছিত ঘোষণা করে চাকুরি থেকে বরখাস্ত করা হয়েছে (জরুরী এনইসি সভা ২১/২/২০২১)
- উক্ত ৭ জন শিক্ষক যাতে সুইড স্কুলে এসে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধপত্র দেয়া হয়েছে।
- গত ১৮ ফেব্রুয়ারী ২০২১ ইং তারিখে 'সুইড ল্যাবরেটরী মডেল স্কুল' এর উদ্যোগে ও 'সুইড বাংলাদেশ' এর অর্থায়নে সুইড ভবনের ২য় তলার করিডোরে "ক্লাস পার্টি ও বসন্ত বরণ" উৎসব পালন করা হয়। স্কুলের নিকটস্থ অবস্থান থেকে শিক্ষার্থী ও অভিভাবকদের (১৫+১৫) ৩০ জন শিক্ষার্থী ও অভিভাবকদের অংশগ্রহণে ক্লাশ পার্টির আয়োজন করা হয়েছিল। এতে ৬০ জন ছাত্র-শিক্ষক ও অফিস কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠানটি বিদ্যমান 'করোনা' পরিস্থিতির মধ্যে অনেকটা গৃহবন্দী শিক্ষার্থীদের মনে আনন্দ দেয়া সম্ভব হয়েছে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব সুইড বাংলাদেশ। সুইড বাংলাদেশ এর সম্মানিত সভাপতি, মহাসচিব ও সাংস্কৃতিক সচিবের নির্দেশনা মোতাবেক উক্ত অনুষ্ঠানের সকল আয়োজন সম্পন্ন করা হয়। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- জনাব ইমেলদা হোসেন দীপা, সাংস্কৃতিক সচিব, সুইড বাংলাদেশ, জনাব মোঃ মাহবুবুল মনির, ১ম যুগ্ম-মহাসচিব, সুইড বাংলাদেশ, মোহাম্মদ নূরুল ইসলাম, পরিচালক, সুইড বাংলাদেশ।
- ২১ মার্চ ২০২১ বিশ্ব ডাউন সিনড্রোম দিবস উদযাপন উপলক্ষে সুইড ল্যাবরেটরী মডেল স্কুলের কিছু শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে সুইড কেন্দ্রীয় ব্যবস্থাপনায় আয়োজিত আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে।
- করোনাকালীন সময়ে গৃহবন্দী শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও অভিভাবকদের মতামত বিষয়ে মাল্টি মিডিয়া প্রোডাকশন লিঃ এটিএন বাংলা ইতিমধ্যে ৪টি পরিবারের বাসায় গিয়ে শিক্ষার্থীদের স্কুল ওয়ার্কের অনুশীলন ও বিনোদনমূলক অনুষ্ঠান ও অভিভাবকদের মতামত ভিত্তিক সাক্ষাৎকার প্রচার করেছে (শিক্ষার্থী: রিমি, রুমন, বাবু, জিসান)।
- মুজিব জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে 'সুইড' কেন্দ্রীয়ভাবে গৃহীত ১০ দিনব্যাপী কর্মসূচির মধ্যে ৯ম দিনে করোনা কালে "শিক্ষার্থীদের মানসিক অবস্থা ও আমাদের করণীয়' বিষয়ে সুইড তাজকেরা আহমেদ কনফারেন্স রুমে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। এতে সুইড প্রধান কার্যালয়ের, কলেজের ও মডেল স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকগণ অংশগ্রহণ করেন।
- ২ এপ্রিল ২০২১ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন আয়োজন করা হয়।

# ৮. সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ কার্যক্রম

## ৮.১ নতুন অধ্যক্ষ ও শিক্ষক নিয়োগঃ

২০০৬ সালে সুইড সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন সুইড বাংলাদেশ বিশেষ শিক্ষা কার্যক্রমে উচ্চতর প্রশিক্ষিত জনবল তৈরী ও সমগ্র বাংলাদেশে সুইড বাংলাদেশের বিশেষ বিদ্যালয়ের শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়নে এবং শিক্ষা কার্যক্রম ফলপ্রসূ ও গতিশীল করার লক্ষ্যে 'সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ' প্রতিষ্ঠা করেন। কলেজে নিয়মিত প্রশিক্ষণার্থী শিক্ষক/ পেশাজীবীদের আনুষ্ঠানিক বিএসএড ডিগ্রী কোর্সের স্বীকৃত সনদপত্র প্রদানের জন্য কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ হিসাবে যথারীতি অনুমোদন লাভ করে। সেই থেকে (২০০৬-২০০৯) পর্যন্ত ১৩টি ব্যাচ সফলতার সাথে বিএসএড ডিগ্রী অর্জন করে কর্ম জীবনে প্রতিষ্ঠিত হয়েছেন।

বর্তমানে ২০২০ এবং ২০২১ দুটি শিক্ষাবর্ষ চলমান রয়েছে। সেই দুটি শিক্ষাবর্ষে যথাক্রমে ৯৬ জন এবং ৯৮ জন প্রশিক্ষণার্থী রয়েছে।

কলেজ গভর্নিং বডির সিদ্ধান্তক্রমে ১ ডিসেম্বর ২০২০ তারিখ থেকে অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ নিয়োগ দেওয়া হয়। সেই সাথে ১ জানুয়ারী ২০২১ তারিখ থেকে ৪ জন প্রভাষক নিয়োগ দেওয়া হয়। ৩ ফেব্রুয়ারি থেকে ১ জন প্রশাসনিক সহকারী নিয়োগ দেয়া হয়।

| নাম | পদবী |
|---|---|
| সোনিয়া রহমান | অধ্যক্ষ |
| ফাতেমুতুজ জোহরা | উপাধ্যক্ষ |
| লাভলী আজাদ | প্রভাষক |
| মোঃ আনোয়ার হোসাইন | প্রভাষক |
| নুসরাত খান | প্রভাষক |
| লাবিবা সাদিয়া | প্রভাষক |
| মোঃ শিপন হোসেন | প্রশাসনিক সহকারী |

উক্ত জনবল দিয়ে অত্র কলেজের শিক্ষা কার্যক্রম সুশৃঙ্খল ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।

## ৮.২ আর্ন্তজাতিক নারী দিবস উদযাপনঃ

গত ৮ মার্চ, ২০২১ ইং, রোজ সোমবার সুইড বাংলাদেশ ও সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের উদ্যোগে এবং আয়োজনে সুইড ভবনের ২য় তলার কলেজ ক্লাশ রুমে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সভাপতি, সুইড কলেজ ও সহ-সভাপতি, সুইড বাংলাদেশ। নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জনাব প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সভাপতি, সুইড কলেজ ও সহ-সভাপতি, সুইড বাংলাদেশ, জনাব ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ, জনাব মাহবুবুল মনির, ১ম যুগ্ম-মহাসচিব, সুইড বাংলাদেশ, জনাব অধ্যাপক মনীন্দ্র নাথ রায়, সদস্য উপদেষ্টা কমিটি সুইড বাংলাদেশ, অনুষ্ঠানের সভাপতি জনাব প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম উক্ত অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন জনাব অধ্যাপক ডাঃ মনীন্দ্র নাথ রায় ও জনাব মোঃ মাহবুবুল মনির। প্রধান অতিথির দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন জনাব ডাঃ অজন্তা রানী সাহা।

### ৮.৩ করোনাকালে বাস্তবে ও ভার্চুয়ালি বি.এস.এড. ১৪ ও ১৫ ব্যাচের ক্লাস পরিচালনাঃ

**সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ**
**বি.এস.এড-২০২০/২১ শিক্ষা বর্ষের কার্যক্রম প্রসঙ্গে**

### বি এস এড, শিক্ষা বর্ষ ২০২০ (১৪তম ব্যাচ)

২০২০ শিক্ষা বর্ষে মোট শিক্ষার্থী রয়েছে ৯৪ জন। কোভিড-১৯ পরিস্থিতির কারণে তাদের ক্লাস কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন হয়েছে। গত ২৭/০২/২০২১ তাদের অরিয়েন্টেশন ও ইনকোর্স অনুষ্ঠিত। ইনকোর্সে মোট ৮০ জন শিক্ষার্থী সরাসরি এবং ৩ জন শিক্ষার্থী অনলাইনের মাধ্যমে অংশগ্রহণ করেন। মোট ৮টি বিষয়ের উপর তাদের পরীক্ষা নেওয়া হয়।

উক্ত অরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- জনাব প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সভাপতি, কলেজ গভর্নিং বডি; জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, প্রতিষ্ঠাতা সভাপতি, কলেজ গভর্নিং বডি; মোহাম্মদ মাহবুবুর রহমান ভূইয়া, ট্রেইনার, পিকেএসএফ; সোনিয়া রহমান, প্রিন্সিপাল ও সদস্য সচিব, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ।

বি.এস.এড কোর্সের অত্যাবশ্যকীয় 'টিচিং প্র্যাকটিসে'র জন্য ১৪তম ব্যাচকে ৩টি গ্রুপে ভাগ করে প্রতিটি গ্রুপের জন্য ২ দিন করে টিচিং প্র্যাকটিসের ব্যবস্থা গ্রহণ করা হয়। সেই লক্ষ্যে ১৯ থেকে ২৫ মার্চ পর্যন্ত দুইটি গ্রুপের টিচিং প্র্যাকটিস অনুষ্ঠিত হয়। টিচিং প্র্যাকটিস সেশনগুলোতে সকল শিক্ষার্থীই উপস্থিত ছিলেন।

তবে তৃতীয় গ্রুপের টিচিং প্র্যাকটিস সেশনটি লকডাউনের কারণে আপাতত স্থগিত রয়েছে।

**কলেজ গভার্নিং বডি-র সদস্যবর্গঃ**

| | |
|---|---|
| ০১) প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম | সভাপতি |
| ০২) জনাব জওয়াহেরুল ইসলাম মামুন | প্রতিষ্ঠাতা সদস্য |
| ০৩) জনাব মাহমুদুল হক তাহের | দাতা সদস্য |
| ০৪) ডাঃ অজন্তা রানী সাহা | হিতৈষী সদস্য |
| ০৫) জনাব মলয় কুমার সাহা | বিদ্যোৎসাহী সদস্য |
| ০৬) শেখ মাহবুব আলী | শিক্ষক প্রতিনিধি |
| ০৭) সোনিয়া রহমান | অধ্যক্ষ ও সদস্য সচিব |

**আর্থিক প্রতিবেদন (জুলাই ২০২০ - ডিসেম্বর ২০২১)**

| | |
|---|---|
| আর্থিক আয় | -১৮,০২,৬০০ টাকা |
| ব্যয় | -১৫,৭১,৪৬৩ টাকা |
| ব্যাংক | -১৭,৮১,১৪৫ টাকা |

### ৮.৪ বি এস এড, শিক্ষা বর্ষ ২০২০ (১৪ তম ব্যাচ) ব্যাচের অরিয়েন্টেশন ও ইনকোর্সঃ

২০২০ শিক্ষাবর্ষের মোট শিক্ষার্থী রয়েছে ৯৪ জন। কোভিড-১৯ পরিস্থিতির কারণে তাদের ক্লাস কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন হয়েছে। গত ২৭/০২/২০২১ তাদের অরিয়েন্টেশন ও ইনকোর্স পরীক্ষা অনুষ্ঠিত হয় । ইনকোর্স পরীক্ষায় মোট ৮০ জন শিক্ষার্থী সরাসরি এবং ৩ জন শিক্ষার্থী অনলাইনের মাধ্যমে অংশগ্রহণ করেন। মোট ৮টি বিষয়ের উপর তাদের পরীক্ষা নেওয়া হয়।

উক্ত অরিয়েন্টেশন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- জনাব প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ আলম, সভাপিত, কলেজ গভর্নিং বডি; জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, প্রতিষ্ঠাতা ও প্রতিষ্ঠাকালীন সভাপতি, কলেজ গভর্নিং বডি; মোহাম্মদ মাহবুবুর রহমান ভূইয়া, ট্রেইনার, পিকেএসএফ; সোনিয়া রহমান, প্রিন্সিপাল ও সদস্য সচিব, সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ ।

বি.এস.এড কোর্সের অত্যাবশ্যকীয় ‘টিচিং প্রাকটিসে’র জন্য ১৪তম ব্যাচকে ৩টি গ্রুপে ভাগ করে প্রতিটি গ্রুপের জন্য ২ দিন করে টিচিং প্রাকটিসের ব্যবস্থা গ্রহণ করা হয়। সেই লক্ষ্যে ১৯ থেকে ২৫ মার্চ পর্যন্ত দুইটি গ্রুপের টিচিং প্রাকটিস অনুষ্ঠিত হয়। টিচিং প্রাকটিস সেশনগুলোতে সকল শিক্ষার্থীই উপস্থিত ছিলেন।

তবে তৃতীয় গ্রুপের প্রাকটিস টিচিং সেশনটি লকডাউনের কারণে আপাতত স্থগিত রয়েছে।

**প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন -**

১। মোহাম্মদ মাহবুবুর রহমান ভূইয়া (ট্রেইনার, পি.কে.এস.এফ)।
২। মনিরা আক্তার (অটিজম ইনস্ট্রাক্টর, ইপনা, বিএসএমএমইউ)।
৩। আরিফা মোহসিনা (মাস্টার ট্রেইনার, অটিজম, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।)
৪। এওয়ানা মারজিয়া (সিনিয়র কনসালটেন্ট, বি.ইউ.পি, মিরপুর কেন্টনমেন্ট, ঢাকা)।

বি এস এড, শিক্ষা বর্ষ ২০২১ (১৫ তম ব্যাচ)

২০২১ শিক্ষা বর্ষের মোট শিক্ষার্থী ভর্তি হয়েছে ৯৮ জন গত ৮ ফেব্রুয়ারি ২০২১ ইং থেকে জুম এপসের মাধ্যমে সপ্তাহে চারদিন করে তাদের নিয়িমিত ক্লাস হচ্ছে।

আগামী ১০ এপ্রিল ২০২১ এই ব্যাচের অরিয়েন্টেশন এন্ড এসেসমেন্ট অনুষ্ঠিত হবার কথা ছিল, কিন্তু উদ্ভূত লকডাউনের কারণে তা আপাতত স্থগিত রয়েছে। তবে এই লকডাউনের মধ্যেও অনলাইনে তাদের নিয়িমত ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। একই সাথে কুইজ ও এসাইনমেন্টের মাধ্যমে তাদের এসেসমেন্ট অব্যাহত রয়েছে যা সভায় অনুমোদিত হয়।

### ৮.৫ বিএসএড ১৩তম ব্যাচের ফলাফলঃ

| ক্রমিক নং | বিভাগ/শ্রেণী বা ফলাফল | পাশের সংখ্যা |
|---|---|---|
| ১ | প্রথম শ্রেণী | ৪ জন |
| ২ | দ্বিতীয় শ্রেণী | ৯৭ জন |
| ৩ | অকৃতকার্য | ১২ জন |
| | মোট ছাত্রছাত্রী সংখ্যা | ১১৩ |

## ৯. টুইড বাংলাদেশের কার্যক্রম

সুইড বাংলাদেশ ১৯৯৪ সালে স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ প্রতিবন্ধী ব্যক্তিদের জীবন মানের উন্নয়ন ও সমাজের মূল স্রোত ধারায় নিয়ে আসার জন্য পুনর্বাসন কার্যক্রমের আওতায় ‘ট্রাস্ট ফর দ্য ওয়েলফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালি ডিসএ্যাবল্ড (টুইড)’ এই নামে ‘টুইড হোম’ প্রতিষ্ঠা করে। সুইড পরিচালিত টুইড হোমে বুদ্ধি প্রতিবন্ধী ছেলে-মেয়েরা প্রতিদিনের জীবন গঠনের প্রক্রিয়ার অংশ হিসেবে সামাজিকীকরণ এবং আত্মনির্ভরশীল হয়ে জীবনযাত্রা এগিয়ে নেওয়ার প্রত্যয়ে বিশেষ শিক্ষা প্রশিক্ষণ নিয়ে আসছে। এ সকল বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিরা বিশেষ শিক্ষার পাশাপাশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক কর্মসূচীর মাধ্যমে বৃত্তিমূলক প্রশিক্ষণ সুবিধা অর্জন করছে। মা-বাবা অথবা অভিভাবকের অবর্তমানে অসহায়, নিরাপত্তাহীন, অর্থ-সম্পদ ও অধিকার থেকে বঞ্চিত সকল বুদ্ধি প্রতিবন্ধী ছেলে-মেয়েদের নিশ্চিত অধিকার এবং সুরক্ষিত জীবন প্রদান করাই টুইড’র মূল লক্ষ্য এবং উদ্দেশ্য। এই বৃহৎ লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন কল্পে টুইড হোমের কয়েকজন বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তি পুনর্বাসন প্রক্রিয়ার অংশ হিসেবে সুইড প্রধান কার্যালয়ে বেতনভুক্ত অফিস কর্মী হিসেবে চাকুরিতে নিয়োজিত আছে। ২০২০ সালের মার্চ থেকে বিদ্যমান বিশ্বব্যাপী ‘কোভিড-১৯’ সংকটময় পরিস্থিতির জন্য টুইড হোমের সকল শিক্ষার্থী নিজ নিজ বাড়ীতে অবস্থান করছে এবং কিছু অফিস কার্যক্রম ব্যতীত টুইড’র সকল নিয়মিত কার্যাবলী এই মুহূর্তে বন্ধ রয়েছে।

# ১০. ASIAN Conference of AFID সংক্রান্ত তথ্য

## ১০.১ ২৫তম অ্যাফিড সংক্রান্ত তথ্য:

### ২৫তম অ্যাফিড সম্মেলনের ১ম ইভিএম মিটিং এ অংশগ্রহণ

১৯ নভেম্বর ২০২০ তারিখ বৃহস্পতিবার ফিলিপাইন এ্যাসোসিয়েশন ফর ইন্টেলেকচুয়ালি ডিসএ্যাবল্ড (পিএএফ) এর উদ্যোগে ফিলিপাইনসের ম্যাট্রো ম্যানিলায় ২৫ তম আন্তর্জাতিক অ্যাফিড সম্মেলন আয়োজন উপলক্ষে ১ম এক্সিকিউটিভ বোর্ড মিটিং ফিলিপাইন সময় সকাল ৯.০০-১১.০০ ঘটিকা (বাংলাদেশ সময় ৭.০০-৯.০০ ঘটিকা) সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অ্যাফিড এর বর্তমান সভাপতি ড. ইয়োলেন্দা এস. কোয়েজানো (২০১৯-২০২১)। সভাপতি অংশগ্রহণকারী সকল অ্যাফিড বোর্ড সদস্যদের শুভেচ্ছা ও অভিবাদন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নিম্নলিখিত সদস্যগণ ২৫তম অ্যাফিড সম্মেলনের ১ম বোর্ড মিটিং এ উপস্থিত ছিলেন (সংযুক্তি পরবর্তী ২ পৃষ্ঠা)। সভার শুরুতেই অ্যাফিড সভাপতি ২৫তম অ্যাফিড সম্মেলনের 'Tentative Program' উপস্থাপন করেন এবং ২০২১ সালে অনুষ্ঠিত ২৫তম অ্যাফিড সম্মেলনের সময় 'বিশ্বব্যাপী কোভিড-১৯' এর প্রকোপ যদি অব্যাহত থাকে সেক্ষেত্রে সম্মেলনটি অনলাইনে আয়োজিত হবে নতুবা 'কোভিড-১৯' পরিস্থিতি বিশ্বব্যাপী বিরাজমান না থাকলে সম্মেলনটি সরাসরি অংশগ্রহণের মাধ্যমে হোটেল নভোটল, কুয়েজন সিটি, মেট্রো ম্যানিলা ফিলিপাইনে ১৫-১৯ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। ২৫তম অ্যাফিড সম্মেলনের ১ম বোর্ড মিটিং এ শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন পিএফআইডি এর Hon'ble Councilor জর্জ এল. ব্যানাল। সভায় গত ০২-০৬ ডিসেম্বর নেপালের কাঠমুন্ডতে অনুষ্ঠিত ২৪তম অ্যাফিড সম্মেলনের কার্যবিবরণী এবং 'কাঠমুন্ড Decleration-2019' পঠিতকারে সকলকে অবহিত করা হয়। ২৫ তম অ্যাফিড সম্মেলনের Early Bird রেজি.ফি ২৭৫ ইউ এস ডলার এবং Early Bird অতিবাহিত হওয়ার পর রেজি. ফি ৩০০ ইউ এস ডলার নির্ধারিত হয়েছে। ২৫তম অ্যাফিড সম্মেলনের ১ম বোর্ড মিটিং এ জাতিসংঘ কর্তৃক ১৯৭১ সালের ২০ ডিসেম্বরকে 'মানসিক প্রতিবন্ধী (Mentally Retardation Day)' হিসেবে ঘোষণা করায় প্রতি বছরের ২০ ডিসেম্বরকে 'আন্তর্জাতিক বুদ্ধিপ্রতিবন্ধী দিবস' হিসেবে পালনের জন্য জাতিসংঘ বরাবর একটি রিপোর্ট পাঠানোর বিষয়ে নীতিগতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এবারের বোর্ড মিটিং এ সুইড বাংলাদেশ এবং অ্যাফিড 'Member At-Large' এর সদস্য রাষ্ট্রের প্রতিনিধি হিসেবে যোগদান করেন সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন ও সুইড বাংলাদেশের মহাসচিব জনাব ডাঃ অজন্তা রানী সাহা। সভায় সুইড'র সভাপতি প্রস্তাব করেন 'যে সকল সদস্য রাষ্ট্র প্রতি বছর অ্যাফিড সম্মেলন আয়োজন করবে তাদের জন্য হোস্ট কান্ট্রি হিসেবে অ্যাফিড সচিবালয় এর পক্ষ থেকে সম্মেলনটি সুষ্ঠুভাবে আয়োজনের জন্য কনফারেন্স আয়োজক সমিতিকে নির্দিষ্ট পরিমাণ আর্থিক সহযোগিতা প্রদানের বিধান রাখা যেতে পারে।

**LIST OF ATTENDEES**
AFID Executive Board Meeting
November 19, 2020

| Designation | Name & Country |
|---|---|
| **Executive Board** | |
| President | Dr. Yolanda S. Quijano, **PHILIPPINES** |
| 1st Vice-President | Mr. Tak Toi Chang, **MACAU** |
| 2nd Vice-President | Dr. Endro Basuki/<br>Ms. Sri Hartini, **INDONESIA** |
| 3rd Vice-President | Dr. Li-Yu Hung, **TAIWAN** |
| Immediate Past President | Mr Sachida Nand Shrivastava, **NEPAL** |
| **Members-At-Large** | |
| | Prof Takeshi Kaneko, **JAPAN*** |
| | Ms. Park Sun-ja, **KOREA** |
| | Mr. Jowaherul Mamun, **BANGLADESH** |
| | Ms. Lily Yip, **SINGAPORE** |
| **Honorary Members** | |
| | Mrs. Pramila Balasundaram, **INDIA** |
| | Prof. Tai-Hwa Emily Lu**, TAIWAN** |
| | Dr. Won Kyung Kim, **KOREA** ** |
| | Dr. Teresita Inciong, **PHILIPPINES** |
| **Secretariat** | |
| Secretary-General | Dr. Won Kyung Kim, **KOREA**** |
| **Asian Resource Center** | |
| | Prof Takeshi Kaneko, **JAPAN*** |

| | |
|---|---|
| **Asian Journal Centre** | |
| | Prof. Yong Wook Kim, **KOREA** |
| **Guests** | |
| *A. PAFID* | |
| President | Hon. Councilor Jorge L. Banal |
| Vice-President for | Dr. Teresita G. Inciong |
| Vice-President for Program | Dr. Yolanda S. Quijano |
| Secretary | Dr. Teresita G. de Mesa |
| Assistant Secretary | Prof. Melinda G. Gerero |
| Treasurer | Dr. Aurora T. Apuada |
| Assistant Treasurer | Ms. Consuelo Quiton |
| Scientific Program Committee | Dr. Mirla Olores<br>Ms. Kimberly de Alban<br>Dr. Nancy Pascual |
| Documentation Committee | Dr. Annie Blanca |
| Committee on Ways & Means | Mr. Rolando Montes<br>Ms. Rowena Lorenzo |
| *B. Other Guests* | |
| | |

## ১১. করোনাকালীন কার্যক্রম (ত্রাণ বিতরণ, শাখা পরিদর্শন, মতবিনিময় সভা, ছাত্রছাত্রীদের উপহার বিতরণ ও শাখা সমূহের বার্ষিক সাধারণ সভা)

**করোনাকালীন সুইড বাংলাদেশের কার্যক্রম-২০২০**

"মুজিব বর্ষে প্রতিশ্রুতি,
সুইড বাড়াবে সেবার গতি"

এই শ্লোগানকে সামনে রেখে সুইড বাংলাদেশ বর্তমানে সরকার স্বীকৃত জাতীয় বিশেষ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে দেশের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধিতা জনিত সমস্যা নিরসন ও এই শ্রেণীর ছেলে-মেয়েদের জীবন-মান উন্নয়নে এবং পুনর্বাসনের লক্ষ্যে সরকারের কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যক্ষভাবে বিশেষ অবদান রাখছে। একই সাথে স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ প্রতিবন্ধিতা বিষয়ে দক্ষ জনবল তৈরীর রূপকল্পে বিশেষ শিক্ষা, বৃত্তিমূলক প্রশিক্ষণ, আশ্রয় ভিত্তিক কর্মশালা, প্রতিবন্ধী সনাক্তকরণ, তথ্য ও গবেষণা কেন্দ্র, মাত্রা ও পর্যায় পরিমাপের ক্লিনিক্যাল টেস্ট, শিক্ষক প্রশিক্ষণ ব্যবস্থা, পুনর্বাসন এবং প্রতিবন্ধীকতার কারণ ও এর প্রতিরোধের উপায় সম্বন্ধে শিক্ষা, প্রশিক্ষণ ও জ্ঞান দান করার জন্য পিতা-মাতা, শিক্ষক, সমাজকর্মী, বিশেষজ্ঞ ও অন্যান্য আগ্রহীদের নিয়ে প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা সভা, সম্মেলন ও কর্মশালা, স্বাস্থ্য সেবা, প্রচার ও প্রকাশনার ব্যবস্থা করা, থেরাপিউটিক সেবাদান, বিশেষ শিক্ষা কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত 'সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ' পরিচালনা করছে। এ সকল কার্যক্রমের আওতায় বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী সুইড বাংলাদেশ দেশব্যাপী করোনাকালীন সংকট সত্ত্বেও স্নায়ুবিকাশ সমস্যাগ্রস্থ প্রতিবন্ধীদের কল্যাণে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করে যাচ্ছে।

### ১১.১ শাখা শিক্ষা উন্নয়ন, অনুদান এবং ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম:

২৮ সেপ্টেম্বর ২০২০ বুধবার জাতীয় প্রতিবন্ধী ফোরাম ও জাতীয় প্রতিবন্ধী ক্রীড়া সমিতি আয়োজিত 'মুজিবর্ষ ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪ তম শুভ জন্মদিন' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সুইড বাংলাদেশকে দুইটি হুইল চেয়ার প্রদান করা হয়। 'পারমিতা-সুইড লালবাগ শাখার' সেরিব্রাল পালসি সমস্যাগ্রস্থ ছাত্র রবিন ও সাফুয়ানকে হুইল চেয়ার প্রদান করা হয়। সুইড বাংলাদেশের পক্ষ থেকে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আয়োজিত স্নায়ুবিকাশ সমস্যাগস্থ বিশেষ শিশুদের হতদরিদ্র পরিবারের মাঝে কোভিড-১৯ মহামারীর কারণে ত্রাণ বিতরণ কার্যক্রম পরিচালনা করেন সুইড বাংলাদেশের জাতীয় নির্বাহী কমিটির মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, যুগ্ম মহাসচিব জনাব মোঃ মাহবুবুল মুনির, অর্থ সচিব জনাব যোবায়দুর রহমান মিলন এবং সাংগঠনিক সচিব জনাব মোঃ শহীদুল ইসলাম। এপ্রিল ও মে-২০২০ করোনা ভাইরাস মহামারি পরিস্থিতিতে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময় অফিস কার্যক্রম বন্ধ থাকা অবস্থায় সূচনা ফাউন্ডেশন থেকে এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর মাধ্যমে প্রদত্ত ত্রাণ সামগ্রী সুইড বাংলাদেশের ঢাকাস্থ ৮টি শাখার ১৭৪ জন করে প্রতিবার মোট (১৭৪ X ৩) ৫২২ জন দরিদ্র শিক্ষার্থী ও শিক্ষা সহকারীর মধ্যে বিতরণ করা হয়েছে। মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার উদ্যোগে ঈদের সময় সুইড'র পক্ষ থেকে ৭টি শাখায় নগদ অর্থ ও উপহার সামগ্রী বিতরণ করা হয়: ১. মিরপুর ২. পলাশবাড়ী ৩. অষ্টমিরচর ৪. কটিয়াদী ৫. কাকিনা ৬. কিশোরগঞ্জ ৭. রামচন্দ্রপুর।

২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ আওয়ামী লীগ এর ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সাব-কমিটির সৌজন্যে সুইড বাংলাদেশের ঢাকাস্থ চারটি শাখার জন্য ফিজিওথেরাপী, অকুপেশনাল থেরাপী ও মিউজিক থেরাপী (সাংস্কৃতিক কার্যক্রম) বিভাগের জন্য সহায়ক যন্ত্র ও সরঞ্জাম পাওয়ার ব্যবস্থা করেন মহাসচিব ডা: অজন্তা রানী সাহা। এই বিশেষ শিক্ষা সামগ্রী প্রদানের ব্যবস্থা করার জন্য সুইড বাংলাদেশের পক্ষ থেকে বাংলাদেশ আওয়ামী লীগের সংশিষ্ট বিভাগকে ধন্যবাদ পত্র প্রদান করা হয়।

চলমান লকডাউনে আসন্ন ঈদকে সামনে রেখে ৫ মে ২০২১ মঙ্গলবার NDD Protection Trust ও সুইড বাংলাদেশ থেকে প্রাপ্ত ত্রাণ সামগ্রী ঢাকাস্থ ৮টি শাখায় ১৬৩টি ত্রাণ ও বস্ত্র বিতরণ করা হয়। সুইড ল্যাবরেটরী মডেল স্কুল, সুইড রমনা

শাখা ও সুইড প্রধান কার্যালয় ত্রাণ বিতরণ করেন আলহাজ্ব মির্জা আজম এমপি, জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, জনাব মাহমুদুল হক তাহের, জনাব ডাঃ অজন্তা রানী সাহা ও জনাব মোঃ মাহবুবুল মুনির। পারমিতা সুইড লালবাগ শাখার প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করেন সুইড বাংলাদেশের সম্মানিত মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহা, পারমিতা- সুইড লালবাগ শাখার সভাপতি এবং অর্থ সচিব মহোদয়। খিলগাঁও শাখায় ত্রাণ বিতরণ করেন অর্থ সচিব জনাব যোবায়দুর রহমান মিলন। গেন্ডারিয়া শাখায় ত্রাণ বিতরণ করেন নির্বাহী কমিটির সদস্য জনাব সালেহ মোহাম্মদ। মিরপুর শাখায় ত্রাণ বিতরণ করেন নির্বাহী কমিটির সদস্য জনাব রাশিদা বেগম। ধানমন্ডি শাখায় ত্রাণ বিতরণ করেন সাংগঠনিক সচিব জনাব মোঃ শহীদুল ইসলাম।

৮ মে ২০২১ শনিবার ত্রয়োদশ বিসিএস ফোরামের উদ্যোগে ও জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় সুইড বাংলাদেশ প্রধান কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত ৩০০ জন স্নায়ুবিকাশ প্রতিবন্ধী জনগোষ্ঠীর মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডাঃ অজন্তা রানী সাহা, মহাসচিব, সুইড বাংলাদেশ। অনুষ্ঠানে ত্রয়োদশ বিসিএস ফোরামের নেতৃবৃন্দ ছাড়াও ঢাকা জেলার মাননীয় জেলা প্রশাসক জনাব মোঃ শহীদুল ইসলাম, সুইড বাংলাদেশের ১ম সহ-সভাপতি জনাব মাহমুদুল হক তাহের ও অর্থ সচিব জনাব যোবায়েদুর রহমান মিলন উপস্থিত ছিলেন।

## ১১.২ মুজিব বর্ষে করোনাকালীন সুইড বাংলাদেশের শাখা পরিদর্শন ও মতবিনিময় সভা:

১৫-১৬, ২২-২৩ ও ২৯-৩০ অক্টোবর ২০২০ 'সুইড বাংলাদেশ' এর মহাসচিব ডাঃ অজন্তা রানী সাহার নেতৃত্বে সুইড বাংলাদেশের প্রতিনিধিদল যথাক্রমে সুইড ফরিদপুর শাখা, সুইড টুঙ্গীপাড়া শাখা, গোপালগঞ্জ শাখা, কটিয়াদি শাখা, উত্তর বাজিতপুর কিশোরগঞ্জে অবস্থিত মৃত্তিকা প্রতিবন্ধী শিশু পাঠশালা ও পুনর্বাসন কেন্দ্র শাখা পরিদর্শন করেন। ভৈরব বাঁশগাড়িতে অবস্থিত জেড রহমান প্রিমিয়ার ব্যাংক স্কুল এন্ড কলেজ' পরিদর্শন কালে নতুন শাখা খোলা সংক্রান্ত সম্ভাব্যতা যাচাই করেন। সুইড বাংলাদেশের নতুন শাখা 'হোকডাঙ্গা বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়' উদ্বোধন করেন। ফরিদপুর, টুঙ্গীপাড়া, পাবনা, রাজশাহী, বগুড়া, জামালপুর, ভালুকা, মধুপুর, আউশনারা, কুড়িগ্রাম, নাটোর, লালমনিরহাট, নওগাঁ, বদলগাছি শাখার স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য সেবা প্রদান করেন মহাসচিবের নেতৃত্বে ডাঃ তানজীরুল ও ডাঃ লাবনী, শিশু রোগ বিশেষজ্ঞ।

## ১১.৩ শাখা সমূহের বার্ষিক সাধারণ সভায় কেন্দ্রীয় কমিটির অংশগ্রহণ:

ধানমন্ডি শাখার বার্ষিক সাধারণ সভায় সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ্ আলম, মহাসচিব ডাঃ অজান্তা রানী সাহা এবং সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রিন্সিপ্যাল সোনিয়া রহমান ও সুইড বাংলাদেশের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ যোগদান করেন।

লালবাগ শাখার বার্ষিক সাধারণ সভায় সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সহ-সভাপতি মাহমুদুল হক তাহের, মহাসচিব ডাঃ অজান্তা রানী সাহা উপস্থিত ছিলেন।

ফেনী শাখার বার্ষিক সাধারণ সভায় সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ১ম সহ-সভাপতি মাহমুদুল হক তাহের, সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ্ আলম, মহাসচিব ডাঃ অজান্তা রানী সাহা উপস্থিত ছিলেন।

জামালপুর শাখার বার্ষিক সাধারণ সভায় সুইড বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রিন্সিপ্যাল সোনিয়া রহমান উপস্থিত ছিলেন।

মুরাদনগর শাখার বার্ষিক সাধারণ সভায় সুইড বাংলাদেশের সভাপতি জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ শাহ্ আলম, মহাসচিব ডাঃ অজান্তা রানী সাহা উপস্থিত ছিলেন।

# ১২. উপসংহার

**প্রিয় সহকর্মী বন্ধুগণ,**

এতক্ষণ ধৈর্য সহকারে জাতীয় নির্বাহী কমিটির (এনইসি) কার্যক্রম ভিত্তিক বার্ষিক প্রতিবেদন (জুলাই ২০২০- মে ২০২১) শুনেছেন। করোনাকালীন এই কার্যক্রমের সকল সফলতা জাতীয় কাউন্সিলরদের সহযোগিতায় বিদায়ী কমিটির সকল সদস্যের অবদান, আর যত ব্যর্থতা রয়েছে তা আমি মহাসচিব হিসাবে মাথা পেতে নিচ্ছি। স্নায়ুবিকাশ প্রতিবন্ধী শিক্ষার্থী বা ব্যক্তিবর্গের জীবন মান উন্নয়ন, অভিভাবকদের প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি, সামাজিক সচেতনতা সৃষ্টি, সরকার ও বেসরকারী প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণের লক্ষ্যে এই সুইড বাংলাদেশ সেবাব্রতি পুণ্যতীর্থের সম্মিলিত প্রচেষ্টা ও কার্যক্রম অব্যাহত থাকবে ও সামনের দিকে এগিয়ে যাবে।

**প্রিয় ভাই ও বোনেরা,**

স্নায়ুবিকাশ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কল্পে সুইড বাংলাদেশ দীর্ঘ ৪৫ বছর যাবৎ কাজ করে সরকারের তথা দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রেখে চলেছে। আমি নিজে এই কাজের সাথে সম্পৃক্ত থাকতে পেরে নিজেকে গর্বিত বোধ করছি।

প্রতিবন্ধী বান্ধব সরকার প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে এই কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

করোনা অতিমারী চলাকালীন সময়েও আমরা স্বাস্থ্যবিধি মেনে সারা দেশব্যাপী স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের জীবন মান উন্নয়ন তথা পুনর্বাসনের কাজ এবং 'মুজিব শতবর্ষ' ও 'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী' সফলতার সাথে পালন করেছি। আজ আমাদের এই বার্ষিক সাধারণ সভা থেকে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে করোনার প্রাদুর্ভাব হ্রাস পাওয়ার সাথে সাথে সারা দেশব্যাপী প্রতিষ্ঠিত বিশেষ বিদ্যালয়সমূহের কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে স্নায়ুবিকাশ প্রতিবন্ধীদের বিশেষ শিক্ষা, প্রশিক্ষণ, ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম, প্রাপ্ত বয়স্কদের বৃত্তিমূলক কাজ ও উৎপাদনমুখী কাজের প্রশিক্ষণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে সকল বিদ্যালয়গুলোকে এমপিওভুক্ত করার জোর দাবী জানাচ্ছি।

সুইড বাংলাদেশের সেবাব্রতি পুণ্যতীর্থের ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে ও ভার্চুয়ালী অংশগ্রহণ করে এই সভাকে সাফল্যমণ্ডিত করায় আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। বাংলা নববর্ষের শুভেচ্ছা ও ঈদ মোবারক জানিয়ে, সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয় হোক সুইড বাংলাদেশের।

ধন্যবাদান্তে -



(ডাঃ অজন্তা রানী সাহা)
মহাসচিব
সুইড বাংলাদেশ

# ১৩ আর্থিক প্রতিবেদন ও অর্থ সচিবের বক্তব্য

## আর্থিক প্রতিবেদন-২০২০, সংশোধিত বাজেট, ২০২১ এবং প্রস্তাবিত বাজেট, ২০২২

সম্মানিত সভাপতি
ও
প্রিয় কাউন্সিলরবৃন্দ
আসসালামু আলাইকুম

আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও শ্রদ্ধা জানিয়ে বার্ষিক আর্থিক প্রতিবেদন পেশ করছি।

এ কথা আমরা সকলেই জানি যে, সুইড বাংলাদেশের কার্যক্রমের পরিধি ব্যাপকভাবে সম্প্রসারিত ও বিস্তৃত হয়েছে। অনেক বিস্তৃত ও আন্তর্জাতিকভাবে সুখ্যাতি সম্পন্ন জাতীয় ভিত্তিক এই প্রতিষ্ঠান সত্যিকার অর্থেই একটি জনকল্যাণমূলক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে সর্বমহলে সুপরিচিত।

শত সীমাবদ্ধতার পরও সমিতির বর্তমান সীমিত আয় দিয়ে এবং পরিকল্পিত কার্যক্রম বাস্তবায়নের জন্য যে ব্যয় করা হয়েছে তার বিস্তারিত বিবরণ ও মহাসচিবের বর্ণিত বিবরণ এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রণীত বাজেট ইত্যাদির সমন্বয়ে আর্থিক প্রতিবেদন-২০২০ ও সংশোধিত বাজেট- ২০২১ এবং প্রস্তাবিত বাজেট- ২০২২ আপনাদের সদয় বিবেচনার জন্য উপস্থাপন করছি।

### ক. সমিতির বর্তমান আর্থিক অবস্থাঃ

সমিতির বর্তমান নিজস্ব অর্থের উৎস বলতে সদস্য চাঁদা, ব্যাংক ইন্টারেস্ট, ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক অনুদান ও ভাড়া ইত্যাদি। প্রধান কার্যালয়ের বিভিন্ন অংশের ভাড়া, এসেসমেন্ট ফি এবং শাখা পর্যায়ে স্থানীয় অনুদান ও কিছু কিছু উৎস থেকে সংগৃহীত অর্থ দিয়ে নিয়মিত কার্যক্রমের ব্যয় নির্বাহ করতে হয়।

### খ. ২০২০ সালের নিরীক্ষিত হিসাবঃ

২০২০ সালে বছর শুরুতে ব্যাংক ও ক্যাশে ছিল ৮,৭৪,৩৯২/- (আট লক্ষ চুহাত্তর হাজার তিনশত বিরানব্বই) টাকা এবং প্রধান কার্যালয় মোট আয় ১.৫৩,৯৮,০৭৫/- (এক কোটি তিপান্ন লক্ষ আটানব্বই হাজার পচাত্তর) টাকা।

২০২০ সালে মোট ব্যয় ১,৫৪,৪৮,৯৪১/- (এক কোটি চুয়ান্ন লক্ষ আটচল্লিশ হাজার নয় শত একচল্লিশ) টাকা। প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ব্যয় ২৭,৩৪,০৭৮/- (সাতাশ লক্ষ চৌত্রিশ হাজার আটাত্তর) টাকা, কার্মকাণ্ড পরিচালনা এবং কার্যক্রম ও কর্মসূচী বাস্তবায়ন খাতে ব্যয় ১,২৭,১৪,৮৬৩/(এক কোটি সাতাশ লক্ষ চৌদ্দ হাজার আট শত তিষট্টি) টাকা এবং ক্যাশ ও ব্যাংকে জমা আছে ৮,২৩,৫২৬/- (আট লক্ষ তেইশ হাজার পাঁচ শত ছাব্বিশ) টাকা। ২০২০ সালের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষণ করেছেন মেসার্স কাজী জহির খান এন্ড কোং। বিগত ১১/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রধান কার্যালয় ও শাখা সমূহের হিসাব নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য মেসার্স কাজী জহির খান এন্ড কোং-কে দায়িত্ব দেয়া হয়। প্রধান কার্যালয়সহ মোট ৩৭ টি শাখার আর্থিক হিসাব ব্যবস্থাপনার কার্যক্রম কেন্দ্রীয় ব্যবস্থাধীনে মেসার্স কাজী জহির খান এন্ড কোং দ্বারা পরিচালিত হয়েছে। শাখাগুলি হলো ঃ

১। প্রধান কার্যালয়
২। চট্টগ্রাম শাখা
৩। রাজশাহী শাখা
৪। ধানমন্ডি শাখা
৫। খুলনা শাখা
৬। নারায়ণগঞ্জ শাখা
৭। ফরিদপুর শাখা
৮। রংপুর শাখা

৯। জামালপুর শাখা
১০। টাংগাইল শাখা
১১। বরিশাল শাখা
১২। পূবাইল শাখা
১৩। চাঁদপুর শাখা
১৪। যশোর শাখা
১৫। গাইবান্ধা শাখা
১৬। ভরতখালী শাখা
১৭। বি.বাড়িয়া শাখা
১৭। সনি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়
১৯। মধুপুর শাখা
২০। সাতক্ষীরা শাখা
২১। সরিষাবাড়ী শাখা
২২। খিলগাঁও শাখা
২৩। মানিকগঞ্জ শাখা
২৪। উইলস লিটল ফ্লাওয়ার শাখা
২৫। বগুড়া শাখা
২৬। ঝালকাঠি শাখা
২৭। মঠবাড়িয়া শাখা
২৮। দক্ষিণ মৌভাষা শাখা
২৯। ভান্ডারিয়া শাখা
৩০। বকশীগঞ্জ শাখা
৩১। শ্রীবরদী শেরপুর শাখা
৩২। দলদলিয়া, কুড়িগ্রাম শাখা
৩৩। টেপামধুপুর, রংপুর শাখা
৩৪। মেহেরপুর শাখা
৩৫। দক্ষিণ মৌভাষা শাখা
৩৬। বাগজানা শাখা
৩৭। রমনা শাখা

## গ. ২০২১ সালের সংশোধিত বাজেট:

এবার ২০২১ সালের সংশোধিত বাজেট উপস্থাপন করছি। ২০২১ সালের সংশোধিত বাজেটে প্রস্তাবিত আয় ১৩,১০,৩৫,০০০/- (তের কোটি দশ লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা। সরকার থেকে ৪৯০টি শাখা/স্কুলের বেতন-ভাতা ১১,৮৫,৮০,০০০/- (এগার কোটি পচাশি লক্ষ আশি) টাকা পাওয়ার সাপেক্ষে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা, সুইডের নিজস্ব আয় ৮৫,০০,০০০/- (পচাশি লক্ষ) টাকা। সেই প্রত্যাশায় সুইড বাংলাদেশের বাজেটে আমরা এ টাকা প্রাপ্তির প্রত্যাশা করে বাজেটে তা অন্তর্ভুক্ত করেছি।

২০২১ সালের সংশোধিত বাজেটে প্রস্তাবিত ব্যয় ধরা হয়েছে ১৩,১০,৩৫,০০০/- (তের কোটি দশ লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা। সরকার থেকে ৪৯০টি শাখা/স্কুলের বেতন-ভাতা ১১,৮৫,৮০,০০০/- (এগার কোটি পচাশি লক্ষ আশি) টাকা পাওয়ার সাপেক্ষে ব্যয় হবে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর প্রশিক্ষণ ব্যয় ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা ও অন্যান্য খরচ বাবদ ধরা হয়েছে ১,০৪,৫৫,০০০/- (এক কোটি চার লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা।

## ঘ. ২০২২ সালের প্রস্তাবিত বাজেট:

এখন ২০২২ সালের প্রস্তাবিত বাজেট উপস্থাপন করছি। ২০২২ সালের প্রস্তাবিত বাজেটে প্রস্তাবিত আয় ১৪,৪৪,৫০,০০০/- (চৌদ্দ কোটি চুয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। সরকার থেকে ৪৯০টি শাখা/স্কুলের বেতন-ভাতা ১৩,০৫,০০,০০০/- (তের কোটি পাঁচ লক্ষ) টাকা পাওয়ার সাপেক্ষে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা, সমিতির নিজস্ব আয় ৮৮,০০,০০০/- (আটাশি লক্ষ) টাকা।

২০২২ সালের প্রস্তাবিত বাজেটে ব্যয় ধরা হয়েছে ১৪,৪৪,৫০,০০০/- (চৌদ্দ কোটি চুয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। সরকার থেকে ৪৯০টি শাখা/স্কুলের বেতন-ভাতা ১৩,০৫,০০,০০০/- (তের কোটি পাঁচ লক্ষ) টাকা পাওয়ার সাপেক্ষে ব্যয় হবে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর প্রশিক্ষণ বাবদ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ও অন্যান্য খরচ বাবদ ধরা হয়েছে ১,১৪,৫০,০০০/- (এক কোটি চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

**প্রিয় সহকর্মী বন্ধুগণ,**

সুইড বাংলাদেশ এর ৪ ইস্কাটন গার্ডেনস্থ ভূমির উন্নয়ন ও ভবন নির্মাণ, শাখাসমূহের ভৌত অবকাঠামো নির্মাণ, শাখাসমূহের স্কুল পরিচালনার ব্যয়, শাখা কার্যক্রম মনিটরিং, সার্ভিস প্রদান, শিক্ষক প্রশিক্ষণ, বাংলাদেশের বাকি অঞ্চল ও স্থানে নতুন শাখা খোলা, বুদ্ধি প্রতিবন্ধকতা বিষয়ে গণসচেতনতামূলক কার্যক্রম, বুদ্ধি প্রতিবন্ধীদের কল্যাণে জাতীয় ভিত্তিক কর্মশালা ও অন্যান্য কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে সুইড এর আংশিক ব্যয় নির্বাহ প্রভৃতি খাতে ব্যয়ের জন্য অনেক টাকার প্রয়োজন। আমরা সম্মিলিতভাবে চেষ্টা করলে সরকারী-বেসরকারী দেশী/বিদেশী ব্যক্তি ও প্রতিষ্ঠান এগিয়ে এলে সকলের সহযোগিতায় সুইড বাংলাদেশ এর কার্যক্রমকে আরও গতিশীল করতে সমর্থবান হতে পারবো ইনশাল্লাহ্।

পরিশেষে আমি আপনাদের বিনীত অনুরোধ করছি আলোচনায় অংশগ্রহণ করতে এবং আলোচনা শেষে ২০২০ সালের নিরীক্ষিত আয় ব্যয়ের হিসাব বিবেচনার মাধ্যমে অনুমোদন দিতে। এছাড়া ২০২১ সালের সংশোধিত বাজেট এবং ২০২২ সালের প্রস্তাবিত বাজেটেরও অনুমোদনের জন্য অনুরোধ জানাচ্ছি। ধৈর্য্য ধরে আমার বক্তব্য শোনার জন্য আমি আপনাদের কাজে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আপনাদের সকলকে শুভেচ্ছা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। বাংলাদেশ চিরজীবি হউক, খোদা হাফেজ।

Jobaidur Rahman

**যোবায়েদুর রহমান মিলন**
অর্থ সচিব
সুইড বাংলাদেশ

# ১৪ বার্ষিক কর্ম-পরিকল্পনা-২০২১

২০২০ সালের মার্চ মাস থেকে বাংলাদেশে নভেল করোনা ভাইরাস শুরু হয়, করোনা মহামারি ও দুর্যোগ ব্যবস্থাপনা ও মোকাবেলায় সরকার লকডাউন ঘোষণা করে। ডিসেম্বরের শুরুতে পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলেও ২০২১ সালের জানুয়ারী মাস থেকে COVID-19 (Corona Virus International Disaster) এর প্রভাবে বিদ্যামান অবস্থায় সব কার্যক্রমের পরিকল্পনা নেয়া হলেও কতটা বাস্তবায়ন করা যাবে সে বিষয়ে সন্দিহান থেকেই কর্ম পরিকল্পনা বরাবরের মতো করা হলো। তবে সবকিছুই নির্ভর করবে বিদ্যমান ও বিরাজমান পরিবেশ পরিস্থিতি ও পরিপ্রেক্ষিতের উপর।

## ১। জাতীয় কার্যক্রম:

| কর্মসূচী | সময়সূচী | বিবরণ | সম্ভাব্য আয় | ব্যয়ের বিভাজনসহ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১. আঞ্চলিক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | ৮ টি অঞ্চলে আঞ্চলিক প্রতিযোগিতার আয়োজন করা হবে, যথা-<br>নভেম্বর ঃ খুলনা বিভাগ;<br>নভেম্বর ঃ সিলেট বিভাগ;<br>নভেম্বর ঃ চট্টগ্রাম বিভাগ;<br>নভেম্বর ঃ রাজশাহী বিভাগ;<br>ডিসেম্বর ঃ রংপুর বিভাগ;<br>ডিসেম্বর ঃ বরিশাল বিভাগ;<br>ডিসেম্বর ঃ ময়মনসিংহ বিভাগ;<br>ডিসেম্বর ঃ ঢাকা বিভাগ। | উল্লিখিত বিভাগসমূহের অধীন শাখাসমূহের ছাত্র/ছাত্রীগণ আঞ্চলিক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। | দাতা সংগঠন, প্রতিষ্ঠান ও উৎসাহী ব্যক্তিদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে এবং কেন্দ্রীয় কার্যালয়ের নিজস্ব তহবিল থেকে ৫০% ও সংশ্লিষ্ট আয়োজক শাখা কর্তৃক স্থানীয়ভাবে সংগ্রহ করে ৫০% অর্থ আয় করে কর্মসূচীর ব্যয় নির্বাহ করা হবে। | প্রতিটি ৪,০০,০০০ X ৮ টি প্রতিযোগিতা | ৩২,০০,০০০ |
| ২. জাতীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | ডিসেম্বর ঃ জাতীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা | জাতীয় বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় আঞ্চলিক প্রতিযোগিতায় বিজয়ীগণ অংশগ্রহণ করবে। | সরকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন দাতা সংগঠন ও প্রতিষ্ঠানসহ উৎসাহী ব্যক্তিদের কাছ থেকে সংগ্রহীত অর্থ ও নিজস্ব আয় থেকে ব্যয় নির্বাহ করা হবে। | মোট ১২,০০,০০০ | ১২,০০,০০০ |
| ৩. প্রশিক্ষণ ও টুর্ণামেন্ট আয়োজন (ব্যাডমিন্টন, বোচি, টেবিল টেনিস, ফুটবল) | সেপ্টেম্বর ঃ ব্যাডমিন্টন প্রশিক্ষণ/টুর্ণামেন্ট আয়োজন<br>সেপ্টেম্বর ঃ বোচি প্রশিক্ষণ/টুর্ণামেন্ট আয়োজন<br>অক্টোবর ঃ টেবিল টেনিস প্রশিক্ষণ/টুর্ণামেন্ট আয়োজন<br>নভেম্বর ঃ ফুটবল প্রশিক্ষণ<br>ডিসেম্বর ঃ ফুটবল টুর্নামেন্ট। | ঢাকার প্রতিযোগী ও ঢাকার বাইরের প্রতিযোগীদের নিয়ে আয়োজন করা | জনকল্যাণমূলক সংগঠন, সরকারী প্রতিষ্ঠান,জাতীয় ক্রীড়া পরিষদ ক্রীড়া পরিদপ্তর সংশ্লিষ্ট ফেডারেশন দাতা ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং নিজস্ব আয় থেকে ব্যয় নির্বাহ করা হবে। | প্রতিটি টুর্নামেন্ট ও প্রশিক্ষণ বাবদ ব্যয় ১,০০,০০০ টাকা X ৫টি | ৫,০০,০০০<br>অর্থ প্রাপ্তি সাপেক্ষে |

| কর্মসূচী | সময়সূচী | বিবরণ | সম্ভাব্য আয় | ব্যয়ের বিভাজনসহ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|---|
| ৪. জনসচেতনতার জন্য আঞ্চলিক সেমিনার আয়োজন | সেপ্টেম্বর ঃ চট্টগ্রাম<br>অক্টোবর ঃ ঢাকা<br>নভেম্বর ঃ রাজশাহী<br>নভেম্বর ঃ খুলনা<br>নভেম্বর ঃ সিলেট<br>ডিসেম্বর ঃ বরিশাল<br>ডিসেম্বর ঃ ময়মনসিংহ<br>ডিসেম্বর ঃ রংপুর | বিষয়ঃ প্রতিবন্ধী অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএবিলিটি ট্রাস্ট আইন-২০১৩ শীর্ষক সেমিনার আয়োজন করা | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, দেশী/বিদেশী বেসরকারী সংগঠন ও সংস্থা, সরকারী অর্থ ও নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে। | প্রতিটি সেমিনারের ব্যয় ৫০,০০০X৮টি | ৪,০০,০০০<br>অর্থ প্রাপ্তি সাপেক্ষে |

| কর্মসূচী | সময়সূচী | বিবরণ | সম্ভাব্য আয় | ব্যয়ের বিভাজনসহ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|---|
| ৫. সাংগঠনিক সভা: | দুই মাস অন্তর অন্তর জাতীয় নির্বাহী কমিটি,<br>ম্যানেজমেন্ট কমিটি, বিভিন্ন উপ-কমিটি<br>উপদেষ্টা কমিটি<br>জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা<br>বিভিন্ন শাখা পরিদর্শন, পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন নিয়মিত কার্যক্রম- | আপ্যায়ন : দুই মাস অন্তর জাতীয় নির্বাহী কমিটি সভা অনুষ্ঠিত হবে। বিভিন্ন কমিটির সভা<br>বছরে ২ বার উপদেষ্টা কমিটির সভা<br>বছরে ১ বার<br>২ বার শাখা পরিদর্শন | সংগঠনের নিজস্ব অর্থায়নে: সম্ভাব্য ক্ষেত্রে শুভাকাঙ্ক্ষীদের আর্থিক সহায়তা | | ৫০,০০০<br>১৫,০০০<br>১৫,০০০<br>৪,০০,০০০<br>৩,০০,০০০ |
| ৬. উপকরণ ক্রয় | ২০২১ সালের বিভিন্ন সময়ে ক্রয় করা হবে। | কার্যক্রম সুষ্ঠু ও মানসম্মতভাবে পরিচালনার জন্য বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ উপকরণ ক্রয় করা প্রয়োজন | দাতা সংগঠন ও প্রতিষ্ঠান ব্যবসায়ী ও বিত্তশালী দানশীল ব্যক্তির অনুদান, বিদেশী দূতাবাস ও সেবামূলক সংস্থার অনুদান। | ২ টি ল্যাপটপ, ৩টি ডেস্কটপ কম্পিউটার সহ মাল্টিমিডিয়া প্রজেক্টর। | ৫,০০,০০০ |
| ৭. বিভিন্ন দিবস ও বাৎসরিক অনুষ্ঠান আয়োজন | ➢ ২ জানুয়ারী- জাতীয় সমাজসেবা দিবস;<br>➢ ২৮ জানুয়ারী-বার্ষিক মিলাদ মাহফিল;<br>➢ ১৬ ফেব্রুয়ারী-সরস্বতী পূজা;<br>➢ ২১ ফেব্রুয়ারী- শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;<br>➢ ১৭ মার্চ- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিন ও জাতীয় শিশু দিবস।<br>➢ ২১ মার্চ ডাউন্স সিনড্রোম দিবস<br>➢ ২৬ মার্চ- স্বাধীনতা দিবস;<br>➢ ২রা এপ্রিল- বিশ্ব অটিজম সচেতনতা দিবস<br>➢ ১৪ এপ্রিল- বাংলা নববর্ষ;<br>➢ ১৭ এপ্রিল- মজিবনগর দিবস<br>➢ ১ মে মহান মে দিবস শ্রমিক সংহতি দিবস,<br>➢ ৮ মে- রবিন্দ্র জন্ম জয়ন্তী<br>➢ ২৫ মে- নজরুল জন্ম জয়ন্তী<br>➢ ৬ আগস্ট বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের মহাপ্রয়াণ দিবস পালন | অন্য সংগঠন আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ অথবা সুইড বাংলাদেশ কর্তৃক অনুষ্ঠান আয়োজন করা | স্পন্সর, সিএসআর এর প্রতি দায়িত্বশীল ব্যবসায়ী প্রতিষ্ঠান, বিত্তশীল ব্যক্তি, সংগঠন, সেবামূলক সংগঠন ও নিজস্ব আয় থেকে ব্যয় নির্বাহ করা হবে। | প্রতিটি দিবসের কার্যক্রমে ১৯ দিবসের জন্য মোট = ৩,২০,০০০ টাকা ব্যয় হবে | ২৫,০০০<br>১০,০০০<br>২০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>৩০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>৫,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>১০,০০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ➢ ১৫ আগস্ট-জাতীয় শোক দিবস;<br>➢ ২৯ আগস্ট জাতীয় কবি কাজী নজরুল ইসলামের মহাপ্রয়াণ দিবস;<br>➢ ৩ অক্টোবর- শিশু অধিকার সপ্তাহ;<br>➢ ১৫ অক্টোবর- বিশ্ব সাদাছড়ি নিরাপত্তা দিবস<br>➢ ২১ নভেম্বর পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী<br>➢ ৩ ডিসেম্বর- আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস;<br>➢ ৯ ডিসেম্বর- বেগম রোকেয়া দিবস;<br>➢ ১০ ডিসেম্বর- মানবাধিকার দিবস;<br>➢ ১৬ ডিসেম্বর- বিজয় দিবস;<br>➢ ২২-২৫ ডিসেম্বর- ৪র্থ সুইড স্কাউট সমাবেশ<br>➢ ২৪ ডিসেম্বর- সুইডের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী সুইড দিবস | | | | ১০,০০০<br>১০,০০০<br>২০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>১০,০০০<br>৫,০০০<br>২০,০০০<br>২,০০,০০০<br>৩০,০০০ |
| ৮. জাগরণী প্রকাশ | ➢ সেপ্টেম্বর ও ডিসেম্বর ২০২১ সংখ্যা | প্রতিবন্ধিতা সম্পর্কিত তথ্য নির্ভর প্রকাশনা | স্পন্সর বিজ্ঞাপন ব্যবসায়ী প্রতিষ্ঠান ও ব্যক্তির দান এবং জাগরণীমূল্য | ২ সংখ্যা x ৫০,০০০<br>অথবা ১টি স্মারণিকা ১০০০ কপি | ১,০০,০০০ |
| ৯. শাখা পরিদর্শন ও গণসংযোগ | ২০২১ | গণসংযোগ, প্রতিবন্ধী শিশুর তালিকা তৈরী, এসেসমেন্ট, শিক্ষক-কর্মী-অভিভাবক প্রশিক্ষণ, বিশেষ স্কুল কার্যক্রম শুরু | উন্নয়ন সহযোগী, জনকল্যাণমূলক ও সেবা সংগঠন, স্থানীয়ভাবে সংগৃহীত অর্থ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সহায়তা ও নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে। | সাংগঠনিক ব্যয় | ২,৫০,০০০ |
| | | | | **মোট =** | **৭৪,৪৫,০০০** |

## ২। ন্যাশনাল ইনস্টিটিউট ফর দ্য ইন্টেলেকচুয়ালি ডিসএবল্ড অ্যান্ড অটিস্টিক (এনআইআইডিএ)-এর কার্যক্রম:

| কর্মসূচী | সময়সূচী | বিবরণ | সম্ভাব্য আয় | ব্যয়ের বিভাজনসহ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১. এসেসমেন্ট কার্যক্রম | চলমান | এনআইআইডিএ'র ক্লিনিক্যাল টীমের মাধ্যমে সাইকোলজিক্যাল, ফিজিক্যাল ও স্পিচ এসেসমেন্ট করা; সম্ভাব্য ক্লায়েন্টের সংখ্যা ৩৫০ জন। প্রতি ক্লায়েন্টের নিকট থেকে ৩০০ টাকা হারে ফি গ্রহণ করা হয়। | ১,০৫,০০০ | উপকরণ ব্যয় | ১,০০,০০০ |
| ২. ফিজিওথেরাপি প্রদান কার্যক্রম | চলমান | বিদ্যালয়সমূহ থেকে আগত ছাত্র-ছাত্রীদের প্রতিদিন ফিজিওথেরাপি প্রদান করা। | | | |
| ৩. স্পিচথেরাপি প্রদান কার্যক্রম | চলমান | বিদ্যালয়সমূহ থেকে আগত ছাত্র-ছাত্রীদের প্রয়োজন অনুযায়ী স্পিচ থেরাপি প্রদান করা। | | | |
| ৪. অকুপেশনাল থেরাপি কার্যক্রম | চলমান | বিদ্যালয়সমূহ থেকে আগত ছাত্র-ছাত্রীদের প্রয়োজন অনুযায়ী অকুপেশনাল থেরাপি প্রদান করা। | | | |
| ৫.বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরেব্রাল পলসি ও অটিজম বিষয়ে মৌলিক শিক্ষক প্রশিক্ষণ | প্রতি বছর কমপক্ষে ৩ টি প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে, আবশ্যক বোধে বিভিন্ন অঞ্চলে শাখা ভিত্তিক শিক্ষকদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন। | বিশেষ শিক্ষা বিদ্যালয়ের শিক্ষকদের ৫দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা। | প্রতিষ্ঠানের শিক্ষকদের নিকট থেকে জন প্রতি ৫০০/- টাকা, এবং বহিরাগত প্রশিক্ষণার্থীদের কাছ থেকে ২,০০০/- টাকা কোর্স ফি নেয়া হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে | ০ |
| ৬. বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরেব্রাল পলসি ও অটিজম বিষয়ে অভিভাবক প্রশিক্ষণ | কেন্দ্রীয় দপ্তরে বছর ৩টি প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে | বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরেব্রাল পলসি ও অটিজম বিষয়ের সমন্বয়ে ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা। প্রতি প্রশিক্ষণে গড়ে ২০ জন অভিভাবক অংশগ্রহণ করবেন। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে | ০ |
| ৭. বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরেব্রাল পলসি ও অটিজম বিষয়ে অভিভাবক প্রশিক্ষণ | ঢাকা মহানগরের ৫টি শাখায় প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে | বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরিবাল পলসি ও অটিজম বিষয়ের সমন্বয়ে ৫দিন ব্যাপী প্রশিক্ষন আয়োজন করা। প্রতি প্রশিক্ষণে গড়ে ২০ জন অভিভাবক অংশগ্রহণ করবেন। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. স্পিচ থেরাপি বিষয়ে শিক্ষক ও অভিভাবক প্রশিক্ষণ | কেন্দ্রীয় দপ্তরে বছরে ৩টি প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে | স্পিচ থেরাপি বিষয়ে ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা। প্রতি প্রশিক্ষণে গড়ে ২০ জন অংশগ্রহণ করবেন। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে |
| ৯. ফিজিওথেরাপি বিষয়ে শিক্ষক ও অভিভাবক প্রশিক্ষণ | কেন্দ্রীয় দপ্তরে বছরে ৪ টি প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে | ফিজিওথেরাপি বিষয়ে ৫দিন ব্যাপি প্রশিক্ষণ আয়োজন করা। প্রতি প্রশিক্ষণে গড়ে ২০ জন অংশগ্রহণ করবেন। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে |
| ১০. অকুপেশনাল থেরাপি বিষয়ে শিক্ষক ও অভিভাবক প্রশিক্ষণ | কেন্দ্রীয় দপ্তরে বছর ৪ টি প্রশিক্ষণ কোর্স পরবর্তীতে নির্ধারিত সময়ে আয়োজন করা হবে | অকুপেশনাল থেরাপি বিষয়ে ৫দিন ব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা। প্রতি প্রশিক্ষণে গড়ে ২০ জন অংশগ্রহণ করবেন। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে |
| ১১. কলেজ/ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণদান | চলমান | নিয়মিতভাবে বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ফিল্ডওয়ার্ক/ গবেষণা/প্রশিক্ষণ গ্রহণের জন্য এসে থাকেন, সেমতে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।<br>বিভিন্ন মেয়াদে এ কার্যক্রম পরিচালনা করা হয়।<br>সম্ভাব্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৮০ জন।<br>প্রত্যেক প্রশিক্ষণার্থীর নিকট থেকে ৫০০/- টাকা হারে ফি গ্রহণ করা হবে। | প্রত্যেক প্রশিক্ষণার্থীর কাছ থেকে ৫০০/- টাকা হারে কোর্স ফি গ্রহণ করা হবে। | প্রশিক্ষণার্থীদের কাছ থেকে কোর্স ফি হিসেবে প্রাপ্ত আয় থেকে ব্যয় করা হবে |
